


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৭০ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 7 June, 2024 ■ আগরতলা ৭ জুন ২০২৪ ইং ■ ২৪ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ, শুক্রবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা




## ৯ জুন তৃতীয়বারের জন্য প্রধানমন্ত্রী হিসাবে শপথ নেবেন নরেন্দ্র মোদী



*নয়াদিল্লি, ৬ মে (হি.স.) ।। শনিবার, ৮ তারিখ নয়, আগামী ৯ জুন (রবিবার) তৃতীয়বারের জন্য দেশের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেবেন নরেন্দ্র মোদী। রবিবার সন্ধ্যা ৬টা নাগাদ দেশের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেবেন মোদী। তবে, সরকারিভাবে এখনও জানানো হয়নি। এবারের লোকসভা নির্বাচনে একক সংখ্যাগরিষ্ঠতা অর্জন করতে পারেনি বিজেপি। এনডিএ শরিকদের সঙ্গেই সরকার গঠন করতে হবে বিজেপিকে।*

*বিজেপি অষ্টাদশ লোকসভা নির্বাচনে ২৪০টি আসনে জিতেছে, কংগ্রেস জিতেছে ৯৯টি আসনে, সমাজবাদী পার্টি জিতেছে ৩৭টি আসনে, তৃণমূল কংগ্রেস জিতেছে ২৯টি আসনে, জেডিইউ জিতেছে ১২টি আসনে। এনডিএ-র ঝুলিতে রয়েছে ২৯৪টি আসন। আগামী রবিবার মোদীর শপথগ্রহণ অনুষ্ঠানে বিশ্বের বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধানরা উপস্থিত থাকতে পারেন।*

### পঞ্চায়েত নির্বাচন

## খসড়া ভোটার তালিকা প্রকাশ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ জুন ।।** পঞ্চায়েত নির্বাচনের জন্য ৩৫টি ব্লকের খসড়া ভোটার তালিকা আজ প্রকাশিত হয়েছে। খসড়া ভোটার তালিকায় ৩৫টি ব্লকে মোট ভোটার রয়েছেন ১২,৯৫,০৮৬ জন। রাজ্য নির্বাচন দপ্তর থেকে এক প্রেস রিলিজে আজ এই তথ্য জানানো হয়েছে। খসড়া তালিকায় মহিলা ভোটার রয়েছেন ৬,৩৬,০৬২ জন, পুরুষ ভোটার রয়েছেন ৬,৫৯,০১৩ জন ও অন্যান্য ভোটার রয়েছেন ১১ জন।

রাজ্য নির্বাচন দপ্তর থেকে দেওয়া প্রেস রিলিজে জানানো হয়েছে, খসড়া ভোটার তালিকা অনুসারে উত্তর ত্রিপুরা জেলার কদমতলা ব্লকে ভোটার রয়েছেন ৫১,২০৭ জন। এরমধ্যে মহিলা ভোটার ২৫,৪৩৭ জন এবং পুরুষ ভোটার ২৫,৭৭০ জন। কালাছড়া ব্লকে ভোটার রয়েছেন ৪৩,৮৩১ জন। এরমধ্যে মহিলা ভোটার ২১৭৬৪ জন এবং পুরুষ ভোটার ২২০৬৭ জন। যুবরাজনগর ব্লকে ভোটার রয়েছেন ৪৬৫৮৬ জন। মহিলা ভোটার ২৩১৬৩ জন এবং পুরুষ ভোটার ২৩৪২৩ জন। পানিসাগর ব্লকে ভোটার রয়েছেন ২৮৯৩৮ জন। মহিলা ভোটার ১৪১৮৪ জন এবং পুরুষ ভোটার ১৪৭৫৪ জন।

ঊনকোটি জেলার গৌরনগর ব্লকে ভোটার রয়েছেন ৪৩০৬২ জন। মহিলা ভোটার ২১১৭৪ জন এবং পুরুষ ভোটার ২১৮৮৮ জন। চণ্ডিপুর ব্লকে ভোটার রয়েছেন ২৮৬৭০ জন। মহিলা ভোটার ১৪১১০ জন এবং পুরুষ ভোটার ১৪৫৬০ জন। কুমারঘাট ব্লকে ভোটার রয়েছেন ৫৭১৬৬ জন। মহিলা ভোটার ২৮৪৪৭ জন এবং পুরুষ ভোটার ২৮৭১৮ জন।

ধলাই জেলার আমবাসা ব্লকে ভোটার রয়েছেন ৯৯২৪ জন। মহিলা ভোটার ৪৯৬১ জন এবং পুরুষ ভোটার ৪৯৫৭ জন। সালেমা ব্লকে ভোটার রয়েছেন ১৮৯২৭ জন। মহিলা ভোটার ৯৩৫৩ জন এবং পুরুষ ভোটার ৯৫৭৪ জন। দুর্গাচৌমুহনি ব্লকে ভোটার রয়েছেন ৫১৫৬৪ জন। মহিলা ভোটার ২৫৪৬০ জন এবং পুরুষ ভোটার ২৬১০৪ জন।

খোয়াই জেলার খোয়াই ব্লকে ভোটার রয়েছেন ৪৮৬৩৭ জন। মহিলা ভোটার ২৪০১৪ জন এবং পুরুষ ভোটার ২৪৬২৩ জন। কল্যাণপুর ব্লকে ভোটার রয়েছেন ২৭৪৫৭ জন। মহিলা ভোটার ১৩৫৯৪ জন এবং পুরুষ ভোটার ১৩৮৬৩ জন। তেলিয়ামুড়া ব্লকে ভোটার রয়েছেন ৩৮৯৪৮ জন। মহিলা ভোটার ১৯০৯১ জন এবং পুরুষ ভোটার ১৯৮৫৭ জন।

পশ্চিম ত্রিপুরা জেলার মোহনপুর ব্লকে ভোটার রয়েছেন ৩৭৬৮০ জন। মহিলা ভোটার ১৮৬২৪ জন এবং পুরুষ ভোটার ১৯০৫৩ জন। বামুটিয়া ব্লকে ভোটার রয়েছেন ৪৭৩৬২ জন। মহিলা ভোটার ২৩৬৯১ জন এবং পুরুষ ভোটার ২৩৬৭১ জন। জিরানীয়া ব্লকে ভোটার রয়েছেন ২৯৬৯৬ জন। মহিলা ভোটার ১৪৮০৯ জন এবং পুরুষ ভোটার ১৪৮৮৭ জন। পুরাতন আগরতলা ব্লকে ভোটার রয়েছেন ৩৬৬৫২ জন। মহিলা ভোটার ১৮১২২ জন এবং পুরুষ ভোটার ১৮৫২৯ জন। ডুকলি ব্লকে ভোটার রয়েছেন ৬৭৫৫৩ জন। মহিলা ভোটার ৩৩২৫২ জন এবং পুরুষ ভোটার ৩৪৩০১ জন।

সিপাহীজলা জেলার বিশালগড় ব্লকে ভোটার রয়েছেন ৭৪৩৮২ জন। মহিলা ভোটার ৩৬৪০৯ জন এবং পুরুষ ভোটার ৩৭৯৭৩ জন। চড়িলাম ব্লকে ভোটার রয়েছেন ২৫৪৩০ জন। মহিলা ভোটার ১২৩৯৭ জন এবং পুরুষ ভোটার ১৩০৩৩ জন। বক্সনগর ব্লকে ভোটার রয়েছেন ৩৯৩৬৮ জন। মহিলা ভোটার ১৮৯৮৯ জন এবং পুরুষ ভোটার ২০৩৭৯ জন। নলছড় ব্লকে ভোটার রয়েছেন ৪৩২৯৩ জন। মহিলা ভোটার ২০৯৩৭ জন এবং পুরুষ ভোটার ২২৩৫৬ জন। কাঁঠালিয়া ব্লকে ভোটার রয়েছেন ৪৩২৬১ জন। মহিলা ভোটার ২১০৪৪ জন এবং পুরুষ ভোটার ২২২১৭ জন। মোহনভোগ ব্লকে ভোটার রয়েছেন ১৪২২২ জন। মহিলা ভোটার ৬৮১৬ জন এবং পুরুষ ভোটার ৭৪০৬ জন।

গোমতী জেলার মাতাবাড়ি ব্লকে ভোটার রয়েছেন ৪৯৫২৭ জন। মহিলা ভোটার ২৪৩২০ জন এবং পুরুষ ভোটার ২৫২০৭ জন। তেপানিয়া ব্লকে ভোটার রয়েছেন ৪২৩৬৯ জন। ☞ ৬ এর পাতায় দেখুন

## বিধ্বংসী অগ্নিকাণ্ডে ভস্মীভূত ঘর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ জুন:** আগুনে পুড়ে ছাই হয়ে গেছে একটি বসত ঘর। আজ বনমালীপুর এলাকায় বাসিন্দা শ্যামকল কুমার দেবের বাড়িতে ভয়াবহ অগ্নিকাণ্ড সংঘটিহ হয়। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছে দমকলবাহিনী। দমকলবাহিনীর দীর্ঘ প্রচেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। বিদ্যুতের শর্ট সার্কিট থেকে আগুনের সূত্রপাত হয়েছে বলে প্রাথমিক ধারণা পরিবারের সদস্যদের।

বাড়ির মালিকের পুত্রবধু জানিয়েছেন, আজ তাদের বসত ঘর আগুনে পুড়ে ছাই হয়ে গিয়েছে। তখন বাড়িতে ছিলেন না। তাঁরা ডাক্তার দেখাতে গিয়েছিলেন। সানীয় মানুষ তাঁর ঘরে আগুন লাগার দৃশ্য দেখতে পেয়ে সাথে সাথে তাদের এবং দমকলবাহিনীকে খবর পাঠিয়েছে।কিন্তু দমকলের ইঞ্জিন ঘটনাস্থলে আসার আগেই ঘরে আগুন তীব্র আকার ধারণ করে বলে জানিয়েছেন তিনি।দমকলবাহিনীর দীর্ঘ প্রচেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে আসে।

## রাস্তা সংস্কারের দাবিতে জাতীয় সড়ক অবরোধ

**নিজস্ব প্রতিনিধি, চুরাইবাড়ি, ৬ জুন।।** বেহাল রাস্তা সংস্কারের দাবিতে আজ সকালল চুরাইবাড়ি থানাধীন নদীয়াপুর-শনিছড়া গ্রাম পঞ্চায়েতের অধীন আসাম আগরতলা জাতীয় সড়কে পথ অবরোধে সামিল হয়েছেন এলাকাবাসী সহ যান চালকরা। অবরোধের জেরে যানচলাচল ব্যাহত হয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছেন পুলিশ বাহিনী এবং অবরোধকারীদের সাথে কথা বলেন।

অভিযোগ, দীর্ঘ আট নয় দিন ধরে জাতীয় সড়কের বেহাল অবস্থা। রাস্তায় বড় বড় গর্তে জল জমে পুকুর হয়ে গেছে। মাটি ☞ ৬ এর পাতায় দেখুন

### জিবিতে জন ঔষধি কাউন্টার পরিদর্শন

## চাহিদা অনুসারে ওষুধ মজুত রাখার নির্দেশ দিলেন স্বাস্থ্য সচিব

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ জুন ।।** জিবিপি হাসপাতালের কাউন্টারে ওষুধ মজুতের হালহকিকৎ সরেজমিনে দেখার জন্য আজ সকালে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব কিরণ গিত্যে জিবিপি হাসপাতাল পরিদর্শন করেন। হাসপাতালে এসে তিনি প্রথমে প্রধানমন্ত্রী জনঔষধি কার্যালয়ের জেনেরিক মেডিসিনের কাউন্টারের অবস্থা পর্যবেক্ষণ করেন। জনঔষধি কেন্দ্রে চাহিদা অনুসারে ওষুধ না থাকার বিষয়টি চাক্ষুস করেন তিনি।

রোগীদের আত্মীয়-স্বজনরা যে প্রেসক্রিপশন নিয়ে এসেছেন, তার মধ্যে প্রাপ্ত ওষুধের সংখ্যা লক্ষ্য করেন স্বাস্থ্য সচিব। চাহিদার তুলনায় ওষুধ না থাকার বিষয়ে রিপোর্ট তলব করেন তিনি। জেনেরিক মেডিসিন যাতে চাহিদা অনুসারে মজুদ রাখা যায় তার জন্য তিনি প্রয়োজনীয় নির্দেশ দেন।




এছাড়াও তিনি বহির্বিভাগের জন্য বিনামূল্যে ওষুধ কাউন্টারে অযথা হয়রানি বন্ধ করার লক্ষ্যে প্রেসক্রিপশনের উপর ভিত্তি করে ওষুধ প্রদানের নির্দেশ দেন। স্বাস্থ্য সচিবের নির্দেশে আজই তথ্য সংরক্ষণের জন্য সেখানে কম্পিউটার ও স্ক্যানার প্রদান করা হয়। এরপর তিনি রোগী কল্যাণ সমিতি ফার্মেসি কাউন্টারে যান। সেখানে মজুত ওষুধের পরিস্থিতি পর্যালোচনা করেন। রোগীদের এবং তাদের আত্মীয়-স্বজনদের সঙ্গে কথা বলেন। ১০০ শতাংশ ওষুধ যাতে মজুত রাখা যায় তার প্রচেষ্টা নিতে তিনি আহ্বান জানান। উক্ত পরিদর্শনে স্বাস্থ্য সচিবের সাথে উপস্থিত ছিলেন আগরতলা গভর্নমেন্ট মেডিকাল কলেজ ও জিবিপি হাসপাতালের প্রফেসর (ডাঃ) অনুপ কুমার সাহা, ভাইস প্রিন্সিপাল প্রফেসর (ডাঃ )তপন মজুমদার, মেডিকেল সুপারিটেনডেন্ট ডাঃ শঙ্কর চক্রবর্তী, ডেপুটি মেডিকেল সুপারিনটেনডেন্ট ডাঃ কনক চৌধুরী, ডাঃ বিধান গোস্বামী, উপ অধিকর্তা গিডিওন মলসুম, ডাঃ বিকাশ ☞ ৬ এর পাতায় দেখুন

## শেয়ার বাজারে কেলেঙ্কারির অভিযোগ এনে বিজেপিকে তোপ দাগলেন রাহুল

**নয়াদিল্লি, ৬ জুন (হি. স.) ।।** বৃহস্পতিবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিরুদ্ধে কিছু গুরুতর অভিযোগ তুললেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। নির্বাচন চলাকালীন, বিজেপির শীর্ষ নেতৃত্ব বারংবার লগ্নকারীদের শেয়ার কেনার পরামর্শ দিয়েছিলেন। বুথ ফেরত সমীক্ষায় বিজেপির দুর্দান্ত জয়ের ইঙ্গিত পেয়ে, ফল প্রকাশের আগের দিন রেকর্ড বৃদ্ধি ঘটেছিল শেয়ার বাজারে। কিন্তু, পরদিন ফলাফল বুথ ফেরত সমীক্ষাগুলিকে মিথ্যে প্রমাণ করে দেওয়ার পরই, বড়-সড় ধস নেমেছিল শেয়ার বাজারে। মাথায় হাত পড়ে গিয়েছে খুচরো লগ্নিকারীদের। এই পুরো বিষয়টিকে এদিন ভারতের ইতিহাসে সবথেকে বড় স্টক মার্কেট কেলেঙ্কারি বলে দাবি করেছেন রাহুল। কংগ্রেসের পক্ষ থেকে ৪ জুন শেয়ার বাজারের বিপর্যয়ের বিষয়ে যৌথ সংসদীয় কমিটির তদন্ত দাবি করা হয়েছে।



এদিন সাংবাদিক সম্মেলনে ক্রোনোলজি বোঝান রাহুল গান্ধী। তিনি বলেন, ১৩ মে বিদায়ী স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, একটি নির্দিষ্ট সংবাদ চ্যানেলে, ৪ জুনের আগে শেয়ার কেনার পরামর্শ দিয়েছিলেন লগ্নিকারীদের। ১৯ মে, ওই একই চ্যানেলে নরেন্দ্র মোদী খোদ বলেছিলেন, ৪ জুন স্টক মার্কেটে রেকর্ড হবে। ২৮ মে একই কথার পুনরাবৃত্তি করেছিলেন তিনি। এরপর, ১ জুন সামনে এসেছিল বুথ ফেরত সমীক্ষাগুলির ফল। তাতে ইঙ্গিত দেওয়া হয়েছিল ৩৭০ থেকে ৪০০ আসন পেতে চলেছে বিজেপি। রাহুল দাবি করেন, বিজেপির অভ্যন্তরীন মূল্যায়নে নাকি বলা হয়েছিল, ২২০ আসন পেতে পারে বিজেপি। গোয়েন্দা সংস্থাগুলিও নাকি জানিয়েছিল, ২০০ থেকে ২২০ পেতে পারে বিজেপি। অর্থাৎ, বিজেপির যে খারাপ ফল হতে চলেছে, তা জানতেন বিজেপির শীর্ষ নেতৃত্ব।

এরপর ৩ জুন, স্টক মার্কেট আগের সব রেকর্ড ভেঙে দিয়েছিল। আর ৪ জুন ভোটের ফল বের হওয়ার পর, এক ধাক্কায় পড়েছিল স্টক মার্কেট। তথ্য দিয়ে তিনি জানান, ৩০ এবং ৩১ মে স্টক মার্কেটে, তার আগের দিনগুলির তুলনায় প্রায় দ্বিগুণ লগ্নি এসেছিল। রাহুলের দাবি, যারা জানতেন স্টক মার্কেটে কিছু করসাজি চলছে, তাঁরাই ☞ ৬ এর পাতায় দেখুন

## কৃষ্ণপুরে বিজেপির গোষ্ঠী কোন্দল রক্তক্ষয়ী সংঘর্ষে পরিস্থিতি উত্তপ্ত

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ৬ জুন ।।** কৃষ্ণপুর বিধানসভা কেন্দ্রের বিজেপির স্ব-দলীয় গোষ্ঠী কোন্দল এবার ভয়াবহ রক্তক্ষয়ী সংঘর্ষে রূপ নিল।

লোকসভা নির্বাচনের ফলাফল ঘোষণা হতেই কৃষ্ণপুর বিধানসভা এলাকার বিভিন্ন প্রান্ত স্ব-দলীয় হিংসার আগুন দাউদাউ করে জ্বলছে। পরিস্থিতি প্রতিনিয়ত যেভাবে বেগতিক হচ্ছে তাতে একাংশ রাজনৈতিক পর্যবেক্ষক মহলের ধারণা, কৃষ্ণপুরে বিজেপির স্ব-দলীয় এই রক্তক্ষয়ী সংঘাতের ফলে যেকোনো সময় লাশ পড়ার আশঙ্কা রয়েছে।

উল্লেখ্য, বৃহস্পতিবার রাতে ২৯ কৃষ্ণপুর বিধানসভা কেন্দ্রের একাধিক জায়গায় সংঘটিত ঘটনাগুলো নিশ্চিতভাবে একদিকে যেমন গোটা এলাকার পরিস্থিতিকে উত্তপ্ত করে তুলছে।

জানা গিয়েছে, বৃহস্পতিবার কৃষ্ণপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত তেলিয়ামুড়া থানা এলাকার গোলাবাড়ি এলাকাতে ওই এলাকার বিজেপি দলের জনৈক কর্মী বাপন দাসের উপর আক্রমণের ঘটনা সংঘটিত হয়েছে। শুধু তাই নয়, বাপনকে আক্রমণ করার পাশাপাশি তার বাইক ভেঙ্গে গুঁড়িয়ে দেওয়া হয় বলেও অভিযোগ। সাথে সাথে বাপন তেলিয়ামুড়া থানার দারস্থ হয়েছে।

এ বিষয়ে বাপন দাস ওই ঘটনার পেছনে কৃষ্ণপুর মন্ডলের যুব মোর্চার সভাপতি নির্মল দেবনাথ, বিজেপি দলের খোয়াই জেলা কমিটির সম্পাদক বিজন কর সহ আরও অনেকের বিরুদ্ধে অভিযোগ তুলেছেন।

ওই ঘটনার রেশ কাটতে না কাটতেই কৃষ্ণপুর বিধানসভা এলাকার গোলাবাড়ি এলাকাতেই বিজেপির বুথ সভাপতি মানিক ঘোষের বাড়িতে রাত্রি আনুমানিক দেড়টা থেকে দুইটা নাগাদ সঙ্ঘবদ্ধভাবে আক্রমণের ঘটনা সংঘটিত হয়।

এ বিষয়ে কৃষ্ণপুর বিধানসভা কেন্দ্রের বিজেপির ১৫ নং বুথের বুথ সভাপতি মানিক ঘোষের অভিযোগ, তাঁর বাড়িতে যারা আক্রমণ করেছে তাদের মধ্যে এলাকারই বিজেপি দলের সৌরভ দাস যুক্ত রয়েছে। এলাকাবাসী সৌরভের স্বীকারোক্তিমূলে তাকে আটক করে তেলিয়ামুড়া থানার পুলিশের হাতে তুলে দিয়েছেন। বুথ সভাপতি নিজেও দাবি করেছেন, তার বাড়িতে আক্রমণের ঘটনার পেছনে কোনভাবেই অন্য কোন দলের কর্মী সমর্থকরা জড়িত নয়, নিজ দলের একাংশই যে এই ঘটনা ঘটিয়েছে তা তিনি নিশ্চিত। তবে কি কারণে এই ঘটনা ঘটছে তা তিনি বুঝতে পারছেন না।

## দিনদুপুরে ছিনতাই!

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ জুন।।** শহরে প্রাণ কেন্দ্রে ফের ছিনতাই এর ঘটনা। মহিলার গলা থেকে সোনার চেইন ছিনতাই করে পালালো এক ছিনতাইকারি। ঘটনাটি ঘটেছে বুধবার বিকেলে ইন্দ্রনগর হেপাটাইটিস ফাউন্ডেশনের সামনে।

ঘটনার বিবরণে মহিলা জানিয়েছেন, গতকাল বিকেল আনুমানিক সাড়ে পাঁচটা নাগাদ তিনি ইন্দ্রনগর হেপাটাইটিস ফাউন্ডেশনের সামনে দিয়ে নিজ বাড়িতে যাচ্ছিলেন। তখনই পেছন থেকে একটি বাইকে ☞ ৬ এর পাতায় দেখুন

## চুরি যাওয়া সামগ্রী সহ আটক এক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ জুন।।** বিদ্যালয়ের চুরি যাওয়া সামগ্রী উদ্ধার করল পুলিশ। ঘটনায় গ্রেফতার করা হয়েছে একজনকে। উল্লেখ্য, গত ২৭শে মে রাত্রিবেলায় একদল চোর সুযোগ বুঝে হানা দেয় মনু ইংরেজি মাধ্যম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে। চোরের দল হানা দিয়ে বিদ্যালয়ের বেশ কয়েকটি কম্পিউটার, সিলিং ফ্যান, সিসি ক্যামেরা এবং সিসি ক্যামেরার মনিটর চুরি করে নিয়ে যায়। এই চুরি কাণ্ডের বিষয়ে গত ২৮ মে মনু ইংরেজি মাধ্যম উচ্চতর ☞ ৬ এর পাতায় দেখুন

## জনজাতি উৎপাদিত জুমের ফসল বাজারজাত

**নিজস্ব প্রতিনিধি, পানিসাগর, ৬ জুন।।** পানিসাগর মহকুমা অন্তর্গত নোয়াগাং বাজারে জনজাতি উৎপাদিত জুমের সমস্ত ফসল বাজারজাত করা হয়। বর্তমানে গ্রীষ্মের সময়ে সবচেয়ে বেশি বাজারজাত করা হয় রসালো লেবু এবং রসালো কাঁঠালের।

আজ বৃহস্পতিবা ছিল এখানের হাট বার ভোরবেলা থেকেই ক্রেতাদের ভিড় জমে চোখে পড়ার মতো। ভোরবেলা থেকেই রাজ্য এবং বহিঃ রাজ্যের রাজ্যের পাইকাররা ভিড় জমান বাজারে।

নোয়াগাং বাজারে বেশির ভাগই জনজাতি উৎপাদিত সামগ্রী রাজ্যের বিভিন্ন বাজারে এবং পার্শবর্তী রাজ্য আসামের উদ্দেশ্যেও বাজারজাত করা হয়। লেবু এবং কাঁঠাল ছাড়াও রাজ্যের আনারস, বিভিন্ন শাকসবজি রাজ্যের বিভিন্ন এলাকায় এবং আসামেও বাজারজাত হয়।

নোয়াগাং বাজার এলাকার স্থায়ী বসবাসকারী রংবেল রাঙলং(হালাম) এক সাক্ষাৎকারে জানিয়েছেন, ধর্মনগর, পানিসাগর, পেচারথল, কুমারঘাট রাজ্যের বাজার ছাড়াও পার্শবর্তী রাজ্য আসামে এখানকার উৎপাদিত সামগ্রী ফসল বাজারজাত হয়।

গ্রীষ্মের সময় প্রচণ্ড গরমে এখান থেকে রসালো লেবু ও রসালো কাঁঠাল বিক্রি হয় এবং এগুলি প্রচুর পরিমাণে ফলন হয়। রাজ্য ও বহিরাজ্য ছাড়াও পার্শবর্তী দেশ বাংলাদেশেও রাজ্যের উৎপাদিত কাঁঠাল পাঠানো হয়।

তিনি বলেন, কয়েক সপ্তাহ পরে আসবে জুমের চিনার, যারও খুব চাহিদা রয়েছে এবং এই এলাকায় এর ফলন খুব বেশি হয়। রাঙলং সম্প্রদায় তথা হালাম সম্প্রদায়ের লোকেরা বেশি বসবাস করেন এবং এই বাজারে রাংলং জনগোষ্ঠীর আধিপত্য রয়েছে।

## নেশায় আসক্ত ছেলে, অবৈধ সম্পর্কের যন্ত্রণায় অতিষ্ঠ পরিবার

**নিজস্ব প্রতিনিধি, বিশালগড়, ৬ জুন।।** নেশায় আসক্ত ছেলের সাথে এক মহিলার অবৈধ সম্পর্কের ঘটনা জানতে পেরে আজ দুপুরে ছেলেকে দড়ি ও শেকল দিয়ে খাটের সাথে বেঁধে রাখলেন পরিবারের সদস্যরা। ওই ঘটনায় বিশালগড় মুড়াবাড়ি এলাকায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে।

জানা গিয়েছে, বিশালগড় মুড়াবাড়ি এলাকার বাসিন্দা সাগর নমঃ রংমিস্ত্রি থাকাকালীন বিভিন্ন নেশা জাতীয় সামগ্রী সেবন করে নেশা আসক্ত হয়ে পড়েন।

তারপর গাড়ি চালাতে শুরু করে এবং প্রতিনিয়ত ব্রাউন সুগার নেশায় আসক্ত হয়ে পড়ে।

হঠাৎ করে কোন এক মহিলাকে ঘরে নিয়ে আসেন কিন্তু সেই মহিলা প্রতিনিয়ত সাগর নমঃকে ঘরে রেখে আগরতলা বটতলার উদ্দেশ্যে পাড়ি দেয়।



এদিকে সাগর নমঃর পরিবারের সদস্যরা জানতে পারেন মহিলার অবৈধ সম্পর্ক রয়েছে।

এমনকি মহিলাকে যদি সাগর নমঃ সাথে সাতপাকে আবদ্ধ হওয়ার কথা বলা হয় তখন সে মহিলা পালিয়ে যায়।

বৃহস্পতিবার সকালে সেই মহিলার সাথে সমস্ত ☞ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৭০ ▫ সংখ্যা ২৩৫ ▫ ৭ জুন ২০২৪ ইং ▫ ২৪ জ্যৈষ্ঠ ▫ শুক্রবার ▫ ১৪৩১ বঙ্গাব্দ

## জৌলুসে খামতি নেই! শপথে বিশ্ব নেতারা আমন্ত্রিত

গণতান্ত্রিক ব্যবস্থায় জনগণের ভোটে দেশের সরকার গঠিত হয়। এটাই বিশ্বের অন্যতম বৃহত্তম গণতান্ত্রিক রাষ্ট্র ভারতের ঐতিহ্য। বিগত অষ্টাদশ লোকসভা নির্বাচনে প্রধানত দ্বিপাক্ষিক প্রতিদ্বন্দ্বিতা হইয়াছে। এনডিএ জোট বনাম ইন্ডিয়া জোটের মধ্যে শক্তিশালী লড়াই হইয়াছে। এনডিএ জোট বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়া ক্ষমতায় আসিবে বলিয়া আগাম গর্ববোধ করিয়াছিল। কিন্তু সেই প্রত্যাশা পূরণ হয় নাই। কেননা বিজেপি একা সংখ্যাগরিষ্ঠতা লাভ করিতে পারেনি। জোট সংগীদের সঙ্গে নিয়া সরকার গঠন করিতে বাধ্য হইতেছে নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন জোট। তাহাতে নানা জটিলতা সৃষ্টি হইবার আশঙ্কা থাকে। কেননা ইতিমধ্যেই জোট সঙ্গীরা সরকার গঠনের ক্ষেত্রে বেশ কিছু আগাম শর্ত আরোপ করিয়াছে। আলোচনার মাধ্যমে অনেকগুলো শর্ত মানিয়া নিয়া নরেন্দ্র মোদিকে নতুন সরকার গঠন করিতে হইবে তাহা বলিবার অপেক্ষা রাখে না। রবিবারই তৃতীয়বারের জন্য প্রধানমন্ত্রী হিসাবে শপথ নিতে পারেন নরেন্দ্র মোদি। দেশজুড়িয়া গেরুয়া ঝড় না উঠিলেও এই অনুষ্ঠানের জৌলুসে কোনও খামতি রাখা হইতেছে না। নমোর অভিষেকে আমন্ত্রণ জানানো হইয়াছে বিভিন্ন রাষ্ট্রনেতাদের। কারা আসিতেছেন ভারতে? চারশো পারের লক্ষ্যপূরণ হয়নি। মেলেনি একক সংখ্যাগরিষ্ঠতাও। তবু জোটসঙ্গীদের সঙ্গে মিলিয়া ফের সরকার গড়িতে চলিয়াছে বিজেপিই। টানা তৃতীয়বার প্রধানমন্ত্রীর কুরশিতে বসিবেন নরেন্দ্র মোদি। আর তাঁহার এই সাফল্যে শুভেচ্ছা জানাইয়াছেন বিভিন্ন রাষ্ট্রনেতারা। তালিকায় রহিয়াছেন, ইটালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনি, মালদ্বীপের 'চিনপন্থী' প্রেসিডেন্ট মহম্মদ মুইজ্জু, ভুটানের প্রধানমন্ত্রী শেরিং তোগবে, শ্রীলঙ্কার প্রেসিডেন্ট রনিল বিক্রমসিংহে, ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু ও ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি, বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা, রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন, মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন, ব্রিটেনের প্রধানমন্ত্রী ঋষি সুনাক-সহ আরও অনেকে। সকলকেই ধন্যবাদ জানাইয়াছেন নমো। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে ফোনে কথা বলেন মোদি। তখনই মুজিবকন্যাকে ভারতের আসিবার আমন্ত্রণ জানান মোদি। জানা গিয়াছে, শুক্রবারই দিল্লিতে পা রাখিবেন হাসিনা। এছাড়া শপথগ্রহণ অনুষ্ঠানে উপস্থিত থাকিবার কথা রহিয়াছে শ্রীলঙ্কার প্রেসিডেন্ট রনিল বিক্রমসিংহে, নেপালের পুষ্পকমল দাহাল, ভুটানের প্রধানমন্ত্রী শেরিং তোবগে ও মরিশাসের প্রধানমন্ত্রী প্রবিন্দ যুগনাথ। এছাড়াও বিশেষ এই অনুষ্ঠানের আমন্ত্রণ গিয়াছে আমেরিকা ও রাশিয়ার।এখনই ভারতে আসিতেছেন না মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন। তাঁহার বদলে আসিতে পারেন আমেরিকার জাতীয় নিরাপত্তা উপদেষ্টা জ্যাক সুলিভান। হোয়াইট হাউসে আলোচনা চলিতেছে তাঁহারই। এদিকে মোদির 'বন্ধু' রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন আসিতেছেন কি না সেবিষয়েও কিছু জানা যায়নি। তাঁহাকেও ফোনে আমন্ত্রণ জানাইয়াছিলেন মোদি। তবে যে পাঁচ দেশের রাষ্ট্রনেতারা আসিতেছেন তাঁহাদের সঙ্গে মোদি বৈঠকে বসিবেন কি না তাহা এখনও জানা যায়নি। বিভিন্ন আন্তর্জাতিক বিষয়ে ভারতের প্রভাব বা গুরুত্ব কতখানি তাহা সকলের জানা। বিভিন্ন সংঘাতে দিল্লি যেভাবে শান্তির পথ তুলিয়া ধরিয়াছে তাহা রাষ্ট্রসংঘেও প্রশংসিত হইয়াছে। ফলে এখন কমবেশি সব দেশই ভারতের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্ক মজবুত করিতে চাইছে। যাহার প্রমাণ মিলিয়াছে মোদিকে পাঠানো বিভিন্ন দেশের শুভেচ্ছাবার্তায়। ফলে আগামিদিনে ভারতের সঙ্গে বিভিন্ন দেশের কূটনৈতিক সমীকরণ কী হয় সেদিকেই নজর সকলের।

## অসমে সক্রিয় গাড়ি চোরচক্র, লামডিং রেলওয়ে ট্র্যাকে মুমূর্ষু অবস্থায় উদ্ধার আমগুড়ির চালক

হোজাই (অসম), ৬ জুন (হি.স.) : অসমে পুনরার সক্রিয় হয়ে উঠেছে গাড়ি চোরচক্র। গাড়ি চোরচক্রের কবলে পড়ে সর্বস্বান্ত হয়েছেন শিবসাগর জেলার অন্তর্গত আমগুড়ির জনৈক চালক।

জানা গেছে, এএস ০৩ এফ ৫৪৮৪ নম্বরের ডাটসান রেডি গ মডেলের চার চাকার গাড়ি চুরি করে আমগুড়ির বাসিন্দা চালক পলাশ দত্তকে লামডিং স্টেশনের কাছে রেলওয়ে ট্র্যাকের ওপর মুমূর্ষু অবস্থায় ফেলে পালিয়ে গা ঢাকা দিয়েছে চোরচক্র। এ ঘটনায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি করেছে।

পুলিশ সূত্রের খবর, যাত্রী নিয়ে লামডিং এসেছিলেন পলাশ দত্ত। তিনি লামডিং রেলস্টেশনে ভাত খান। এর পর সংজ্ঞা হারিয়ে ফেলেন তিনি। সেখান থেকে তাকে নিয়ে যায় অজ্ঞাতপরিচয় দুষ্কৃতীরা। পরে তাঁর মাথায় আঘাত করে রেলওয়ে ট্র্যাকে ফেলে তার গাড়ি নিয়ে পালিয়ে যায় চোরের দল।

এদিকে, পুলিশ আহত পলাশকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে ভরতি করেছে। গাড়ির সন্ধানে পুলিশ তালাশি-অভিযান চালিয়েছে বলে জানা গেছে।

গাড়ি চালিয়ে পরিবারের ভরণপোষণকারী পলাশ দত্তের উন্নত চিকিৎসার প্রয়োজন। কিন্তু অর্থের অভাবে তা সম্ভব হচ্ছে না।

## অগ্নিবীর প্রকল্প নিয়ে বহু মানুষ অসন্তুষ্ট : কপিল সিব্বল

নয়াদিল্লি, ৬ জুন (হি.স.): অগ্নিবীর প্রকল্প নিয়ে এবার প্রশ্ন তুললেন প্রবীণ আইনজীবী তথা রাজ্যসভার সাংসদ কপিল সিব্বল। অগ্নিবীর প্রকল্প প্রসঙ্গে জেডিইউ নেতা কে সি ত্যাগীর মন্তব্যে প্রসঙ্গে বৃহস্পতিবার কপিল সিব্বল বলেছেন, 'বহু মানুষ এই প্রকল্পে অসন্তুষ্ট এবং আমি মনে করি নির্বাচনে অগ্নিবীর অনেক প্রভাব ফেলেছে, বিশেষ করে উত্তর প্রদেশ এবং অন্যান্য কিছু রাজ্যে।'

কপিল সিব্বল একইসঙ্গে যোগ করেছেন, "দয়ালু ভগবান"-এর এই বিষয়ে চিন্তা করা উচিত এবং আলোচনা হওয়া উচিত এই বিষয়ে।' উল্লেখ্য, বৃহস্পতিবারই কে সি ত্যাগী বলেন, 'অগ্নিবীর প্রকল্প নিয়ে ক্ষুব্ধ ভোটারদের একাংশ। আমাদের দল চায় যে সমস্ত ত্রুটিগুলি জনসাধারণের দ্বারা প্রশ্নবিদ্ধ হয়েছে, সেগুলি বিস্তারিতভাবে আলোচনা করা হোক এবং দূর করা হোক।'

## গাজিয়াবাদে দোতলা বাড়িতে আগুন, এসি-তে বিভ্রাটেই বড়সড় বিপত্তি

গাজিয়াবাদ, ৬ জুন (হি.স.): উত্তর প্রদেশের গাজিয়াবাদে ভয়াবহ আগুন লাগল একটি দোতলা বাড়িতে। বৃহস্পতিবার ভোরে গাজিয়াবাদের বসুন্ধরা এলাকায় অবস্থিত একটি দোতলা বাড়িতে আগুন লাগে। দাউদাউ করে জ্বলতে থাকে আগুন। ঘরের ভিতরে থাকা সবকিছু আগুনে পুড়ে গিয়েছে। এই অগ্নিকাণ্ডে হতাহতের কোনও ঘটনা ঘটেনি। দমকল কর্মীদের দীর্ঘ সময়ের চেষ্টায় আগুন আয়ত্তে এসেছে।

# মেন্ডেলিভের পর্যায় সারণি

উচ্ছ্বাস তৌসিফ

মেন্ডেলিভের পর্যায় সারণি১৭ ফেব্রুয়ারি, ১৮৬৯। উশকোখুশকো চুল, লম্বা দাঁড়ি। তরুণ মানুষটি ৬৩টা কার্ড নিয়ে বসেছেন। মেলাতে চাচ্ছেন। কিন্তু তাল খুঁজে পাচ্ছেন না। কেবল নাস্তা করেছেন তিনি। একটুপর ট্রেন ধরতে হবে। সময় কাটাতে কার্ড নিয়ে বসেছেন। এই কার্ডগুলো তিনি বানিয়েছেন সলিটেয়ার গেমটার অনুকরণে। এই খেলায় তাসের কার্ডগুলোকে সাজাতে হয় নির্দিষ্ট বিন্যাসে। তিনিও এই কার্ডগুলোকে সাজাতে চান। প্রতিটা কার্ডে বেশ কিছু সংখ্যা ও কিছু অক্ষর হিজিবিজি করে লেখা।

মানুষটির নাম দিমিত্রি মেন্ডেলিভ। কার্ডগুলোতে লেখা আছে এখন পর্যন্ত আবিষ্কৃত সব মৌলের পারমাণবিক ভর ও বিভিন্ন বৈশিষ্ট্য। নানাভাবে সাজানোর চেষ্টা করে মেন্ডেলিভ টের পেলেন, মৌলগুলোকে পারমাণবিক ভরের ক্রমে সাজাতে গেলে মাঝে কিছু ফাঁকা থেকে যায়। এগুলোই তাঁর সাজানোতে গোল বাঁধাচ্ছে।

রোখ চেপে গেল। মাথা থেকে হারিয়ে গেল ট্রেনের চিন্তা। টানা তিন দিন তিন রাত এ নিয়েই পড়ে রইলেন মানুষটি। তারপর ক্লান্তিতে ঘুমিয়ে পড়লেন।

স্বপ্নে দেখলেন একটা সারণি। কার্ডগুলো তাতে খোপে খোপে বসে আছে। মাঝে মাঝে কিছু ফাঁকা ঘর। এসব ঘরে বসানোর মতো কার্ড তাঁর কাছে নেই। ঘুম ভেঙে গেল। উঠে দ্রুত সারণিটা আঁকলেন একটা খাতায়। পৃষ্ঠার ওপরে বড় বড় করে লিখলেন, পিরিয়ডিক টেবল অব দ্য এলিমেন্টস। মৌলের পর্যায় সারণি।

যে মানুষটি এই পথ দেখিয়ে গেছেন, তিনি নোবেল পুরস্কার পাননি! ভাবলে অবাক লাগে না? কারণটা বোঝা অবশ্য খুব কঠিন নয়। আলবার্ট আইনস্টাইন যেমন আপেক্ষিকতা তত্ত্বের জন্য নোবেল পাননি, মেন্ডেলিভও তেমন পাননি পর্যায় সারণির জন্য। কারণ দুক্ষেত্রে মোটামুটি একইএর প্রমাণ ও প্রয়োগ সে কালে ঠিক বুঝে উঠতে পারেনি মানুষ

দুই

পর্যায় সারণির নাম শোনেননি, এমন কাউকে বোধ হয় খুঁজে পাওয়া যাবে না। অনেকে বলেন, এক পৃষ্ঠায় এটি সমগ্র রসায়নকে ধারণ করে। কথাটি শতভাগ সত্য নয়, বলা বাহুল্য। রসায়ন মানে শুধু মৌলদের সারিবদ্ধ তালিকা নয়। শক্তির বিষয় আছে, বিক্রিয়ার নানা ধরন আছে, এনট্রপির বাড়া-কমা আছে, আছে আরও অনেক কিছু। তবে পর্যায় সারণিও আসলে শুধু মৌলদের তালিকা না। এর ক্রমবিন্যাস, ডানে-বাঁয়ে ও মাঝে বসানো মৌলগুলোর ধর্মের পর্যায়বৃত্তা, ওপর-নিচ অনুযায়ী তাদের ধর্মের কমা-বাড়াএককথায় একে বলতে হয় জিনিয়াস! মানুষের মেধার অন্যতম সর্বোচ্চ প্রয়োগ। পদার্থবিজ্ঞানীরা যেমন সবকিছুকে এক সুতোয় গাঁথার জন্য থিওরি অব এভরিথিং বা সবকিছুর তত্ত্ব খুঁজছেন, বর্তমানে পদার্থবিজ্ঞানের যেমন রয়েছে স্ট্যান্ডার্ড মডেল; রসায়নের জন্য সেই কাজটি করে ফেলেছেন দিমিত্রি মেন্ডেলিভ। এক পৃষ্ঠায় তিনি সব মৌলকে সাজিয়ে ফেলেছেন। এই একটি পৃষ্ঠা অনেক, অনেক কিছু বলতে পারে যেকোনো রসায়নবিদকে। যে মানুষটি এই পথ দেখিয়ে গেছেন, তিনি নোবেল পুরস্কার পাননি! ভাবলে অবাক লাগে না? কারণটা বোঝা অবশ্য খুব কঠিন নয়। আলবার্ট আইনস্টাইন যেমন আপেক্ষিকতা তত্ত্বের জন্য নোবেল পাননি, মেন্ডেলিভও তেমন পাননি পর্যায় সারণির জন্য। কারণ দুক্ষেত্রে মোটামুটি একইএর প্রমাণ ও প্রয়োগ সে কালে ঠিক বুঝে উঠতে পারেনি মানুষ। কেউ কেউ এও বলতে পারেন, মেন্ডেলিভ রাশান বলে নোবেল পাননি। তবে সে প্রসঙ্গটা আপাতত তোলা থাকুক। মেধাবীদের যে ছবি আমাদের মনে গাঁথা, মেন্ডেলিভ ঠিক তা-ই। আদর্শ মেধাবী! তাঁর গল্পটা জানা থাকলেই বুঝে যাবেন, বাড়িয়ে বলছি না একবিন্দুও।

১৮৩৪ সালের ৮ ফেব্রুয়ারি রাশিয়ার সাইবেরিয়ায় জন্ম। পুরো নাম, দিমিত্রি ইভানোভিস মেন্ডেলিভ। বাবা ইভান মেন্ডেলিভ ছিলেন শরীরচর্চার শিক্ষক। মা মারিয়া মেন্ডেলিভ গৃহিণী। বাবা-মায়ের ১৩তম সন্তান তিনি।

তাঁর জন্মের বছরই বাবা অন্ধ হয়ে যান। বাধ্য হয়ে তাঁর মা কাজ নেন একটি কাচ কারখানায়। কয়েক বছর এভাবে টেনে চলল। তারপর, ১৮৪৭ সালে মারা গেলেন তাঁর বাবা। পরের বছর, ১৮৪৮ সালে পুড়ে গেল সেই কারখানা, যেখানে তাঁর মা কাজ করতেন। পড়াশোনার সব দ্বার প্রায় বন্ধ হয় হয়। মা দুশ্চিন্তায় পড়ে যান। বাধ্য হয়ে পাড়ি জমান রাশিয়ার সেন্ট পিটার্সবার্গে। না, আশপাশের শহর না, প্রায় তিন হাজার কিলোমিটার দূরে। সেখানে মেন্ডেলিভ ভর্তি হন একটি স্কুলে। ভাগ্য তখন চূড়ান্ত আঘাত হানে। মেন্ডেলিভ স্কুলে ভর্তি হওয়ার ঠিক ১০ দিন পর যক্ষ্মায় আক্রান্ত হয়ে মারা যান তাঁর মা।

দেয়ালে পিঠ ঠেকে গেলে কেউ কেউ থমকে যান। মেন্ডেলিভ থমকে গেলেন না। শুরু করলেন যুদ্ধ। জীবনযুদ্ধ।

১৮৫৫ সালে স্নাতক ডিগ্রি সম্পন্ন করে শিক্ষকতা শুরু করলেন ক্রিমিয়ার একটি প্রতিষ্ঠানে। দুমাস চাকরি করলেন, তারপর আবার ফিরে গেলেন সেন্ট পিটার্সবার্গে। সেখানে ভর্তি হলেন জৈবরসায়নে, মাস্টার্সে। একমনে পড়াশোনা শেষে ডিগ্রি ও বৃত্তি নিয়ে তারপর পাড়ি জমালেন জার্মানির হাইডেলবার্গ বিশ্ববিদ্যালয়ে।

১৮৬১ সালে আবার ফিরলেন রাশিয়া। সেন্ট পিটার্সবার্গের একটি প্রযুক্তি ইনস্টিটিউটে যোগ দিলেন অধ্যাপনায়। উশকো-খুশকো চুল, লম্বা দাঁড়িপাগলাটে দেখতে মানুষটি শিক্ষার্থীদের মধ্যে ছিলেন দারুণ জনপ্রিয়। ততদিনে বিশ্ব-রসায়ন খেই হারিয়ে পথ খুঁজছে। রসায়নবিজ্ঞানীরা অনেকগুলো মৌল আবিষ্কার করেছেন বটে, কিন্তু এগুলোর মধ্যকার সম্পর্ক বা সাধারণ নাম নিয়ে একমত ছিলেন না কেউই। ২৭ বছরের তরুণ মেন্ডেলিভ এ অবস্থা পরিবর্তন করতে চান। তবে পর্যায় সারণি বানিয়ে ফেলার পরিকল্পনা তাঁর ঠিক ছিল না।

তিনি একটা বই লিখলেন জৈবরসায়ন নিয়ে। নাম, অর্গানিক কেমিস্ট্রি (১৮৬১)। তাঁর বইটিকে সেকালে লেখা এ বিষয়ের সবচেয়ে নির্ভরযোগ্য বই বলে মনে করা হয়। অথচ মেন্ডেলিভ টের পেলেন, এ জিনিস কেউ বুঝতে পারছে না। শিক্ষার্থীরা খেই হারিয়ে ফিরছে। এ অবস্থার কারণ ওটাইমৌলগুলোর কোনো শ্রেণিবিন্যাস নেই, নেই কোনো সাধারণ নাম। এদের আচার-আচরণের ধরন-ধারণ নিয়েও একটা ঘোলাটে অবস্থা। অথচ মেন্ডেলিভ বুঝতে পারছেন না, শিক্ষার্থীদের এ সমস্যা কীভাবে সমাধান করা যায়।

সমস্যাটা তিনি আরও ভালো টের পেলেন পরের বইটা লিখতে গিয়ে। এবারে লিখছেন মৌলদের নিয়ে। বইয়ের নাম, প্রিন্সিপাল অব কেমিস্ট্রি। তাঁর উদ্দেশ্য, শিক্ষার্থীদের সমস্যা সমাধান করা। সেজন্য প্রথমে সাধারণ কিছু মৌল নিয়ে লিখলেন। যেমন হাইড্রোজেন, অক্সিজেন, নাইট্রোজেন ও কার্বন। তারপর লিখলেন হ্যালোজেনদের নিয়ে (বর্তমানে এ মৌলগুলোর অবস্থান আধুনিক পর্যায় সারণির ১৭তম কলামে)। এর মধ্যে রয়েছে ক্লোরিন, ফ্লুরিন ইত্যাদি মৌল। এরা খুব সহজে বিক্রিয়া করে। কিন্তু তিনি এসব মৌলকে সাজাচ্ছেন পারমাণবিক ভর অনুযায়ী। আর সাজাতে গিয়ে বারবার সমস্যায় পড়ছেন। ঝামেলা বাঁধছে একের পর এক। ব্যাখ্যা করতে গিয়ে থমকে যাচ্ছেন বারবার।

সে সময় মৌলদের সাজানো হতো দুভাবে। এক, পারমাণবিক ভরের ক্রমানুসারে। আর দুই, তাদের সাধারণ বৈশিষ্ট্য অনুযায়ী। যেমন ধাতুদের একসঙ্গে রাখা হতো, গ্যাসগুলো থাকত একসঙ্গে। মেন্ডেলিভ খুব চান, সাজানোর এই দুই মূলনীতিকে এক সুতোয় গাঁথতে। কিন্তু সমাধান মিলছে না কিছুতেই।

এ সমাধান মেলাতেই মেন্ডেলিভ বানালেন ওই কার্ডগুলো। যেখানেই যান, ওগুলো সঙ্গে নিয়ে তার। তারপরেই সেই ঘটনা, যেটা শুরুতে বলেছি। 'স্বপ্নে পাওয়া সমাধান'অন্তত মেন্ডেলিভের ভাষ্যমতে, বদলে দিল রসায়নের ইতিহাস।

তিন

পর্যায় সারণি বানাতে গিয়ে মেন্ডেলিভ কিছু দারুণ পদক্ষেপ নেন। এই পদক্ষেপগুলোই বদলে দেয় সব। তখনো মানুষ পারমাণবিক সংখ্যার কথা জানে না। মেন্ডেলিভ মৌলগুলোকে সাজালেন ভর হিসেবে। কিন্তু কিছু কিছু ক্ষেত্রে তিনি ভারী মৌলকে পরে বসিয়ে তুলনামূলক হালকা মৌলকে আগে বসান। যেমন টেলুরিয়াম (ভর: ১২৭.৬) আয়োডিনের (১২৬.৯) চেয়ে কিছুটা ভারী। কিন্তু মেন্ডেলিভ টেলুরিয়ামকে আগে বসান, অক্সিজেন যে সারিতে রয়েছে, সে সারিতে। আর আয়োডিনকে বসান পরে। কারণ, টেলুরিয়ামের যোজ্যতা বৈশিষ্ট্য ছিল অক্সিজেনের মতো। এরকম করে বসাতে গিয়ে কিছু ফাঁকা ঘর রয়ে গেল। মেন্ডেলিভ অনুমান করলেন, এসব ঘরে যেসব মৌল বসবে, সেগুলো এখনো আবিষ্কৃত হয়নি! যেমন গ্যালিয়াম, জার্মেনিয়াম ও স্ক্যান্ডিয়াম ১৮৭১ সালেও অনাবিষ্কৃত, অজানা। মেন্ডেলিভ এগুলোর ভর ও রাসায়নিক বৈশিষ্ট্য অনুমান করেন। বলেন, এ মৌলগুলো এই তিনটি ঘরে বসবে। (পরে দেখা যায়, তাঁর অনুমান একদম কাছাকাছি ছিল।) এ সময় তিনি কিছু মৌলের পারমাণবিক ভর আরও নিখুঁতভাবে বেরও করেন।

পর্যায় সারণি তাৎক্ষণিকভাবে কোনো প্রভাব ফেলতে পারেনি সেভাবে। তবে ১৮৭৫ সালে যখন গ্যালিয়াম আবিষ্কৃত হলো এবং মেন্ডেলিভের বলে দেওয়া অ্যালুমিনিয়ামের নিচের ঘরের 'ইকা-অ্যালুমিনিয়াম' বা 'অ্যালুমিনিয়ামের মতো' ঘরের অনাবিষ্কৃত মৌলটির সঙ্গে এর সব বৈশিষ্ট্য মিলে গেল, তখন বিজ্ঞানীরা বুঝতে শুরু করলেন, মেন্ডেলিভ কী করে গেছেন!

এ পর্যায়ে এসে বলা প্রয়োজন, মেন্ডেলিভ একাই একশ ছিলেন, এমন নয়। আইনস্টাইন যেমন আপেক্ষিকতা তত্ত্ব আবিষ্কারের জন্য নির্ভর করেছেন তাঁদের আগের বিজ্ঞানীদের অবদান ও আবিষ্কৃত জ্ঞানের ওপর, মেন্ডেলিভও তা-ই করেছেন। তবে তিনি একা রসায়নকে যতটা এগিয়ে দিয়েছেন, তা অনন্য।

চার

প্রায় ৪০০ বই ও অনেক গবেষণা প্রবন্ধ লিখেছেন মেন্ডেলিভ। পর্যায় সারণি ছাড়াও রসায়নে তাঁর আরও অনেক অবদান রয়েছে। সংক্ষিপ্ত এ লেখায় ওসব আপাতত থাকুক। পরে কখনো নাহয় আলোচনা করা যাবে।

ততদিনে তাঁর কর্মক্ষেত্রও বদলে গেছে। ১৯৬৫ সালে সেন্ট পিটার্সবার্গ স্টেট বিশ্ববিদ্যালয়ের রাসায়নিক প্রযুক্তি বিভাগে যোগ দেন মেন্ডেলিভ। ১৮৯০ সাল পর্যন্ত সেখানে কর্মরত ছিলেন অধ্যাপক হিসেবে। বিশ্ববিদ্যালয়ে চলমান এক ছাত্রদের আন্দোলনে সমর্থন জানিয়ে তিনি এ পদ থেকে ইস্তফা দেন। পরে সরকারের পরামর্শক হিসেবে কাজ করেছেন কিছুদিন। ১৮৯৩ সালে যোগ দেন রাশিয়ার সেন্ট্রাল ব্যুরো অব ওয়েট অ্যান্ড মেজার-এ, পরিচালক পদে।

১৯০৭ সালের ২ ফেব্রুয়ারি মারা যান এ মহান রসায়নবিদ। যতদিনে তাঁর অবদানের মর্ম বুঝেছে বিশ্ব, ততদিনে তাঁকে আর নোবেল পুরস্কার দিয়ে সম্মান জানানোর উপায় নেই। নোবেলবঞ্চিত রয়ে যান মেন্ডেলিভ। কিন্তু তাঁর নাম হয়ে ওঠে পর্যায় সারণির সমার্থক। রসায়নের ইতিহাসে তিনি অমর, অক্ষয়।৪

পদার্থবিজ্ঞানের অমর নক্ষত্র রিচার্ড ফাইনম্যান

বিজ্ঞানী হয়েও জীবদ্দশায় পেয়েছেন রকস্টারের খ্যাতি। পদার্থবিজ্ঞানের শিক্ষক হিসেবে তিনি কিংবদন্তীতুল্য। তাঁর রসিকতাবোধ মানুষকে মুগ্ধ করেছে বারেবারে। কাজ করেছেন ম্যানহাটান প্রজেক্টে সে কালের অন্যতম সেরা বিজ্ঞানীদের সঙ্গে। কোয়ান্টাম ইলেকট্রোডাইনামিকসে গবেষণার জন্য পেয়েছেন নোবেল পুরস্কার। তিনি রিচার্ড ফাইনম্যান। আজ ১১ মে তাঁর জন্মদিন। এই দিনে জেনে নিন রিচার্ড ফাইনম্যানের শৈশব, কৈশোর, গবেষণা উচ্ছ্বাস তৌসিফ

শুরুর আগে

একবার হাওয়াইতে আমাকে এক বৌদ্ধমন্দির দেখতে নিয়ে যাওয়া হয়। সেই মন্দিরের একজন আমাকে বলেছিলেন, 'আপনাকে আমি একটা কথা বলতে চাই। এটা আপনি কোনোদিন ভুলতে পারবেন না, আমি জানি।' তারপর বললেন, 'প্রত্যেক মানুষকেই স্বর্গের দরজার চাবি দেওয়া হয়। কিন্তু এই চাবি দিয়ে নরকের দরজাও খোলে।'

বিজ্ঞানের ক্ষেত্রেও কথাটা একই। এটা স্বর্গের দরজার চাবি হলেও, একই চাবি দিয়ে নরকের দরজাও খোলে। তবে কোনটা যে কীসের দরজাসে ব্যাপারে আমাদের কাছে কোনো নির্দেশনা নেই। তাহলে আমরা কি এই চাবি ছুঁড়ে ফেলে দেব? এবং স্বর্গে প্রবেশের সম্ভাবনা বন্ধ করে দেব চিরতরে? নাকি কীভাবে সবচেয়ে ভালোভাবে এই চাবি ব্যবহার করা যায়এ প্রশ্নের সমাধান করার চেষ্টা করে যাব? এটা খুব গুরুত্বপূর্ণ একটা প্রশ্ন। তবে আমার মনে হয়, স্বর্গের দরজার চাবির মূল্য আমরা অস্বীকার করতে পারি না।

দ্বিতীয় বিশ্বযুদ্ধে মার্কিন সরকার পারমাণবিক বোমা বানাতে একটি বিপুল ব্যয়বহুল প্রকল্প হাতে নেয়। এ প্রকল্পের নাম দেওয়া হয় ম্যানহাটান প্রজেক্ট। প্রকল্পটির প্রধান পরিচালক ছিলেন রবার্ট ওপেনহাইমার। বড় বড় বিজ্ঞানীদের সঙ্গে কাজ করার জন্য ডাক পেয়েছেন এক তরুণ বিজ্ঞানীও। তাঁর বয়স কেবল বিশ পেরিয়েছে। উচ্ছলতার বয়স। সেই বয়সে তরুণ এই বিজ্ঞানীর ঘাড়ে চেপেছে জটিল সব গাণিতিক হিসাবনিকাশের দায়িত্ব। গুরুদায়িত্ব, বলা বাহুল্য। একটু এদিক-ওদিক হলেই হয়েছে! সামান্য ভুলের জন্যও গুনতে হতে পারে চড়া মাশুল।

তরুণ যেন জাদু জানেন। দারুণ দক্ষতার সঙ্গে সামাল দিলেন সবকিছু। সেই সঙ্গে ইউরেনিয়াম-২৩৫ আর ইউরেনিয়াম-২৩৮-কে কীভাবে আলাদা করা যায়, এ নিয়েও কাজ করলেন সফলভাবে।

শুধু তাই নয়। পরবর্তীতে কোয়ান্টাম বলবিদ্যার একটি শাখাকোয়ান্টাম ইলেকট্রোডাইনামিকসে অবদানের জন্য নোবেল পুরস্কার পেয়েছেন তিনি। নিজের উদ্ভাবিত স্বনামের ডায়াগ্রামটির জন্যই শুধু অমর খ্যাতি পেতে পারতেন। তবে থেমে যাননি শেখানেই। জীবদ্দশায় বিজ্ঞানী হয়েও পেয়েছিলেন রকস্টারের খ্যাতি। পদার্থবিজ্ঞানের অন্যতম মেধাবী শিক্ষক হিসেবে নিজেকে নিয়ে গেছেন কিংবদন্তী পর্যায়ে। একবার পদার্থবিজ্ঞানের একাডেমিক কোর্স করিয়েছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রথম ও দ্বিতীয় বর্ষের শিক্ষার্থীদেরসেই লেকচারগুলো বই হিসেবে প্রকাশিত হয়েছে, আজও সেই বই বহু তরুণকে পদার্থবিজ্ঞানে পড়াশোনার অনুপ্রেরণা জুগিয়ে যাচ্ছে। বিজ্ঞান এগিয়ে গেছে অনেক দূর, বদলে গেছে অনেক কিছু, কিন্তু তাঁর দৃষ্টিভঙ্গির প্রয়োজনীয়তা ম্লান হয়নি একটুও।

তরুণ সেই বিজ্ঞানীর নাম রিচার্ড ফাইনম্যান। তাঁর গল্প শোনার জন্য চলুন ফিরে যাই ১৯১৮ সালে, যুক্তরাষ্ট্রের ব্রুকলিনে।

রিচার্ড ফাইনম্যানের বাবা-মা ছিলেন ইহুদি। বাবা মেলভিল ফাইনম্যানের জন্ম বেলারুশের মিন্স শহরে। পাঁচ বছর বয়সে পরিবারের সঙ্গে পাড়ি জমান যুক্তরাষ্ট্রে। নানারকম ব্যবসার চেষ্টা করেছেন, কিন্তু সফল হতে পারেননি। আসলে বিজ্ঞান ভালোবাসতেন। কিন্তু এ নিয়ে কাজ করার সুযোগ পাননি সেভাবে।

মা লুসিল ফিলিপস বেড়ে উঠেছেন যুক্তরাষ্ট্রের এক ইহুদি পরিবারে। তাঁর বাবা-মাও মার্কিন ছিলেন না। পোল্যান্ড ছেড়ে যুক্তরাষ্ট্রে এসে শুরু করেছিলেন নতুন জীবন। প্রাইমারি স্কুলে শিক্ষকতা করাতেন লুসিল। ১৯১৭ সালে মেলভিল এবং লুসিলের বিয়ে হয়। এক বছর পরে, ১৯১৮ সালের ১১ মে জন্ম নেয় তাঁদের প্রথম সন্তানরিচার্ড ফিলিপস ফাইনম্যান।

মেলভিল খুব চাইছিলেন, প্রথম সন্তান ছেলে হোক। ইচ্ছেপূরণের খুশিতে ছেলেকে যতভাবে সম্ভব, বিজ্ঞানে উৎসাহী করে তোলার চেষ্টায় নামলেন তিনি। অযথা চাপ দেননি অবশ্য। তবে একজন মানুষের জীবনের গতিপথ কেমন হবে, তার পেছনে শৈশবের ভূমিকা অনস্বীকার্য। রিচার্ড মাইনম্যানের জীবনী লিখেছেন জেমস গ্লেইক। নাম, জিনিয়াস: দ্য লাইফ অ্যান্ড সায়েন্স অব রিচার্ড ফাইনম্যান। সেখানে ফাইনম্যানকে নিয়ে তিনি লিখেছেন,

ফাইনফ্যান তাঁর সিরিয়াস স্বভাব ও জ্ঞানের জন্য আগ্রহ পেয়েছেন বাবার দিক থেকে। আর মায়ের কাছ থেকে পেয়েছেন গল্প বলার চমৎকার ক্ষমতা ও রসিকতাবোধ।

সব পরিবারেই কিছু জটিলতা থাকে। কষ্ট হানা দিয়ে যায়। মাত্র চার সপ্তাহ বয়সে রিচার্ড ফাইনম্যানের ছোট ভাই মারা যায়। সে সময় রিচার্ডের বয়স কেবল পাঁচ বছর। বাবা-মা এলোমেলো হয়ে গেলেন অনেকটা। জীবনযাত্রা কঠিন হয়ে উঠল। পরের চার বছর প্রচণ্ড মানসিক চাপ নিয়ে বেড়ে উঠেছেন ছোট্ট ফাইনম্যান। এর মধ্যে পরিবার অনেকবার বাসা বদলেছে, যেন পালিয়ে বেড়াতে চাচ্ছে দুঃসহ স্মৃতি থেকে। এ রকম সময়ে পৃথিবীতে এল ছোটবোন জোয়ান। পরের বছর ফার রকওয়েতে স্থায়ীভাবে বসবাস করতে শুরু করল ফাইনম্যান পরিবার। স্কুলে যাওয়ার আগেই বিজ্ঞান ও গণিতে হাতেখড়ি হয়ে গিয়েছিল রিচার্ডের। নিজে নিজেই শিখেছেন সবকিছু। সে সময় ইন্টারনেট ছিল না। এনসাইক্লোপিডিয়া ব্রিটানিকার সাহায্য নিয়েছিলেন ফাইনম্যান। সেই সঙ্গে বাসায়, নিজের ঘরে একটা ল্যাবরেটরিও বানিয়েছিলেন। বিদ্যুৎ নিয়ে টুকটাক পরীক্ষা চালাতেন সেখানে। যাঁরা ইয়াং শেলডন দেখেছেন, অনায়াসে ছোট্ট শেলডনের ল্যাবরেটরির সঙ্গে ফাইনম্যানের গবেষণাগারের মিল খুঁজে পাবেন। মিল খুঁজে পাবেন ছোট রিচার্ডের সঙ্গেও। ফার রকওয়ে হাইস্কুলে ভর্তি হওয়ার পর দেখা গেল, তাঁর সমস্ত আগ্রহ বিজ্ঞান ও গণিতে। ইতিহাস, কলা ইত্যাদিতে কোনো আগ্রহই নেই। এমনকি তাঁর কাছে মনে হতো, মানুষ আবার কবিতা পছন্দ করে কীভাবে!

সবচেয়ে মজার ব্যাপার হচ্ছে, হাইস্কুলে থাকতে ক্যালকুলাস, ত্রিকোণমিতি ইত্যাদি নিজে নিজে করতে গিয়ে sin– cos– tan– (অ)এসবের বদলে নিজস্ব নোটেশন বা চিহ্ন ব্যবহার করতে শুরু করেছিলেন রিচার্ড। তাঁর কাছে নাকি নিজস্ব নোটেশন ব্যবহার করতেই সহজ লাগত। খাতা ভর্তি সেই নোটেশন দেখে এক বন্ধু তাঁকে একবার বলল একটা গণিত বুঝিয়ে দিতে। বোঝাতে গিয়ে তিনি আবিষ্কার করলেন, নোটেশন আসলে কারো ব্যক্তিগত জিনিস নয়!

গণিত আর বিজ্ঞানে যত ভালোই হোন, অন্যান্য বিষয় পারতেন না একেবারেই। বিশ্ববিদ্যালয়ে ভর্তির সময় এটা ভয়াবহ এক সমস্যা হয়ে দাঁড়াল। মড়ার ওপর খাঁড়ার ঘা হিসেবে আছে 'ইহুদি' পরিচয়। যুক্তরাষ্ট্রে তখনও ইহুদিদেরকে অন্যরা সহজে নিতে পারত না। বিশ্ববিদ্যালয়ে কোটা আছে, সেই কোটার চেয়ে বেশি ইহুদি ভর্তি করে না কোনো বিশ্ববিদ্যালয়। কলাম্বিয়া বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা দিয়েছিলেন। কিন্তু তারা তাঁকে নেয়নি। তা হোক, কিন্তু ভর্তি পরীক্ষার ফি ১৫ ডলার নিয়ে সেটাও আর ফিরিয়ে দেয়নি তারা। সে জন্য ফাইনম্যান জীবনভর তাদের ক্ষমা করতে পারেননি! শেষ পর্যন্ত তিনি ভর্তি হয়েছিলেন ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজি, মানে এমআইটিতে। সেটা ১৯৩৫ সালের কথা।

অনার্স শেষ করতে করতে ১৯৩৯। এই সময়টাকে ফাইনম্যানের জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ অধ্যায় বলা যেতে পারে। পড়তে গিয়েছিলেন গণিত। তখন টের পেলেন, কোর্সটা এমনিতে বেশ সহজ। কিন্তু ওর কোন জিনিসটা বাস্তবে কাজে লাগবে, সেটা তিনি কিছুতেই বুঝতে পারছেন না। এমন সময় আর্থার এডিংটনের লেখা ম্যাথম্যাটিক্যাল থিওরি অব রিলেটিভিটি বইটা হাতে পেলেন। পড়ার পর বুঝলেন, এরকম কিছুই শিখতে চান তিনি। বাস্তব জগতের সমস্যা সমাধানে গণিত ব্যবহার করতে চান। তখনো তিনি প্রথম বর্ষের ছাত্র। চট করে গণিত থেকে সরে এলেন, ভর্তি হলেন ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে। কিন্তু অল্প কদিন পরেই বুঝলেন, মন টানছে না। আবারো বিষয় বদলে ভর্তি হলেন পদার্থবিজ্ঞানে। শুরু হলো তাঁর জীবনের নতুন অধ্যায়।

পদার্থবিজ্ঞানের যে কোর্সটা নিয়েছিলেন, সেটা ঠিক স্ট্যান্ডার্ড কোর্স ছিল না। 'ইন্ট্রোডাকশন টু থিওরেটিক্যাল ফিজিকস' নামের এই কোর্সটা ছিল অনার্স শেষ করে আসা শিক্ষার্থীদের জন্য। অথচ ফাইনম্যান তখন মাত্র দ্বিতীয় বর্ষের ছাত্র। **ক্রমশঃ**

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# দুটি সামার স্পেশাল ট্রেনের পরিষেবার মেয়াদ বৃদ্ধি গুয়াহাটি ও হাওড়ার মধ্যে একমুখী স্পেশাল ট্রেন



মালিগাঁও, ০৬ জুন, ২০২৪: যাত্রীদের অতিরিক্ত ভিড় হ্রাস করতে দুই জোড়া স্পেশাল ট্রেন নং. ০৬১০৩/০৬১০৪ (নাগেরকইল জং.-ডিব্রুগড়-নাগেরকইল জং.) এবং ট্রেন নং. ০৬১০৫/০৬১০৬ (নাগেরকইল জং.-ডিব্রুগড়-নাগেরকইল জং.)-এর পরিষেবা উভয় দিক থেকে এক সাথে দুটি ট্রিপের জন্য অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এই ট্রেনগুলি বিদ্যমান পরিষেবার দিন, সময়সূচি ও স্টপেজের সাথে চলাচল করবে। এছাড়াও উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে ০৭ জুন, ২০২৪ তারিখে একটি ট্রিপের জন্য গুয়াহাটি ও হাওড়ার মধ্যে একটি একমুখী সামার স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।
সেই অনুযায়ী, ট্রেন নং. ০৬১০৩ (নাগেরকইল জং.-ডিব্রুগড়) স্পেশাল ০৭ জুন থেকে ২১ জুন, ২০২৪ পর্যন্ত প্রত্যেক শুক্রবার চলাচল করবে। ফেরত যাত্রার সময়, ট্রেন নং. ০৬১০৪ (ডিব্রুগড়-নাগেরকইল জং.) স্পেশাল ১২ জুন থেকে ২৬ জুন, ২০২৪ পর্যন্ত প্রত্যেক বুধবার চলাচল করবে।
ট্রেন নং. ০৬১০৫ (নাগেরকইল জং.-ডিব্রুগড়) স্পেশাল ১৪ জুন থেকে ২৮ জুন, ২০২৪ পর্যন্ত প্রত্যেক শুক্রবার চলাচল করবে। ফেরত যাত্রার সময়, ট্রেন নং. ০৬১০৬ (ডিব্রুগড়-নাগেরকইল জং.) স্পেশাল ১৯ জুন থেকে ০৩ জুলাই, ২০২৪ পর্যন্ত প্রত্যেক বুধবার চলাচল করবে। এই ট্রেনগুলির পরিষেবা বৃদ্ধি করার ফলে সংশ্লিষ্ট রুটগুলির অন্যান্য ট্রেনের ওয়েটিং লিস্টের যাত্রীরা উপকৃত হবেন।
এছাড়াও, ট্রেন নং. ০৫৬৮০ (গুয়াহাটি-হাওড়া) একমুখী স্পেশাল গুয়াহাটি থেকে ০৭ জুন, ২০২৪ তারিখ, শুক্রবার ০৫.৫০ ঘণ্টায় রওনা দিয়ে শনিবার ০৩.০০ ঘণ্টায় হাওড়া পৌঁছবে। যাত্রীদের সুবিধার জন্য এই একমুখী স্পেশাল ট্রেনটিতে ২১টি কামরা থাকবে। যাত্রার সময় ট্রেনটি গোয়ালপাড়া টাউন, নিউ বঙাইগাঁও, নিউ জলপাইগুড়ি, মালদা টাউন ও বর্ধমান ইত্যাদি রেলওয়ে স্টেশন হয়ে চলবে।
এই ট্রেনগুলির স্টপেজ ও সময়সূচির বিশদ বিবরণ আইআরসিটিসি ওয়েবসাইট এবং উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের সোসিয়াল মিডিয়া প্ল্যাটফর্মে পাওয়া যাবে। যাত্রার করার পূর্বে বিশদ বিবরণগুলি দেখে নেওয়ার জন্য যাত্রীদের অনুরোধ জানানো হচ্ছে।

# তাপমাত্রা বাড়তে থাকায় গ্রীষ্মের মাসগুলিতে তাপপ্রবাহ মোকাবিলার প্রস্তুতি এবং হাসপাতালে অগ্নিকাণ্ড প্রতিরোধে রাজ্যগুলির সঙ্গে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের পর্যালোচনা বৈঠক

নয়াদিল্লি, ৬ জুন ২০২৪ তাপমাত্রা বাড়তে থাকায় গ্রীষ্মের মাসগুলিতে তাপপ্রবাহ মোকাবিলার প্রস্তুতি এবং হাসপাতালে অগ্নিকাণ্ড প্রতিরোধে রাজ্যগুলির সঙ্গে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের স্বাস্থ্য পরিষেবা সংক্রান্ত মহানির্দেশক ডা. অতুল গোয়েল রাজ্য / কেন্দ্রশাসিত অঞ্চলগুলির সঙ্গে এই বৈঠকে দেশজুড়ে স্বাস্থ্য পরিচর্যা সংক্রান্ত বিভিন্ন ব্যবস্থা নিতে বলেছেন।
আবহাওয়া দপ্তর গত ২৭ মে পূর্বাভাসে জানিয়েছে যে জুন মাসে দেশের বেশিরভাগ জায়গাতেই তাপমাত্রা স্বাভাবিকের থেকে বেশি থাকবে, ব্যতিক্রম কেবলমাত্র দক্ষিণ উপদ্বীপ অঞ্চল। এসব জায়গাতে তাপমাত্রা স্বাভাবিক বা স্বাভাবিকের থেকে নিচে থাকবে। জুন মাসে উত্তর-পশ্চিম ভারতের বেশিরভাগ জায়গা এবং মধ্য-ভারতের সংলগ্ন এলাকাগুলিতে তাপমাত্রা স্বাভাবিকের থেকে বেশি থাকবে।
রাজ্য স্বাস্থ্য দপ্তরগুলিকে এ ব্যাপারে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক প্রয়োজনীয় নির্দেশিকা পাঠিয়েছে। এই নির্দেশিকার মধ্যে রয়েছে তাপপ্রবাহজনিত শারীরিক অসুস্থতার ক্ষেত্রে যাবতীয় প্রস্তুতি গ্রহণ। এছাড়াও বিভিন্ন পোস্টার ও টেমপ্লেটের মাধ্যমে তাপপ্রবাহের সময় কি করা উচিত বা উচিত নয়, সে ব্যাপারে সচেতনতা প্রচার। অতি তাপপ্রবাহজনিত অসুস্থতার ক্ষেত্রে যাতে অসুস্থ ব্যক্তিকে ঠান্ডা জায়গায় স্থানান্তরিত করা যায়, হাসপাতালে সেই পরিকাঠামো তৈরি রাখতেও বলা হয়েছে। সেইসঙ্গে, তাপপ্রবাহজনিত মৃত্যুর ক্ষেত্রে ময়না তদন্ত সংক্রান্ত নির্দেশিকা দেশের সমস্ত এইম ও মেডিকেল কলেজগুলিতে পাঠানো হয়েছে। স্বাস্থ্য পরিষেবা সংক্রান্ত অন্যান্য প্রস্তুতির পাশাপাশি, অ্যাম্বুলেন্সকে সবসময়ই প্রস্তুত রাখতে বলা হয়েছে।
বৈঠকে রাজ্য / কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে তাপপ্রবাহজনিত পরিস্থিতি মোকাবিলায় কর্মপরিকল্পনা প্রস্তুত রাখা, আবহাওয়া দপ্তরের তাপপ্রবাহজনিত পূর্বাভাস মানুষের মধ্যে ছড়িয়ে দেওয়া, সমস্ত স্বাস্থ্য পরিষেবা কেন্দ্রগুলিতে হিট স্ট্রোক রুম তৈরি রাখা, বড় কোন জমায়েত বা ক্রীড়ানুষ্ঠানের ক্ষেত্রে এই জাতীয় প্রস্তুতি রাখা, যে সমস্ত জায়গায় সহজেই আগুন লাগার প্রবণতা থাকে, সেখানে প্রতিরোধমূলক ব্যবস্থা প্রস্তুত রাখা ও অগ্নি নির্বাপণে বিশেষ প্রশিক্ষণ প্রদান এবং প্রয়োজনীয় সাজসরঞ্জাম তৈরি রাখতে বলা হয়েছে।
রাজ্যস্তরে যে সমস্ত প্রস্তুতি নেওয়া হয়েছে তা হল — মধ্যপ্রদেশ অগ্নি নিরাপত্তার ক্ষেত্রে সরকারি এবং বেসরকারি হাসপাতালে মক ড্রিল চালাচ্ছে, ওড়িশার মতো রাজ্য যেখানে লাল সতর্কতা দেওয়া হয়েছে, সেখানে তাপপ্রবাহ নিয়ন্ত্রণ কক্ষ রাজ্যজুড়ে গড়ে তোলা হয়েছে। এছাড়াও, উত্তরপ্রদেশে 'দস্তক', অর্থাৎ দরজায় দরজায় গিয়ে সচেতনতামূলক প্রচার চালানো হচ্ছে। রাজ্যের সমস্ত হাসপাতালে অগ্নি নির্বাপণ সংক্রান্ত ব্যবস্থা মজুত রাখা হয়েছে। হরিয়ানা বিশেষ আর্থিক বরাদ্দ করেছে ওষুধপত্র ও অন্যান্য পরিষেবার স্বার্থে। রাজস্থান শীতাতপ নিয়ন্ত্রিত অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করেছে। বিহারে রাজ্য বিপর্যয় মোকাবিলা কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয়ের ভিত্তিতে কাজ করা হচ্ছে। দিল্লিতে সমস্ত সরকারি এবং বেসরকারি হাসপাতালে অগ্নি নির্বাপণের ক্ষেত্রে প্রয়োজনীয় নির্দেশিকা দেওয়া হয়েছে।

## পঞ্জাব-হরিয়ানায় ধুলো ঝড়, গাছ ভেঙে ও প্রবল বৃষ্টিতে বিদ্যুৎ পরিষেবা বিঘ্নিত

চণ্ডীগড়, ৬ জুন (হি.স.) : প্রচণ্ড ধুলোঝড়ে লন্ডভন্ড হয়ে গেল পঞ্জাব ও হরিয়ানা, একই অবস্থা কেন্দ্রশাসিত অঞ্চল চণ্ডীগড়েও। গাছ ভেঙে ও প্রবল বৃষ্টিতে বিদ্যুৎ পরিষেবা বিঘ্নিত হয়েছে নানা স্থানে। বুধবার রাতে পঞ্জাব, হরিয়ানা ও চণ্ডীগড়ে ভারী বৃষ্টির পাশাপাশি শক্তিশালী ধুলোঝড় হয়, ফলে অনেক এলাকায় বিদ্যুতের খুঁটি, টাওয়ার এবং গাছ উপড়ে পড়েছে।
চণ্ডীগড়, পঞ্চকুলা, মোহালি, পাটিয়ালা এবং লুধিয়ানাতেও বৃষ্টি ও ধুলোঝড়ের প্রভাব দেখা গিয়েছে, বিভিন্ন স্থানে রাস্তায় গাছ এবং খুঁটি উপড়ে পড়েছে। লুধিয়ানার ঝুমার মান্ডি এবং সিভিল লাইনে ৮-১০ ঘন্টারও বেশি সময় ধরে কোনও বিদ্যুৎ সরবরাহ ছিল না এবং ভোল্টেজ ওঠানামা করছিল। সাহনেওয়াল এলাকায় ৬২টি বিদ্যুতের খুঁটি প্রবল হাওয়ার বেগে উপড়ে পড়েছে। বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক করার চেষ্টা চলছে।

## ভোট পরবর্তী হিংসায় ক্ষুব্ধ শুভেন্দু, রাজ্যপাল বোসকে চিঠি লিখলেন বিরোধী দলনেতা

কলকাতা, ৬ জুন (হি.স.): আশঙ্কা ছিলই, আর তাই হল। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ভোট পরবর্তী হিংসা অব্যাহত। সবক্ষেত্রেই আক্রান্ত হচ্ছেন বিজেপির নেতা-কর্মীরা। এই ভোট পরবর্তী হিংসায় রীতিমতো ক্ষুব্ধ বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।
এই হিংসা রুখতে রাজ্যপাল ডঃ সি ভি আনন্দ বোসকে চিঠি লিখলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।
ভোট পরবর্তী হিংসা রুখতে রাজ্যপালকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আবেদন জানিয়েছেন বিরোধী দলনেতা।
রাজ্যের বিভিন্ন প্রান্তে যে সমস্ত জায়গায় অশান্তি হচ্ছে রাজ্যপালকে সেই সমস্ত জায়গা পরিদর্শনের অনুরোধ করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার কথাও চিঠিতে উল্লেখ করেছেন শুভেন্দু। বৃহস্পতিবার সোশ্যাল মিডিয়ায় এই নিয়ে সরব হন শুভেন্দু। তিনি লেখেন, ”ভোটের ফল বেরনোর পর বিজেপি-র কার্যকর্তাদের উপর তৃণমূলের গুন্ডাদের হামলা চালানো এখন পশ্চিমবঙ্গের সংস্কৃতি হয়ে দাঁড়িয়েছে। ২০২১ সালের বিধানসভা নির্বাচনের পর যেমন বিজেপি কর্মীদের প্রাণ হারাতে হয়েছিল, একই ভাবে লোকসভা নির্বাচনের ফল বেরনোর পরও বিজেপি কর্মীদের নিশানা করা হচ্ছে”।
শুভেন্দুর দাবি, যে গুন্ডারা বিজেপি-র কর্মীদের উপর হামলা চালাচ্ছে, রাজ্যের শাসকদলের সঙ্গে সরাসরি সংযোগ রয়েছে তাদের।
এ নিয়ে রাজ্যপাল সিভি আনন্দ বোসকে চিঠি দিয়েছেন তিনি। রাজ্যের সন্ত্রস্ত এলাকাগুলি ঘুরে দেখতে আর্জি জানিয়েছেন তাঁকে। পরিস্থিতি বুঝে ভোট পরবর্তী হিংসা নিয়ে রাজ্যপাল যাতে পদক্ষেপ করেন, সেই আর্জিও জানিয়েছেন।

## অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৭৯ ডলারের কাছাকাছি, পেট্রোল এবং ডিজেলের দাম স্থিতিশীল

নয়াদিল্লি, ৬ জুন (হি.স.) : আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ওঠানামা অব্যাহত রয়েছে। ব্রেন্ট ক্রুডের দাম বেড়েছে ৭৯ ডলারের এবং ডব্লুটিআই ক্রুডের দাম ব্যারেল প্রতি ৭৫ ডলারের কাছাকাছি পৌঁছেছে। বৃহস্পতিবার পেট্রোল ও ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি। এই সপ্তাহের চতুর্থ দিনে, ব্র্যান্ড ক্রুড ব্যারেল প্রতি ৭৭.৫২ ডলারে লেনদেন করছে এবং ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লুটিআই) ক্রুড ০.০৩ ডলার বা ০.০৪ শতাংশ কমে ব্যারেল প্রতি ৭৩.২২ ডলারে লেনদেন করছে। ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, দিল্লিতে পেট্রোলের দাম ৯৪.৭২ টাকা, ডিজেল ৮৭.৬২ টাকা, মুম্বাইতে পেট্রোল ১০৪.২১ টাকা, ডিজেল ৯২.১৫ টাকা, কলকাতায় ১০৩.৯৪ টাকা, ডিজেল ৯০.৭৬ টাকা, চেন্নাইতে পেট্রোল ১০০.৭৫ টাকা, ডিজেল ৯২.৩৪ টাকা প্রতি লিটারে পাওয়া যায়।

## সেই সময় বেশি দূর নয়, যেদিন বিজেপি সমগ্র দেশ থেকে নিশ্চিহ্ন হয়ে যাবে : অবধেশ প্রসাদ

লখনউ, ৬ জুন (হি.স.) : উত্তর প্রদেশের ফৈজাবাদ (অযোধ্যা) আসনটি বিজেপির কাছ থেকে ছিনিয়ে নিয়ে তাক লাগিয়ে দিয়েছেন অখিলেশ যাদবের সমাজবাদী পার্টি। এই লোকসভা কেন্দ্রেই রয়েছে অযোধ্যার রামমন্দির। মনে করা হয়েছিল, রামমন্দিরকে সামনে রেখে হিন্দুত্বের আবেগ উস্কে এ বারও ওই কেন্দ্রে জয় হাসিল করবে পদ্মশিবির। কিন্তু ফৈজাবাদের দু'বারের সাংসদ লাল্লু সিংহকে ৫০ হাজারেরও বেশি ভোটে হারিয়ে দেন অবধেশ প্রসাদ। এই জয়ের পর অবধেশ প্রসাদ বলেছেন, সেই সময় বেশি দূর নয়, যেদিন বিজেপি সমগ্র দেশ থেকে উৎখাত হবে। বৃহস্পতিবার লখনউতে সাংবাদিকদের মুখোমুখি হয়ে অবধেশ প্রসাদ বলেছেন, 'বিজেপি সরকারের বিষয় ছিল মন্দির, মসজিদ, হিন্দু, পাকিস্তান...আমাদের দেশের আসল বিষয় হল মুদ্রাস্ফীতি, ৭ লক্ষ যুবক পুলিশ বাহিনীতে ভর্তির জন্য আবেদন করেছিল, কঠোর পরিশ্রম করেছে, কিন্তু পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়ে গেল... সেই সময় বেশি দূরে নয়, যখন গোটা দেশ থেকে বিজেপি নিশ্চিহ্ন হয়ে যাবে...'

## বিজেপি বিধায়ক হিসেবে শপথ নিলেন সাইনি, কৃতজ্ঞতা জ্ঞাপন কার্নালের জনগণের প্রতি

চণ্ডীগড়, ৬ জুন (হি.স.): কার্নালের বিজেপি বিধায়ক হিসেবে শপথ নিলেন হরিয়ানার মুখ্যমন্ত্রী নায়াব সিং সাইনি। বৃহস্পতিবার সকালে বিধায়ক হিসেবে শপথ নেন সাইনি, তাঁকে শপথবাক্য পাঠ করান হরিয়ানা বিধানসভার স্পিকার গিয়ান চন্দ গুপ্তা। বিধায়ক হিসেবে শপথ নেওয়ার পর কার্নালের জনগণকে ধন্যবাদ জানিয়েছেন সাইনি। মুখ্যমন্ত্রী সাইনি বলেছেন, 'আমি কার্নালের জনগণকে ধন্যবাদ জানাই, তাঁরা আমার ওপর নিজেদের আস্থা রেখেছেন। কার্নালের জনসাধারণ তাঁদের অনুমোদন দিয়েছেন যে, অক্টোবরে অনুষ্ঠিতব্য বিধানসভা নির্বাচনে, বিজেপি তৃতীয়বারের মতো হরিয়ানায় সরকার গঠন করবে। বিশাল জনাদেশে।'

## বকেয়া মজুরির দাবিতে শ্রমিক বিক্ষোভ কালচিনি ব্লকের মধু চা বাগানে

হাসিমারা, ৬ জুন (হি.স.) : বকেয়া মজুরির দাবিতে শ্রমিক বিক্ষোভ শুরু হল কালচিনি ব্লকের মধু চা বাগানে। বৃহস্পতিবার সকাল থেকে হাসিমারা-কালচিনি রাজ্য সড়ক অবরোধ করে বাগান কর্তৃপক্ষের বিরুদ্ধে বিক্ষোভ প্রদর্শন শুরু করেন চা শ্রমিকরা। খবর পেয়ে হাসিমারা ফাঁড়ির পুলিশ ঘটনাস্থলে পৌঁছয়। যদিও শ্রমিকরা ব্লক প্রশাসনের হস্তক্ষেপের দাবিতে অনড় থাকেন। পরবর্তীতে কালচিনির যুগ্ম বিডিও অবরোধস্থলে পৌঁছে বাগান কর্তৃপক্ষের সঙ্গে কথা বলবেন বলে আশ্বাস দিলে শ্রমিকরা অবরোধ তুলে নেন।
শ্রমিকদের অভিযোগ, প্রায় আড়াই মাসে ৫টি পাক্ষিক মজুরি বকেয়া রয়েছে তাঁদের। অবিলম্বে মজুরি প্রদানের দাবি জানিয়েছেন শ্রমিকরা। বাগানের বাসিন্দা তথা বিজেপির ৩ নম্বর মণ্ডলের সহ সভাপতি লোকনাথ মাহালি অভিযোগ করে বলেন, 'মালিকপক্ষ দীর্ঘদিন ধরে শ্রমিকদের মজুরি নিয়ে টালবাহানা করছে। দ্রুত মজুরি না দিলে আমরা বিডিও অফিস, শ্রম দফতরের অফিস ঘেরাও করতে বাধ্য হব।

## ইউরোর প্রস্তুতি ফ্রান্সের অনায়াস জয়ে এমবাপের গোল

প্যারিস, ৬ জুন (হি. স.): ইউরোর প্রস্তুতিমূলক ম্যাচের প্রথমটিতে লুক্সেমবার্গকে তিন গোলে হারাল ফ্রান্স। দলের তিন গোলেই অবদান রাখলেন কিলিয়ান এমবাপে। প্রথমার্ধে রন্দাল কোলো মুয়ানি ফ্রান্সকে এগিয়ে দেওয়ার পর দ্বিতীয়ার্ধে ব্যবধান বাড়ান ইয়োনাথাঁ ক্লস ও এমবাপে। দুই গোলেই এমবাপে অবদান রাখেন। ফিফা র‍্যাঙ্কিংয়ে ৮৭তম স্থানে থাকা লুক্সেমবার্গের বিপক্ষে দুই নম্বর দল ফ্রান্স ৬১ শতাংশ সময় বল দখলে রাখে। গোলের জন্য শট নেয় ২১টি, যার মধ্যে ৭টি ছিল লক্ষ্যে। আর সফরকারীদের ৩ শটের একটি লক্ষ্যে ছিল। ইউরোর আগে ফ্রান্স শেষ প্রীতি ম্যাচে খেলবে আগামী রবিবার কানাডার বিরুদ্ধে।

## জাতিভিত্তিক জনগণনা সময়ের দাবি : কে সি ত্যাগী

পাটনা, ৬ জুন (হি.স.) : জাতিভিত্তিক জনগণনা সময়ের দাবি। বললেন জেডিইউ মুখপাত্র কে সি ত্যাগী। বৃহস্পতিবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে কে সি ত্যাগী বলেছেন, 'দেশের কোনও দলই জাতিভিত্তিক জনগণনার বিষয়ে না বলেনি। বিহার পথ দেখিয়েছে। প্রধানমন্ত্রীও সর্বদলীয় প্রতিনিধি দলে এর বিরোধিতা করেননি। জাতিভিত্তিক জনগণনা এখন সময়ের দাবি। আমরা তা অনুসরণ করব।'
কে সি ত্যাগী এদিন অগ্নিবীর প্রকল্প প্রসঙ্গে বলেছেন, 'অগ্নিবীর প্রকল্প নিয়ে ক্ষুব্ধ ভোটারদের একাংশ। আমাদের দল চায় যে সমস্ত ত্রুটিগুলি জনসাধারণের দ্বারা প্রশ্নবিদ্ধ হয়েছে, সেগুলি বিস্তারিতভাবে আলোচনা করা হোক এবং দূর করা হোক। অভিন্ন দেওয়ানি বিধিতে দলের জাতীয় সভাপতি হিসাবে মুখ্যমন্ত্রী আইন কমিশনের প্রধানকে চিঠি লিখেছিলেন। আমরা এর বিরুদ্ধে নই, তবে সব স্টেকহোল্ডারের সঙ্গে কথা বলে সমাধান খুঁজে বের করা উচিত।''

## ভারতের প্রধানমন্ত্রী হচ্ছেন মোদী, অস্ট্রেলিয়া থেকে শুভেচ্ছা পাঠালেন অ্যান্টনি

নয়াদিল্লি, ৬ জুন (হি. স.): পরপর ৩ বার ভারতের প্রধানমন্ত্রীর কুর্সিতে বসতে চলেছেন নরেন্দ্র দামোদরদাস মোদী। খুব শীঘ্রই দেশের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিতে চলেছেন তিনি। তার আগে বিশ্বের বিভিন্ন দেশ থেকে আসছে শুভেচ্ছা-বার্তা। এবার অস্ট্রেলিয়া থেকে শুভেচ্ছা-বার্তা পাঠালেন সে দেশের প্রধানমন্ত্রী অ্যান্টনি আলবেনিজ।
লোকসভা নির্বাচনে ভারতীয় জনতা পার্টি এবং এনডিএ-র অভূতপূর্ব সাফল্যের জন্য অভিনন্দন জানিয়েছেন অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী অ্যান্টনি আলবেনিজ। বৃস্পতিবার মোদীকে শুভেচ্ছা জানিয়ে অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী এক্স হ্যান্ডেলে লেখেন,

## ফৈজাবাদে সপা-র জয়ে উৎফুল্ল অখিলেশ, উপর্যুপরি আক্রমণ বিজেপিকে

নয়াদিল্লি, ৬ জুন (হি.স.): ফৈজাবাদে (অযোধ্যা) সমাজবাদী পার্টির জয়ে উৎফুল্ল দলের প্রধান অখিলেশ যাদব। একইসঙ্গে উপর্যুপরি আক্রমণ করেছেন বিজেপিকে। দিল্লিতে সাংবাদিকদের মুখোমুখি হয়ে অখিলেশ যাদব বলেছেন, 'প্রকৃত সত্য হল উত্তর প্রদেশে বিজেপি আরও বেশি আসন হারাত। আমি অযোধ্যাবাসীকে ধন্যবাদ জানাই। অযোধ্যার বেদনা আপনারা সময়ে সময়ে দেখেছেন। তাঁদের জমির জন্য পর্যাপ্ত ক্ষতিপূরণ দেওয়া হয়নি, তাঁদের প্রতি অবিচার করা হয়েছে, তাঁদের জমি বাজার মূল্যের সমান অধিগ্রহণ করা হয়নি, তাঁদের বিরুদ্ধে মিথ্যা মামলা দিয়ে জোরপূর্বক জমি কেড়ে নেওয়া হয়েছিল।'
অখিলেশ যাদব আরও বলেছেন, 'একটি পবিত্র জিনিসের জন্য আপনারা গরীবদের ধ্বংস করেছেন। সেই কারণেই, আমি মনে করি অযোধ্যা এবং পার্শবর্তী এলাকার মানুষ বিজেপির বিরুদ্ধে ভোট দিয়েছে।' অগ্নিবীর প্রকল্প বাতিলের আবেদন জানিয়ে অখিলেশ যাদব বলেছেন, 'আমি মনে করি অগ্নিবীর ব্যবস্থা অবিলম্বে বাতিল করা উচিত। সরকারের স্বীকার করা উচিত যে এটি একটি ভুল ছিল, অগ্নিবীর ব্যবস্থা চালু করা উচিত ছিল না।'

## ফের ফুঁসছে কপিলি নদী, ভয়াবহ বন্যার কবলে নগাঁও জেলার কামপুর রাজস্ব সার্কল

নগাঁও (অসম), ৬ জুন (হি.স.) : গতকাল বুধবার রাত থেকে ফের বাড়ছে কপিলি নদীর জল। ফলে নগাঁও জেলার অন্তর্গত কামপুর রাজস্ব সার্কল এলাকার বিস্তীর্ণ এলাকায় নতুন করে জটিল রূপ ধারণ করেছে বন্যা পরিস্থিতি। বন্যাক্রান্ত বহু মানুষজনকে নিজের বাড়িঘর ছেড়ে ত্রাণ শিবিরে গিয়ে আশ্রয় নিতে হয়েছে।
ইতিমধ্যে কামপুর রাজস্ব সার্কলের ৯৮টি গ্রামের প্রায় ২ লক্ষ ৬৮ হাজার মানুষ বন্যার কবলে পড়েছেন। এখন পর্যন্ত ২৯টি ত্রাণ শিবির স্থাপন করেছে প্রশাসন।
উল্লেখ্য, তিনদিন আগে কামপুরের বিভিন্ন গ্রাম থেকে বন্যা জল কমেছিল। কিন্তু গতকাল রাত থেকে কপিলি নদীর জল পুনরায় বাড়তে থাকায় সিঁদুরে মেঘ দেখছেন বামভাসি মানুষজন।

## কেতুগ্রামে সিপিএম কর্মীর বাড়ির শৌচালয়ে বোমা বিস্ফোরণ

কেতুগ্রাম, ৬ জুন (হি.স.) : পূর্ব বর্ধমানের কেতুগ্রামের মুড়-গোপালপুর পঞ্চায়েতের হাটমুড়গ্রামের উত্তরপাড়া এলাকায় বিস্ফোরণের জেরে সিপিএম কর্মীর বাড়ির কংক্রিটের শৌচালয়ের ছাদ উড়ে গেল। ভেঙে পড়ল সীমানা পাঁচিল। বৃহস্পতিবার সাত সকালের এই ঘটনায় গ্রামে চাঞ্চল্য ছড়িয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে এসেছে পুলিশ।
পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এদিন সকাল ৬টা নাগাদ আচমকাই বিস্ফোরণের শব্দে কেঁপে ওঠে এলাকা। স্থানীয় বাসিন্দারা শব্দের উৎস সন্ধানে এসে দেখতে পান, শ্যামল ঘোষ নামে এক সিপিএম কর্মীর বাড়ির শৌচালয়ে বিস্ফোরণ হয়েছে। বিস্ফোরণে উড়ে যায় শৌচালয়ের ছাদ।
খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় কেতুগ্রাম থানার পুলিশ। কেন্দ্রীয় বাহিনীকে সঙ্গে করে চিরুনি তল্লাশি চলছে। স্থানীয় তৃণমূল নেতাদের দাবি, গ্রামে অশান্তি করবার জন্য শ্যামল ঘোষ বাড়িতে বোমা মজুত করেছিল। ঘটনার পর থেকে শ্যামল ঘোষের পরিবার বাড়ি ছেড়ে পালায়। সিপিএম নেতৃত্বের দাবি শ্যামল ঘোষ সিপিএম কর্মী ছিলেন না। এই ঘটনার সঙ্গে সিপিএমের কোনও যোগ নেই। ঘটনার পর থেকে শ্যামল ঘোষকে এলাকায় দেখতে পাওয়া যাচ্ছে না।

**AGARTALA MUNICIPAL CORPORATION**
**OFFICE OF THE MUNICIPAL COMMISSIONER,**
**CITY CENTRE COMPLEX, AGARTALA,**
**PHONE 0381-2325646, 2325507**
**E-mail: amc-tripura@nic.in,**
**amc.tripura@gmail.com**
**F.No-1(82)/GIS Property**
**Tax/e-Gov/AMC/2023/1297-1310 Dated: 6/6/2024**

***Press Notice***

Agartala Municipal Corporation announces the temporary suspension of Online Town-hall booking and Property Tax related services from 07/06/2024 to 10/06/2024 due to server maintenance.
Services will resume on 11th June 2024.

আগরতলা পুর নিগম জনসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে আগরতলা মিউনিসিপ্যাল কর্পোরেশনের সার্ভার রক্ষণাবেক্ষণ কারণে আগামী ০৭/০৬/২০২৪ থেকে ১০/০৬/২০২৪ পর্যন্ত অনলাইন টাউন-হল বুকিং এবং সম্পত্তি কর সংক্রান্ত পরিষেবাগুলি সাময়িকভাবে স্থগিত করার ঘোষণা করা হইতেছে। ১১/০৬/২০২৪ তারিখে পরিষেবাগুলি আবার চালু হইতেছে।

**Municipal Commissioner**
**Agartala Municipal Corporation**

**বিজ্ঞপ্তি**

২০২৪ সালের পঞ্চায়েতের সাধারণ নির্বাচন সম্পর্কিত, কাকড়াবন আর ডি ব্লকের অধীনে সমস্ত গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের সমস্ত নির্বাচনী এলাকার জন্য খসড়া ভোটার তালিকা ০৬/০৬/২০২৪ ইং তারিখে প্রকাশিত হয়েছে।
এই খসড়া তালিকাটি মুদ্রিত আকারে ভোটারের ছবি সহ প্রকাশিত হয়েছে এবং এর অনুলিপি নিম্নে উল্লেখিত সমস্ত মনোনীত স্থানগুলিতে পরিদর্শনের জন্য এবং দাবি ও আপত্তি জমা নেওয়ার জন্য উপলব্ধ করা হয়েছে।
১. নির্বাচন নিবন্ধন আধিকারিক (সমষ্টি উন্নয়ন আধিকারিক), কাকড়াবন আর ডি ব্লক অফিসে।
২. কাকড়াবন আরডি ব্লকের অধীনে সমস্ত ভোট গ্রহন কেন্দ্রে।
৩. কাকড়াবন আরডি ব্লকের অধীনে সমস্ত গ্রাম পঞ্চায়েত অফিসে।
৪. ডিস্ট্রিক্ট ইলেকশন অফিসার (জেলা শাসক ও সমাহর্তা) গোমতী অফিসে।
৫. গোমতী জেলা পরিষদের অফিসে।
৬. কাকড়াবন পঞ্চায়েত সমিতির অফিসে।
৭. সাব-ডিভিশনাল ইলেকশন অফিসার (মহকুমা শাসক) উদয়পুর অফিসে।
গুরুত্বপূর্ণ তারিখগুলি নিম্নে দেওয়া হল:-
১. খসড়া ভোটার তালিকা প্রকাশনের তারিখ :- ০৬.০৬.২০২৪
২. দাবি ও আপত্তি জমা দেওয়ার শেষ তারিখ :-১৩.০৬.২০২৪ ৩. দাবি ও আপত্তি নিষ্পত্তি :- ১৪.০৬.২০২৪ থেকে ১৮.০৬.২০২৪ পর্যন্ত ৪. চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশনের তারিখ:- ২৪.০৬.২০২৪

নির্বাচন নিবন্ধন আধিকারিক
(সমষ্টি উন্নয়ন আধিকারিক)
কাকড়াবন আর ডি ব্লক

**ICA/D-254/24**

**No: SED/ESTT/TSECL/1(157)/2023/ 540**
**Date: 06106 12024**
**TENDER NOTICE FOR HIRING OF VEHICLE**


A sealed tender in two bid system is invited for hiring of 01 (one) no. Maruti EECO (CNG) vehicle for the official purpose of the society to be transported throughout the state from the reputed traders/institutions/organizations for a period of 01 (one) year.
The detail terms & conditions, proforma for submission of Technical & financial bid, EMD etc.of the tender is available at official website https://sofed.tripura.gov.in. The tender may be dropped to the O/O the undersigned during office hour w.e.f. from 07/06/2024 to 18/06/2024. The last date of submission of tender is 18-06-2024 up to 5 P.M.
**1CA/C/14/24**

Member Secretary

# হরেকরকম

হরেকরকম হরেকরকম

## কানের ব্যথায় কাবু ? ঘরোয়া উপায়েই যন্ত্রণা কমবে



কানের ব্যথা বড় কষ্ট দেয়। অল্প ঠান্ডা লাগলে, সামান্য বৃষ্টি হলে অথবা সর্দি-কাশিতে কফ জমলে কানে ব্যথা হবেই। অনেকেই ইয়ার বাড দিয়ে কানে খোঁচাখুঁচি করেন, তখনও ব্যথা হয়। কান থেকে ব্যথা মাথায় ছড়ায়। কানের যন্ত্রণায় যদি কষ্ট পান তাহলে চিন্তা নেই। উপায় আছে হাতের কাছেই। জেন নিন ব্যথা কমানোর কিছু ঘরোয়া উপায়।

১) গরম সেঁক- কানে গরম সেঁক নিলে প্রবল ব্যথাতেও আরাম পাওয়া যায়। কান থেকে পুঁজ বেরোতে দেখলে গরম সেঁক নিন। তাতে কানের ভিতরে জমে থাকা পুঁজ বেরিয়ে যাবে, ব্যথার বোধও কম হবে। গরমজলে পরিষ্কার কাপড় ভিজিয়ে নিংড়ে নিন। তারপর যে কানে ব্যথা, তার উপরে ভেজা কাপড়টা দিয়ে মিনিট দুই রাখুন। এর পর মাথা অন্যদিকে কাত করে পুঁজটা বেরিয়ে যেতে দিন।

২) অলিভ তেল- কানে ব্যথা সারাতে ভাল কাজ করে অলিভ অয়েল। কানে ব্যথা করলে তিন থেকে চার ফেঁটা অলিভ ঢেলে দিন। অথবা অলিভ অয়েলে কটন বাড ভিজিয়ে কানের ফুটোয় চেপে রাখুন। ৩) রসুনের তেল- অল্প অলিভ তেলে এক কোয়া রসুন থেঁতো করে গরম করুন। তেল গরম হলে ছেঁকে নিয়ে তা সংক্রমিত কানে দু'তিন ফেঁটা দিন। বারকয়েক এমন করলে একটু আরাম পাবেন।

৪) আদার রস- আদা থেঁতো করে রস বের করে কানে ঢেলে দিন। সংক্রমণ কমবে। আরাম পাবেন। অথবা দুই টেবিল চামচ অলিভ তেলের সঙ্গে এক চা চামচ আদার রস মিশিয়ে পাঁচ থেকে ১০ মিনিট রাখুন। এই তেল কানে দিন।

৫) তুলসির রস- কয়েকটা তুলসি পাতা বেটে রস বের করে নিন। এই রস তিন থেকে চার ফেঁটা কানে ঢালুন। দিনে দু'বার করলেই ব্যথা অনেক কমে যাবে। ৬) পুদিনা পাতার রস- পুদিনা পাতার রস ড্রপারে করে নিয়ে কানে দিতে পারেন। অথবা পেপারমিন্ট অয়েল তুলোয় ভিজিয়ে কানের চারপাশে লাগান।

তবে সব টোটকা সকলের জন্য কার্যকরী না-ও হতে পারে। কোনও কিছু ব্যবহার করার আগে চিকিৎসকের পরামর্শ নিয়ে নেওয়া ভাল। কানে যদি একটানা যন্ত্রণা হতে থাকে তাহলে দেরি না করে চিকিৎসকের পরামর্শ নিন।

এই প্রতিবেদন সচেতনতার উদ্দেশ্যে লেখা হয়েছে। কানে ব্যথা হলে বা কানের ভেতরে পুঁজ জমলে চিকিৎসকের পরামর্শ নেওয়া একান্ত জরুরি।

## মাঝ আকাশে শরীর খারাপ হতে পারে, তিন খাবারের কারণে

বিমান সফরে সময় কম লাগলেও, কিছু নিয়মকানুন মেনে চলতে হয়। বিমানবন্দর থেকেই সে সব শুরু হয়ে যায়। বিমানে ওঠার পর আরও একপ্রস্ত চলে। তেমনই বিমানে ভ্রমণ করার ক্ষেত্রে খাওয়াদাওয়ার বিষয়েও নজর দিতে হয়। না হলে মাঝ আকাশে আবার শরীর খারাপ হয়ে যেতে পারে। সেই ঝুঁকি নিতে না চাইলে বিমানে ওঠার আগে কিছু খাবার না খাওয়াই শ্রেয়।



সেগুলি কী? কফি বা প্যাকেটজাত পানীয়- সকালে ঘুমের ঘোর কাটাতে এক কাপ কফি না খেলেই নয়। এই কফি কিন্তু শরীর থেকে জল শুষে নিয়ে জলের ঘাটতি তৈরি করে। অবশ্য এ ক্ষেত্রে শুধু কফিকে দোষ দেওয়া যায় না। যে কোনও নরম পানীয় খেলে একই রকম সমস্যা হতে পারে। পুষ্টিবিদদের মতে, চা, কফি বা নরম পানীয় না খেয়ে লেবুর জল বা ডাবের জল খেলে এমন সমস্যা এড়ানো যায়।

ব্রকোলি- আপেলের মতোই ব্রকোলির পুষ্টিগুণ কম নয়। কিন্তু বিমানে ওঠার আগে যদি হালকা খাবেন ভেবে সেদ্ধ সব্জির মধ্যে ব্রকোলি দিয়ে থাকেন, তা হলেও শরীরে অস্বস্তি বাড়তে পারে। কারণ, শুধু ব্রকোলি নয়, কপি গোত্রের যে কোনও সব্জি থেকে অনেকেরই পেটে গ্যাস হওয়ার প্রবণতা বাড়ে।

মুখরোচক খাবার

বিমানবন্দর জুড়ে নানা রকম খাবারের দোকান। তা দেখে লোভ সামলাতে না পেরে যদি মুখরোচক খাবার খেয়ে ফেলেন, তা হলে শরীর খারাপ লাগতেই পারে। বিশেষ করে প্রক্রিয়াজাত, ভাজা বা চিজ দেওয়া খাবার খেলে অম্বল হওয়ার প্রবণতা বাড়ে। বরং হালকা দক্ষিণী খাবার ইডলি এই সমস্যা থেকে মুক্তি দিতে পারে।

## তিন খাবার: রাতে খেলে শুধু ঘুমের ব্যাঘাত ঘটবে না, ওজনও বাড়বে



রোগা হতে চান অথবা না চান, রাতের খাবার সব সময় হালকা হওয়া জরুরি। হালকা খাবার খেলে হজম দ্রুত হয়। ফলে ওজন নিয়ন্ত্রণে রাখা অনেক সহজ হয়ে যায়। তবে হালকা খাবারের সংজ্ঞা অবশ্য সকলের কাছে এক নয়। কারও যদি ব্রাউনিকে হালকা খাবার বলে মনে হয়, তা হলে তাঁর ওজন কমানোর শখ পূরণ হওয়ার নয়। আবার অনেক দ্রুত রোগা হতে খালি পেটে ঘুমিয়েই পড়েন। তেমনটা করলেও চলবে না। কোন খাবারগুলি রাতে খেলে সমস্যা হবে না, তা অনেকেই জানেন। কিন্তু কোনগুলি রাতে খেলে ওজম কমানো মুশকিল, তা জেনে রাখা জরুরি।

আটা-ময়দা

রাতে অনেক বাড়িতেই রুটি হয়। কারও বাড়িতে আটার রুটি হয়, কেউ আবার ময়দার রুটি খেতে পছন্দ করেন। তবে আটা-ময়দার তৈরি যে কোনও খাবার হজম করতে বেশ সময় লাগে। যাঁদের অনেক রাত করে খাওয়ার অভ্যাস, তাঁদের আটা-ময়দার তৈরি খাবার রাতে না খাওয়াই ভাল। এতে হজমের সমস্যা হয়। স্থূলতার ঝুঁকি থাকে।

কাঁচা স্যালাড

অনেকেই ডায়েটের চক্করে রাতে স্যালাড খান। তবে কাঁচা শাকসব্জির স্যালাড রাতে না খাওয়াই ভাল। শাকসব্জিতে ভরপুর মাত্রায় ফাইবার থাকে। রাতে ফাইবার হজম করতে অনেকেরই বেশ সমস্যা হয়। হজম না হলে মেদ জমার ঝুঁকি থাকে। দুপুরে বা সকালে কাঁচা স্যালাড খেতে পারেন, কিন্তু রাতে অল্প অলিভ অয়েলে নাড়াচাড়া করে খান। রাতে চকোলেট, কফি জাতীয় জিনিস খেলে ক্যাফিনের কারণে ঘুমে ব্যাঘাত ঘটতে পারে।

চকোলেট ও কফি

এই দুই খাবারেই অনেক বেশি মাত্রায় ক্যাফিন থাকে। রাতে চকোলেট, কফি জাতীয় জিনিস খেলে ক্যাফিনের কারণে ঘুমে ব্যাঘাত ঘটতে পারে। অনেকের রাত জেগে কাজ করার অভ্যাস। ঘুম কাটাতে কাপের পর কাপ কফি খেয়ে যান তাঁরা। এই অভ্যাস কিন্তু অনিদ্রার সমস্যা ডেকে আনতে পারে। আর ঘুম না হলে বাড়তে থাকে ওজন।

## বিভিন্ন ধরনের বাদাম, বীজ শুকনো খোলায় ভেজে খাওয়া ভাল ?



সকালে ঘুম থেকে উঠে জলে ভেজানো কাঠবাদাম, আখরোট কিংবা পেস্তাবাদাম খাওয়ার অভ্যাস রয়েছে। আবার স্মুদি কিংবা পরিজের সঙ্গে বিভিন্ন ধরনের বাদাম বা বীজ খাওয়ার চল রয়েছে। সে ক্ষেত্রে শুকনো খোলায় বাদাম বা বীজ একটু নাড়াচাড়া করে নিলে খেতে ভাল লাগে। আর এই পদ্ধতি নিয়েই শুরু হয়েছে বিতর্ক।

নেটপ্রভাবী এবং চিকিৎসক অচ্যুতন ঈশ্বর সমাজমাধ্যমে একটি ভিডিয়ো পোস্ট করেছেন। তিনি বলেন, "রোস্টেড বা ভাজা বাদামের চেয়ে কাঁচা বাদাম খাওয়া অনেক ভাল। বাদাম বা বীজ, কোনওটিই ভেজে খাওয়ার পরামর্শ আমি দিই না।"

তবে এ বিষয়ে সকলে সহমত পোষণ করেননি। পুষ্টিবিদদের একাংশের মতে, বাদাম বা বীজ ভেজে খেলে তার পুষ্টিগুণ বৃদ্ধি পায়। তবে, কত ক্ষণ ধরে কিংবা কোন তাপমাত্রায় বাদাম বা বীজ ভাজছেন, তার উপরেও অনেক কিছু নির্ভর করে। অনেকেই জানেন, বেশি তাপ লাগলে বাদামের মধ্যে থাকা পলিআনস্যাচুরেটেড ফ্যাট, বিভিন্ন ধরনের ভিটামিনের মান নষ্ট হয়ে যেতে পারে। চিকিৎসকেরা বলছেন, বাদামের মধ্যে যে পলিআনস্যাচুরেটেড ফ্যাট থাকে, তা অতিরিক্ত তাপে অক্সিডাইজড হয়ে যায়। স্বাদেও বদল আসে। এই ধরনের বাদাম খেলে ক্যানসারে আক্রান্ত হওয়ার আশঙ্কা বেড়ে যায়। তবে, অল্প তাপে এই ধরনের সমস্যা হওয়ার কথা নয়।

## অতিরিক্ত ঘুমোলেও বিপদ

কয়েক রাত টানা কাজ করেছেন। ভাল ঘুম হয়নি। বিছানায় পিঠ ঠেকালেই ঘুমিয়ে পড়ছেন। রাতে সাধারণ ৭ থেকে ৮ ঘণ্টা ঘুমোন। ইদানীং ১২ ঘণ্টা ঘুমোলেও শরীরে আগের মতো তরতাজা ভাব আসছে না। শরীর এবং মন ভাল রাখতে পর্যাপ্ত ঘুমের প্রয়োজন রয়েছে। অনেক রোগেরই দাওয়াই ঘুম। কিন্তু সেই ঘুমের "ডোজ" যদি একটু বেশি হয়ে যায়, তা হলে কি শরীরে কোনও সমস্যা হতে পারে?

লন্ডনের "ন্যাশনাল স্লিপিং ফাউন্ডেশন"-এর একটি গবেষণা জানাচ্ছে, বেশি ঘুম শরীরের জন্য একেবারেই ভাল নয়। প্রয়োজনের তুলনায় বেশি ঘুমোলে বেশ কিছু শারীরিক সমস্যা দেখা দিতে পারে।

কতটুকু ঘুমোনো শরীরের পক্ষে ভাল?

চিকিৎসকেরা বলছেন, কার কতটুকু ঘুম প্রয়োজন, তা আগে থেকে হিসাব করে বলে দেওয়া যায় না। ৭ থেকে ৯ ঘণ্টা পর্যন্ত ঘুমোনোই যথেষ্ট। তবে প্রত্যেকের বয়স, কাজের ধরন, জীবনযাপন আলাদা। সেই অনুযায়ী ঘুমের দৈর্ঘ্যও আলাদা হতে পারে।


অতিরিক্ত ঘুমের কারণ কী?

কেউ কেউ ঘুমোতে ভালবাসেন। তাই ছুটির দিনে নির্দিষ্ট সময়ের পরেও বিছানা ছেড়ে উঠতে চান না। আবার, পরীক্ষার আগে অনেকেই রাত জেগে পড়াশোনা করেন। তখন ঘুমে ঘাটতি হয়। মানসিক ক্লান্তি থেকেও অতিরিক্ত ঘুমোনোর প্রবণতা বেড়ে যেতে পারে। চিকিৎসা বিজ্ঞানে যা "হাইপারসমনিয়া" নামে পরিচিত।

অতিরিক্ত ঘুম কী ধরনের বিপদ ডেকে আনতে পারে?


১) দিনের বেশির ভাগ সময় ঘুমিয়ে কাটালে কোনও রুটিনই সঠিক ভাবে মেনে চলা যায় না। যার প্রভাব পড়ে বিপাকহারের উপর। রক্তে শর্করার মাত্রায় হেরফের হতে পারে।

২) ঘুম কম হলে যেমন শরীরের রোগ বাসা বাঁধতে পারে, তেমন বেশি ঘুমোলেও কিন্তু একই জিনিস ঘটতে পারে। চিকিৎসকেরা বলছেন, বেশি ঘুমোলে ওজন বেড়ে যেতে পারে।



৩) বেশি ঘুমোলে শরীরচর্চা করার ইচ্ছে চলে যেতে পারে। কাজে একেবারেই এনার্জি পাওয়া যায় না। উদ্বেগ, অবসাদের মতো নানা ধরনের মানসিক সমস্যা দেখা দিতে পারে বেশি ঘুমোলে।

## ওজন ঝরানোর জন্য যোগাসনই ভরসা



শরীর আর মন চাঙ্গা রাখতে যোগাসনের কোনও জুড়ি নেই। যাঁরা জিমে গিয়ে ভারী ওজন নিয়ে কসরত করতে পছন্দ করেন না, তাঁরাও ওজন ঝরানোর জন্য যোগাসনের উপরেই ভরসা রাখেন। অন্যান্য যোগাসনের পাশাপাশি কপালভাতি প্রাণায়ামও নিয়মিত অভ্যাস করলে নানা রকম শারীরিক ও মানসিক সমস্যা থেকে মুক্তি পেতে পারেন।

খুব বেশি সময় নয়, এর জন্য মিনিট খানেক সময় খরচ করলেই হবে। কপালভাতি প্রাণায়ম হল শ্বাসের এক ধরনের যোগাসন। সঠিক পদ্ধতি অনুসরণ করে করলে এই যোগাসনের ফলে শরীর ও মন সচল হয়। জেনে নিন আর কী কী গুণ আছে এই আসনের।

রোজ নিয়ম করে এই প্রাণায়াম করলে কী কী লাভ হয় শরীরের?

১) এই আসন পেটের মেদ ঝরাতে কাজে আসে।

২) যাঁরা হজমের সমস্যায় ভুগছেন, তাঁরাও এই আসনটি করলে উপকার পাবেন। কোষ্ঠকাঠিন্যের সমস্যা দূর করতেও এই আসন দারুণ উপকারী।

৩) ডায়াবিটিস নিয়ন্ত্রণে রাখতেও এই আসন কার্যকরী। ৪) অনিদ্রার সমস্যায় ভুগছেন? নিয়মিত এই আসনটি করলে হতে পারে মুশকিল আসান।

৫) নিয়মিত ধূমপান না করলেও ফুসফুসের খেয়াল রাখা জরুরি। ফুসফুস চাঙ্গা রাখতেও এই আসন নিয়মিত করতে পারেন। শ্বাসজনিত কোনও সমস্যা থাকলেও উপকার পাবেন।

৬) ত্বকে বয়সের ছাপ ঠেকিয়ে রাখতে, চুল পড়ার সমস্যা থেকে মুক্তি পেতেও এই আসন উপকারী। ৭) স্নায়ুতন্ত্রের উপরে এই আসন প্রভাব ফেলে। রক্তচলাচলও স্বাভাবিক করে। তার ফলে মস্তিষ্ক সচল হয়। ৮) সারা দিন কাজের পরে ক্লান্তি দূর করতেও সাহায্য করে এই আসন। ৯) নিয়মিত কপালভাতি করলে মনোসংযোগ বাড়ে, স্মৃতিশক্তিও উন্নত হয়।

কপালভাতি করার নিয়ম একটি ফাঁকা জায়গায় শান্ত হয়ে পদ্মাসনের ভঙ্গিতে বসুন। প্রথমে স্বাভাবিক ভাবে শ্বাস নিন। শ্বাসপ্রশ্বাসের প্রক্রিয়া স্বাভাবিক হলে মুখ দিয়ে শ্বাস নিয়ে কিছু ক্ষণ ধরে রাখুন। এ বার ধীরে ধীরে নাক দিয়ে শ্বাস ছাড়ুন। শ্বাস ছাড়ার সময়ে পেট যেন ভিতরের দিকে ঢুকে আসে, সে দিকে খেয়াল রাখা জরুরি। এই পদ্ধতি মেনে ২০ বার শ্বাস নিন ও ছাড়ুন। মিনিট খানেকের বিরতি নিন। আবার ২০ বার এই ভাবে শ্বাস নেওয়া ও ছাড়া অভ্যাস করুন। প্রথম দিকে মিনিট দুয়েক এই আসন করুন, ধীরে ধীরে সময় বদ্ধি করতে পারেন।

## ধূমপান ডায়াবিটিসেরও কারণ



ধূমপান বেশি করুন বা কম, তার প্রভাব শরীরের উপর পড়বেই। রোজ গুনে গুনে দু'টি সিগারেট খান কিংবা অভ্যাসের বশে অগুন্তি নিকোটিন তিলে তিলে ক্ষতি করে শরীরের। সাময়িক ভাবে তা বোঝা যায় না। কিন্তু যত দিন যায়, তত প্রকাশ পেতে থাকে ধূমপানের ক্ষতিকর প্রভাবগুলি। ধূমপান যে ক্যানসারের কারণ, তা অনেকেই জানেন।

তবে ধূমপান যে আরও অনেক কঠিন রোগের কারণ, তা কি জানেন? ধূমপানের অভ্যাসে কোন রোগগুলি বাসা বাঁধতে পারে শরীরে?

ফুসফুস ক্যানসার

ধূমপানের অভ্যাসে সবচেয়ে বেশি ঝুঁকি থাকে ফুসফুস ক্যানসারে। সিগারেটে থাকা কার্সিনোজেনিক উপাদান ফুসফুসের ডিএনএ ধ্বংস করে। ফুসফুসের ক্যানসারের মতো রোগের ক্ষেত্রে সঙ্কেত চেনা বেশ কঠিন। রোগের সঙ্কেত যত তাড়াতাড়ি চেনা যাবে, ততই দ্রুত চিকিৎসকের সাহায্য নেওয়া যাবে। কাশি, অত্যধিক ক্লান্তি, কাশির সঙ্গে কফ ওঠা ফুসফুসের ক্যানসারের লক্ষণ। দেখা দিলেই দ্রুত চিকিৎসকের পরামর্শ নিন।

স্ট্রোক

ধূমপান উচ্চ রক্তচাপেরও কারণ। ধূমপানের অভ্যাসে রক্তচাপের মাত্রা বেড়ে যায়। তার পরেও যদি ধূমপান করা হয়, তখন রক্ত জমাট বাঁধতে শুরু করে। সেখান থেকেই ঝুঁকি বাড়ে ব্রেন স্ট্রোকের। এর ফলে পক্ষাঘাতগ্রস্ত হয়ে যেতে পারেন রোগী। এমনকি, খুব বাড়াবাড়ি হলে মৃত্যুও ঘটতে পারে।

শ্বাসকষ্ট

ধূমপানের কারণে শ্বাসকষ্টের সমস্যা ইদানীং ভয়ঙ্কর রূপ ধারণ করছে। বিভিন্ন বয়সের মানুষের মধ্যে এই শারীরিক সমস্যা হানা দিচ্ছে। ধূমপানের কারণে বুকে সংক্রমণ থেকেও শ্বাসকষ্টের সমস্যা দেখা দিচ্ছে। এর ফলে ব্রঙ্কাইটিস, নিউমোনিয়ার ঝুঁকি বাড়ছে।

টাইপ ২ ডায়াবিটিস

ধূমপানের কারণে ডায়াবিটিস হতে পারে, এটা অনেকেরই অজানা। তবে জেনে রাখা উচিত, টাইপ ২ ডায়াবিটিসের নেপথ্যে ধূমপানও একটি কারণ। ধূমপানের অভ্যাসে রক্তে শর্করা বাড়তে থাকে। ফলে টাইপ ২ ডায়াবিটিস হওয়ার আশঙ্কা তৈরি হয়। এই ডায়াবিটিসের হাত ধরেই কিডনির নানা সমস্যা দেখা দিতে শুরু করে। এমনকি, দৃষ্টিশক্তিও ক্ষীণ হয়ে যায়।

দাঁতের ক্ষয়

ধূমপান দাঁতের ক্ষতি করে। দাঁতের ক্ষয়ের অন্যতম কারণ হল ধূমপান। মুখের ভিতর ব্যাক্টেরিয়া সংক্রমণের কারণে মাড়ির অনেক ক্ষতি হয়। এমনকি, সেখান থেকে ক্যানসার হওয়ারও ঝুঁকি থাকে।

## পাকা চুল তুললে আর পাকা চুল নতুন করে উঠে



বয়স যে বাড়ছে, তা প্রথম ধরা পড়ে চুলের ফিকে হওয়া রং দেখে। তবে অনেক সময় নির্দিষ্ট বয়সের আগেই "বার্ধক্য" কড়া নাড়ে। বাস, ট্রেন, মেট্রোয় উঠলে দেখা যায়, বয়স ১৮ হোক কিংবা ৩০, অনেকের মাথায়ই ধূসর চুল উঁকি দিচ্ছে। নানা শারীরিক কারণে সমস্যার সূত্রপাত হলেও ক্রমেই তা দুশ্চিন্তার বিষয় হতে শুরু করে। জীবনযাত্রায় নানা অনিয়ম ছাড়াও এ সমস্যার কারণ কিন্তু অনেকটাই জিনগত।

বাড়ির দিদিমা-ঠাকুরমারা যদি মাথা থেকে পাকা চুল তুলতে দেখেন, তখনই তাঁরা রে রে করে ওঠেন। পাকা চুল তুললে নাকি সে জায়গায় আরও বেশি সাদা চুল গজায়। অনেকের ধারণা, পাকা চুল তোলার ফলে তার গোড়া থেকে যে রস বেরোয়, তার সংস্পর্শে এসে আশপাশের চুলেও পাক ধরে। কতটা বাস্তবসম্মত এই ধারণা? এর আদৌ কি কোনও ভিত্তি আছে?

এ ধারণা কিন্তু একেবারেই ভ্রান্ত। পাকা চুল টেনে তুললে চুলের গোড়া থেকে কোনও রস বেরোয় না। চুল পেকে যাওয়ার পিছনে একাধিক কারণ থাকতে পারে। কিন্তু একটা পাকা চুল টেনে তুললে আরও চুল পেকে যাবে, এমন কোনও প্রমাণ এখনও পর্যন্ত পাওয়া যায়নি। তার মানে এই নয় যে, পাকা চুল তোলার অভ্যাস স্বাস্থ্যসম্মত। চুলের রং কী হবে, তা নির্ভর করে ফলিকলের মেলানোসাইট কোষ থেকে উৎপাদিত মেলানিনের উপর। বয়সের সঙ্গে সঙ্গে মেলানোসাইটের কার্যকারিতা কমে যায়। মেলানিনের উৎপাদন কমে যায়, চুল সাদা হয়ে যায়। অর্থাৎ সেই ফলিকলের কোনও চুল টানলে সেখানে নতুন কোনও চুল গজালে তার রংও সাদাই হবে। তার সঙ্গে চুল তোলার কোনও সম্পর্ক নেই। বিষয়টি কাঁচা বা পাকা চুলের নয়। গোড়া থেকে চুল টেনে তোলা অত্যন্ত অস্বাস্থ্যকর। এতে চুলের পুষ্টির ভারসাম্য থাকে না। সবচেয়ে গুরুত্বপূর্ণ, এতে চুলের ফলিকল নষ্ট হয়। শুধু কি তাই? পাকা চুল টেনে তোলার পর এ ছাড়াও নানা সমস্যা দেখা যায়। সর্বশক্তি দিয়ে পাকা চুল তোলার ফলে চাপ পড়ে মাথার তালুতেও। তা থেকে মাথাযন্ত্রণা, মাথা দপদপ করার মতো সমস্যা দেখা দিতে পারে। এ ছাড়া পাকা চুল তুলে নেওয়ার পর ওই জায়গায় আবার চুল যে গজাবেই, তার কোনও মানে নেই। ফলে টাক পড়ে যাওয়ার আশঙ্কাও থেকে যেতে পারে। চুলের বৃদ্ধির ধাতও বদলে যেতে পারে।

# মোদীজির সরকার গঠন হলেও, তা টিকবে না : সঞ্জয় রাউত

নয়াদিল্লি, ৬ জুন (হি.স.): মোদীজির সরকার গঠন হলেও, তা টিকবে না। ভবিষ্যদ্বাণী করলেন উদ্ধব ঠাকরে শিবিরের শিবসেনা নেতা সঞ্জয় রাউত। বৃহস্পতিবার সকালে এক সাংবাদিক সম্মেলনে সঞ্জয় রাউত বলেছেন, 'আমি বারবার বলছি, মোদীজির সরকার গঠিত হবে না, আর গঠন হলেও তা মোটেও টিকবে না।'
সাংবাদিক সম্মেলনে সঞ্জয় রাউত আরও বলেছেন, 'আপনারা কি মনে করেন না কংগ্রেসের ভোট বৃদ্ধিতে শিবসেনা (ইউবিটি) ভূমিকা রেখেছে? শিবসেনা (ইউবিটি) এবং উদ্ধব ঠাকরে মহারাষ্ট্র জুড়ে না গেলে কি এমন হত?...মহা বিকাশ আঘাড়ি জোরালোভাবে কাজ করবে এবং আমাদের মনে কোনো অহং নেই।'
মহারাষ্ট্রের উপ-মুখ্যমন্ত্রী পদ থেকে দেবেন্দ্র ফড়ণবীশের ইস্তফা দেওয়া প্রসঙ্গে সঞ্জয় রাউত বলেছেন, 'রাজনীতিতে এই ধরনের ছলনা সাধারণ ব্যাপার...মহারাষ্ট্র ফড়ণবীশের নেতৃত্বকে প্রত্যাখ্যান করেছে...দেবেন্দ্র ফড়ণবীশ মহারাষ্ট্রের রাজনীতির খলনায়ক, বিজেপি তাঁর কারণে মহারাষ্ট্রে খারাপ পরিণতি পেয়েছে...তিনি মহারাষ্ট্রের রাজনৈতিক সংস্কৃতিকে বিষাক্ত করেছেন।'

## বারামতীতে জয়ে আনন্দিত সুপ্রিয়া সুলে, সমর্থনের জন্য ভোটারদের জানালেন ধন্যবাদ

বারামতী, ৬ জুন (হি.স.) : মহারাষ্ট্রের বারামতী তাঁর নির্বাচনী কেন্দ্র হিসেবেই পরিচিত, এবারই নিজের কেন্দ্র বারামতীতে জিতেছেন এনসিপি-এসিপি নেত্রী সুপ্রিয়া সুলে। এই জয়ের জন্য বারামতীর ভোটারদের ধন্যবাদ জানিয়েছেন তিনি। সুপ্রিয়া বলেছেন, 'যারা আমাকে সমর্থন করেছেন আমি তাঁদের সবাইকে ধন্যবাদ জানাতে চাই। এই জয় ভোটার ও আমার দলের নেতা-কর্মীদের।'
বৃহস্পতিবার পুণে-তে সাংবাদিকদের মুখোমুখি হয়ে সুপ্রিয়া বলেছেন, 'আমাদের জন্য এই বছর কঠিন ছিল। এই নির্বাচনে কৃষকদের সমস্যা, জল সংকট, বেকারত্ব এবং দুর্নীতি নিয়ে প্রতিদ্বন্দ্বিতা করা হয়েছিল। ভোটাররা আয়কর, সিবিআই, ইডি প্রত্যাখ্যান করেছে... আগামীকাল থেকে আমরা রাজ্যের খরা-পীড়িত এলাকা পরিদর্শন শুরু করব।'

# মোদীর শপথ গ্রহণে থাকছেন নেপালের প্রধানমন্ত্রী, শুক্রবারই ভারতে আসছেন শেখ হাসিনা

নয়াদিল্লি, ৬ জুন (হি.স.): তৃতীয়বারের জন্য ভারতের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিচ্ছেন নরেন্দ্র মোদী। সব কিছু ঠিকঠাক থাকলে আগামী ৮ জুন, শনিবার তৃতীয়বারের জন্য ভারতের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেবেন। মোদীর শপথগ্রহণ অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য বিশ্বের বিভিন্ন দেশের নেতাদের আমন্ত্রণ জানানো হয়েছে। মোদীর শপথগ্রহণ অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য ভারত সফরে আসছেন নেপালের প্রধানমন্ত্রী পুষ্প কমল দাহাল (প্রচণ্ড)। নেপাল সরকারের পক্ষ থেকে বৃহস্পতিবার জানা গিয়েছে, বুধবারের ফোনালাপে নরেন্দ্র মোদী নিজেই প্রধানমন্ত্রী পুষ্প কমল দাহালকে শপথগ্রহণ অনুষ্ঠানে উনস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানিয়েছেন। এদিকে, মোদীর শপথগ্রহণ অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা শুক্রবারই ভারতে আসছেন। ৯ জুন বিকেল পর্যন্ত দিল্লিতেই থাকবেন শেখ হাসিনা।

## জয়ের পর দিল্লির পথে রওনা অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের

কলকাতা, ৬ জুন (হি.স.) : তমলুকে বিজেপির টিকিটে জয়ের পর দিল্লির পথে রওনা দিয়েছেন অভিজিৎ গঙ্গোপাধ্যায়। অভিজিৎ গঙ্গোপাধ্যায় কলকাতা হাইকোর্টের বিচারপতি থাকাকালীন নিয়োগ দুর্নীতি ইস্যুতে তিনি ক্রমাগত রাজ্য সরকারকে আক্রমণ করেছেন। আচমকাই বিচারব্যবস্থা থেকে সরে দাঁড়ান তিনি। অবসর নিয়ে কয়েকদিনের মধ্যেই বিজেপিতে যোগ দেন। প্রত্যাশামতো ভোটের টিকিটও পেয়ে যান। শুভেন্দু গড়ে তমলুক থেকে ভোটে লড়াই করে প্রথমবারের নির্বাচনে জয়ী হন।
প্রসঙ্গত, শুক্রবার দিল্লিতে বিজেপির সংসদীয় কমিটির বৈঠক রয়েছে। সেই সময় দলের সব সাংসদকে হাজির থাকতে হবে। এবার বাংলায় বিজেপির ১২ সাংসদ রয়েছেন।

## পানিহাটিতে পুকুর থেকে দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য

পানিহাটি, ৬ জুন (হি.স.) : পানিহাটিতে পুকুর থেকে দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে।
জানা গেছে, বৃহস্পতিবার সকালে পানিহাটি পুরসভার ১৭ নম্বর ওয়ার্ড অঞ্চলে কটন মিল সংলগ্ন একটি পুকুর থেকে একটি দেহ উদ্ধার হয়। স্থানীয়রা পুকুরে ভেসে ওঠা দেহটি দেখতে পেয়ে খবর দেয় খড়দহ থানায়। পুলিশ এসে দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায় স্থানীয় হাসপাতালে। সূত্রের খবর, দেহটি আনুমানিক তিন দিনের পুরনো। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

## রাজগঞ্জে ভুল ভ্যাকসিনেশনের ফলে অসুস্থ তিনটি শিশু

রাজগঞ্জ, ৬ জুন (হি.স.) : জলপাইগুড়ির রাজগঞ্জ ব্লকের মান্তাদারী গ্রাম পঞ্চায়েতের গেট বাজার এলাকায় ভুল ভ্যাকসিনেশনের ফলে অসুস্থ হয়ে পড়েছে তিনটি শিশু। এমনটাই অভিযোগ তাদের অভিভাবকদের। অভিভাবকরা জানিয়েছেন, দেড় মাসের কমলিকা রায়, দুই মাসের আলিশা পারভিন এবং চার মাসের অঙ্কিত অধিকারী ভুল ভ্যাকসিনেশনের ফলে অসুস্থ হয়ে পড়ায় বুধবার রাতেই তাদের রাজগঞ্জ গ্রামীণ হাসপাতালে ভর্তি করা হয়।
বৃহস্পতিবার দেড় মাসের কমলিকা রায়কে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠানো হয়েছে। বাকি দু'জন এখনও গ্রামীণ হাসপাতালেই চিকিৎসাধীন আছে।

## সাংসদ অজয় ভাটকে সংবর্ধনা উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রীর

নয়াদিল্লি, ৬ জুন (হি. স.): বিজেপি সাংসদ অজয় ভাটকে জয়ের জন্য সংবর্ধনা জানালেন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামির। সাক্ষাতের আয়োজন হয়েছিল দিল্লির উত্তরাখণ্ড সদনে। বৃস্পতিবার নৈনিতালের উধম সিং নগর লোকসভা আসন থেকে নির্বাচিত সাংসদ বিজেপি নেতা অজয় ভাটের সাথে সাক্ষাৎ করেন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি। লোকসভা নির্বাচনে জয়ের জন্য উত্তরীয় পরিয়ে অজয় ভাটকে বরণ করে নেন তিনি। দিল্লির উত্তরাখণ্ড সদনে হয়েছিল এই সৌজন্য সাক্ষাতের আয়োজন। জয়ের জন্য অজয় ভাটকে অভিনন্দন ও শুভেচ্ছা জানান উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি।

## দিল্লিতে অখিলেশের বাড়িতে অভিষেক ও ডেরেক, তিন নেতার মধ্যে নানা বিষয়ে আলোচনা

নয়াদিল্লি, ৬ জুন (হি.স.): বুধবারই দিল্লিতে বিরোধী জোট 'ইন্ডি""'র বৈঠকে হাজির ছিলেন দু'জনে। তার পরের দিন সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদবের বাড়িতেই হাজির হলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। বৃহস্পতিবার সকাল ১০টা নাগাদ তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক অখিলেশের বাড়িতে যান। তাঁর সঙ্গে ছিলেন তৃণমূলের জাতীয় মুখপাত্র ডেরেক ও'ব্রায়েনও।
এই তিন নেতার মধ্যে জাতীয় রাজনীতি-সহ নানা বিষয়ে আলোচনা হয়েছে বলে মনে করা হচ্ছে। বেশ কিছু সময় কাটিয়ে অখিলেশের বাড়ি থেকে বেরিয়ে যান অভিষেক ও ডেরেক। উল্লেখ্য, কংগ্রেসের পরে বিরোধী জোটকে সবচেয়ে বেশি আসন এনে দিয়েছে অখিলেশ যাদবের দল সমাজবাদী পার্টি। লোকসভায় উত্তর প্রদেশে ৩৭টি আসন জিতেছে তারা। তার পরেই রয়েছে ২৯টি আসন পাওয়া তৃণমূল কংগ্রেস।

## ৮২ বছর বয়সেও খেলে যাচ্ছেন ব্রাজিলের সিও গেরালদো কস্তা, করেছেন ৯ হাজার গোল

ব্রাসিলিয়া, ৬ জুন (হি. স.): ব্রাজিল কেন বিশ্ব ফুটবলে কোনো ফুটবলারই নেই যিনি কেরিয়ারে হাজার গোল করতে পেরেছেন।কিন্তু এই অসাধ্য কাজটি করেছেন ব্রাজিলের একজন প্লেয়ার। ৯ হাজার গোল করা এই ফুটবলারের নাম সিও গেরালদো কস্তা। ৮২ বছর বয়সী এই ভদ্রলোক থাকেন ব্রাজিলের বৃহত্তর শহর সাও পাওলোর পৌর এলাকা ভালিনিওসে।অবিশ্বাস্য হলেও সত্যি এখনো তিনি খেলে যাচ্ছেন!
কিভাবে তিনি এই অবিশ্বাস্য কান্ডটি ঘটাচ্ছেন? প্রশ্নটা গেরালদোকে করা হলে তিনি রসিকতা করে বলেছেন, 'আমি একজন ঘাতক। আমি এমন একজন, যে ম্যাচের ভাগ্য গড়ে দেয়।' জেনে রাখুন গেরালদো যে ৯ হাজার গোল করেছেন, তা পেশাদার বা স্বীকৃত কোনো ফুটবল প্রতিযোগিতায় নয়। বন্ধু, সহকর্মী ও স্থানীয়দের সঙ্গে খেলে তিনি এ 'রেকর্ড' গড়েছেন। তবে সেটা যা-ই হোক, গোল তো গোলই। একজনের পক্ষে এত গোল করা সেটা কি চাট্টিখানি ব্যাপার! তার এই রেকর্ড উঠেছে গিনিস বুকে!

## অগ্নিবীর প্রকল্প দেশ ও ভারতীয় সেনাবাহিনীর সাথে বিশ্বাসঘাতকতা : সঞ্জয় সিং

নয়াদিল্লি, ৬ জুন (হি.স.) : অগ্নিবীর প্রকল্পের তীব্র সমালোচনা করলেন আম আদমি পার্টির সাংসদ সঞ্জয় রাউত। তাঁর মতে, অগ্নিবীর প্রকল্প দেশ ও ভারতীয় সেনাবাহিনীর সাথে বিশ্বাসঘাতকতা। বৃহস্পতিবার সঞ্জয় সিং বলেছেন, প্রধানমন্ত্রীর উচিত সেনাবাহিনীতে নিয়োগের পুরনো প্রথা ফিরিয়ে আনা। এই প্রকল্প, একজন জওয়ানের চাকরি চার বছর কমিয়ে দেশের সেনাবাহিনীকে দুর্বল করছে। আমি বিশ্বাস করি জেডিইউ-এর দাবি ১০০ শতাংশ সঠিক।
উল্লেখ্য, বৃহস্পতিবারই জেডিইউ সাংসদ কে সি ত্যাগী বলেন, 'অগ্নিবীর প্রকল্প নিয়ে ক্ষুব্ধ ভোটারদের একাংশ। আমাদের দল চায় যে সমস্ত ত্রুটিগুলি জনসাধারণের দ্বারা প্রশ্নবিদ্ধ হয়েছে, সেগুলি বিস্তারিতভাবে আলোচনা করা হোক এবং দূর করা হোক।'

## লোকসভা নির্বাচনে মোট ভোট পড়েছে ৬৫.৭৯ শতাংশ, সবথেকে কম ভোটদান বিহারে

নয়াদিল্লি, ৬ জুন (হি.স.): অষ্টাদশ লোকসভা নির্বাচনে মোট ভোট পড়েছে ৬৫.৭৯ শতাংশ। বৃহস্পতিবার নির্বাচন কমিশনের পক্ষ থেকে এমনটাই জানানো হয়েছে। সবথেকে কম ভোটদান হয়েছে বিহারে এবং সবথেকে বেশি ভোট পড়েছে অসমে। বিহারে ভোটের হার ৫৬.১৯ শতাংশ এবং অসমে ৮১.৫৬ শতাংশ।
পশ্চিমবঙ্গে মোট ভোট পেয়েছে ৭৯.২৯ শতাংশ, জম্মু ও কাশ্মীরে ভোটের হার ৫৮.৫৮ শতাংশ, উত্তর প্রদেশে ৫৬.৯২ শতাংশ, ত্রিপুরায় ভোট পড়েছে ৮০.৯৩ শতাংশ, রাজধানী দিল্লিতে মোট ভোট পড়েছে ৫৮.৬৯ শতাংশ। গুজরাটে মোট ভোট পড়েছে ৬০.১৩ শতাংশ।

## নকশালবাড়িতে পথ দুর্ঘটনায় আহত তিন যুবক

শিলিগুড়ি, ৬ জুন (হি.স.) : শিলিগুড়ির নকশালবাড়ির সাতভাইয়ার অন্তর্গত এশিয়ান হাইওয়ে-২-এ বৃহস্পতিবার একটি গাড়ির সঙ্গে বাইকের সংঘর্ষ হয়। এই ঘটনায় তিন যুবক গুরুতর আহত হয়েছেন। আহতদের নাম চন্দন দাস, কালু রাই ও কুন্দন রাই। আহত তিনজনই বাগডোগরার বাসিন্দা। তথ্য অনুযায়ী, পানিটাঙ্কি থেকে বাগডোগরা যাওয়ার সময় বাইকটি নিয়ন্ত্রণ হারিয়ে একটি চার চাকার গাড়ির সঙ্গে ধাক্কা খায়। এ ঘটনায় বাইকে আরোহী তিন যুবক গুরুতর আহত হয়েছেন। ঘটনার পর স্থানীয় লোকজন আহতদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়। এদিকে ঘটনার পর নকশালবাড়ি থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে যানবাহন নিজেদের হেফাজতে নেয়। পুলিশ চালকের খোঁজ শুরু করেছে।

## হাতির আক্রমণে বৃদ্ধের মৃত্যু

আলিপুরদুয়ার, ৬ জুন (হি.স.) : আলিপুরদুয়ারের ফালাকাটা ব্লকের শিবনাথপুর এলাকায় বৃহস্পতিবার ভোররাতে হাতির আক্রমণে মৃত্যু হল এক বৃদ্ধের। মৃতের নাম অমল কার্জি (৭৫)। ঘটনার খবর পেয়ে বন বিভাগের কর্মীরা এবং ফালাকাটা থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠায়।
গ্রামবাসীরা জানান, প্রায় প্রতিদিনই হাতিরা বন থেকে বেরিয়ে এসে বসতিতে আক্রমণ করে। তারা ঘরবাড়ি এবং ফসলের ক্ষতি করে এবং কখনও কখনও এমনকি জীবন ও সম্পদের ক্ষতি করে। আবারও হাতির আক্রমণে গ্রামের এক বৃদ্ধের মৃত্যু হয়েছে। গ্রামবাসীরা বন দফতরের কাছে গ্রামে টহল বাড়ানোর দাবি জানিয়েছেন।

## গাড়ি দুর্ঘটনায় আহত রাজস্থানের বিরোধী দলনেতা টিকা রাম, আরোগ্য কামনা মুখ্যমন্ত্রীর

জয়পুর, ৬ জুন (হি.স.): গাড়ি দুর্ঘটনায় আহত হয়েছেন রাজস্থানের বিরোধী দলনেতা ও কংগ্রেস নেতা টিকা রাম জুলি। দিল্লি-মুম্বই এক্সপ্রেসওয়ের ওপর ভান্ডারেজের কাছে একটি নীলগাইয়ের সঙ্গে তাঁর গাড়ির সংঘর্ষ হয়। গুরুতর আহত অবস্থায় বিরোধী দলনেতাকে দৌসার জেলা হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করা হয়েছে। বুধবার এই দুর্ঘটনাটি ঘটেছে, সেই সময় তিনি আলওয়ার থেকে জয়পুরে যাচ্ছিলেন।
বিরোধী দলনেতার গাড়ি দুর্ঘটনার খবর পেয়ে দুঃখপ্রকাশ করেছেন রাজস্থানের মুখ্যমন্ত্রী ভজনলাল শর্মা। বিরোধী দলনেতা টিকা রাম জুলির দ্রুত সুস্থতার জন্য প্রার্থনা করেছেন মুখ্যমন্ত্রী শর্মা। প্রাক্তন মুখ্যমন্ত্রী অশোক গেহলটও দ্রুত আরোগ্য কামনা করেছেন।

## মিনাখাঁয় তৃণমূল কর্মীদের বিক্ষোভের কবলে সুকান্ত, উঠল গোব্যাক স্লোগান

মিনাখাঁ, ৬ জুন (হি. স.): রাজ্য জুড়ে শিরোনামে ভোট পরবর্তী হিংসা। রাজ্যের বিভিন্ন প্রান্তে আক্রান্ত বিজেপি এবং সিপিএম কর্মীরা। সর্বত্রই অভিযোগের তীর রাজ্যের শাসক দলের দিকে। বৃহস্পতিবার তৃণমূলের বিক্ষোভের মুখে পড়লেন খোদ বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। তাঁর গাড়ি ঘিরে বিক্ষোভ দেখায় তৃণমূল কর্মীরা।
ভোটের পর আক্রান্ত বিজেপি কর্মীদের পাশে থাকার আশ্বাস দিয়েছিলেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। বৃহস্পতিবার সন্দেশখালি যাওয়ার পথে বাসন্তী হাইওয়ের মিনাখাঁর বামন পুকুর এলাকায় তাকে ঢুকতে বাঁধা দেওয়া হয়। সুকান্ত মজুমদারের গাড়ি ঘিরে বিক্ষোভ দেখায় তৃণমূল কর্মীরা। সুকান্তর গাড়ি থামিয়ে দেওয়া হয়, ওঠে গো ব্যাক স্লোগান। এই বিক্ষোভ নিয়ে এখনও কোনও প্রতিক্রিয়া মেলেনি সুকান্ত মজুন্দারের।

## ৮ তারিখ নয়, ৯ জুন সন্ধ্যা ৬টায় প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেবেন মোদী

নয়াদিল্লি, ৬ মে (হি.স.): শনিবার, ৮ তারিখ নয়, আগামী ৯ জুন (রবিবার) তৃতীয়বারের জন্য দেশের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেবেন নরেন্দ্র মোদী। রবিবার সন্ধ্যা ৬টা নাগাদ দেশের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেবেন মোদী। তবে, সরকারিভাবে এখনও জানানো হয়নি। এবারের লোকসভা নির্বাচনে একক সংখ্যাগরিষ্ঠতা অর্জন করতে পারেনি বিজেপি। এনডিএ শরিকদের সঙ্গেই সরকার গঠন করতে হবে বিজেপিকে।
বিজেপি অষ্টাদশ লোকসভা নির্বাচনে ২৪০টি আসনে জিতেছে, কংগ্রেস জিতেছে ৯৯টি আসনে, সমাজবাদী পার্টি জিতেছে ৩৭টি আসনে, তৃণমূল কংগ্রেস জিতেছে ২৯টি আসনে, জেডিইউ জিতেছে ১২টি আসনে। এনডিএ-র ঝুলিতে রয়েছে ২৯৪টি আসন। আগামী রবিবার মোদীর শপথগ্রহণ অনুষ্ঠানে বিশ্বের বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধানরা উপস্থিত থাকতে পারেন।

## দাপুটে জয়ে ভারতের বিশ্বকাপ অভিযান শুরু

নিউইয়র্ক, ৬ জুন (হি. স.): বিশ্বকাপের প্রথম দিনেই ভারতকে জয়ের পথ দেখাল বোলাররা। জসপ্রিত বুমরাহ ও হার্দিক পান্ডিয়াদের তোপে উড়ে গেল আয়ারল্যান্ড। ৯৭ রান করে আয়ারল্যান্ড। এরপর রোহিত শর্মা ও রিশভ পন্তের ব্যাটে আয়ারল্যান্ডের বিরুদ্ধে ১২.২ ওভারে জয় পেল ভারত। ভারত জিতল ৮ উইকেটে। রোহিত শর্মা ও পন্ত গড়েন ৫৪ রানের জুটি। ৩৭ বলে ৫২ রান করে রিটায়ার্ড হার্ট হয়ে মাঠ ছাড়েন রোহিত। জয়ের কাছাকাছি থাকাবস্থায় বিদায় নেন সূর্যকুমার যাদব। ২ রান করেন তিনি।বিরাট কোহলি করেন ১ রান। শেষ পর্যন্ত অপরাজিত থাকা পন্ত ২৬ বলে করেন ৩৬ রান। ভারতের হয়ে ৪ ওভার বোলিং করে ২৭ রানে ৩ উইকেট নিয়েছেন হার্দিক পান্ডিয়া। বুমরাহ ৩ ওভারে মাত্র ৬ রান দিয়ে নিয়েছেন ২ উইকেট। আর্শদীপও পেয়েছেন ২ উইকেট। এছাড়া একটি করে উইকেট পেয়েছেন মোহাম্মদ সিরাজ এবং অক্ষর প্যাটেল।

## ঋতুপর্ণাকে ফের সমন ইডি-র, এবার আগামী সপ্তাহে হাজিরার নির্দেশ

কলকাতা, ৬ জুন (হি.স.): টলিউড অভিনেত্রী ঋতুপর্ণা সেনগুপ্তকে ফের ডেকে পাঠাল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। রেশন বন্টন দুর্নীতি মামলায় অভিনেত্রী ঋতুপর্ণা সেনগুপ্তকে আগামী সপ্তাহে সিজিও কমপ্লেক্সে ইডি-র দফতরে ডেকে পাঠানো হয়েছে। এই মামলায় জিজ্ঞাসাবাদ করতে ইডি দফতরে বুধবার ডেকে পাঠানো হয়েছিল ঋতুপর্ণাকে। কিন্তু তিনি হাজিরা দেননি।
বিদেশে থাকার কারণে ইডি দফতরে যেতে পারেননি ঋতুপর্ণা, এমনটাই সূত্র মারফত জানা গিয়েছে। এ কথা তিনি ইডি আধিকারিকদের ইমেল করে জানিয়ে দেন। এ-ও জানান, বৃহস্পতিবারের পর তাঁকে ডাকা হলে তিনি সিজিও কমপ্লেক্সে যেতে পারবেন। এরপরই ঋতুপর্ণাকে আগামী সপ্তাহে ডেকে পাঠানো হয়েছে।

## ৮ জুন পর্যন্ত বৃষ্টিতে ভিজবে জম্মু ও কাশ্মীর, কৃষিকাজ বন্ধের পরামশ

শ্রীনগর, ৬ জুন (হি.স.): আগামী ৮ জুন, শনিবার পর্যন্ত আবহাওয়া বিশেষ কোনও তারতম্য লক্ষ্য করা যাবে না জম্মু ও কাশ্মীরে। ৭ ও ৮ জুন জম্মু ও কাশ্মীরের বিভিন্ন প্রান্তে হালকা বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে, সঙ্গে বইবে ঝোড়ো হাওয়া। এরপর ফিরতে পারে শুষ্ক আবহাওয়া, ৯-১৫ জুন শুষ্ক আবহাওয়া প্রত্যাশিত জম্মু ও কাশ্মীরে।
আবহাওয়া দফতর জানিয়েছে, ৯-১৫ জুনের মধ্যে জম্মু ও

## অস্বস্তিকর পরিস্থিতি তিলোত্তমায়, দক্ষিণবঙ্গে ঊর্ধমুখী তাপমাত্রার পারদ

কলকাতা, ৬ জুন (হি.স.): ফের অস্বস্তিকর আবহাওয়া ফিরল তিলোত্তমায়, তাপমাত্রার পারদ ঊর্ধমুখী দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায়। ফিরেছে ভ্যাপসা গরমও। আগামী দুই-তিন দিনের মধ্যে দক্ষিণবঙ্গের তাপমাত্রা তিন থেকে চার ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত বৃদ্ধি পেতে পারে। দক্ষিণবঙ্গে গরম বাড়লেও উত্তরবঙ্গের জেলাগুলিতে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামী মঙ্গলবার পর্যন্ত উত্তরবঙ্গের জেলাগুলিতে মাঝারি থেকে ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। বৃষ্টির পাশাপাশি ঝোড়ো হাওয়া বইতে পারে। বৃহস্পতিবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৯.৯ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিক তাপমাত্রার থেকে ২.৭ ডিগ্রি বেশি। আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী কিছু দিন দক্ষিণবঙ্গ জুড়ে গরম এবং অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে। এমনকি, আগামী কয়েক দিনে তাপমাত্রা বেশ কিছুটা বাড়তে পারে।

## সকালের ব্যস্ত সময়ে অত্যধিক ভিড়! ক্যানিং লোকাল থেকে পড়ে গিয়ে মৃত্যু এক ব্যক্তির

ক্যানিং, ৬ জুন (হি.স.): সকালের ব্যস্ত সময়ে অত্যধিক ভিড় থাকে ট্রেনে, আর এই ভিড়ের কারণেই ঘটে গেল মর্মান্তিক ঘটনা। শিয়ালদ-দক্ষিণ শাখার ক্যানিং লোকাল থেকে পড়ে গিয়ে মৃত্যু হল এক ব্যক্তির। বৃহস্পতিবার সকাল সাড়ে ৭টা নাগাদ শিয়ালদহ-ক্যানিং লাইনের পিয়ালি স্টেশন ছাড়াতেই দুর্ঘটনা ঘটে।
যাত্রীরা জানিয়েছেন, শিয়ালদহগামী ক্যানিং লোকালে ভিড় ছিল মাত্রাতিরিক্ত। ভিতরে ঢুকতে না পারায় ট্রেনের বাইরে ঝুলছিলেন বছর ৩৪-এর ওই ব্যক্তি। পিয়ালী স্টেশন ছাড়তেই সেতুতে ওঠার মুখে পিলারে ধাক্কা খেয়ে তিনি রেললাইনে ছিটকে পড়েন। ঘটনাস্থলেই ওই ট্রেন যাত্রীর মৃত্যু হয়। পরে রেল পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে।

## গুয়াহাটিতে উদ্ধার ৬৯.৫ গ্রাম হেরোইন, গ্রেফতার তিন

গুয়াহাটি, ৬ জুন (হি.স.) : গুয়াহাটিতে মাদক বিরোধী অভিযান চালিয়ে অসম পুলিশের স্পেশাল টাস্ক ফোর্স উদ্ধার করেছে ৬৯.৫ গ্রাম হেরোইন। মাদক কারবারে জড়িত অভিযোগে তিনজনকে গ্রেফতার করেছে পুলিশ।
রাজ্য পুলিশের সদর দফতর সূত্রে জানানো হয়েছে, নির্ভরযোগ্য তথ্যের ভিত্তিতে আজ বৃহস্পতিবার সকালে পানবাজার থানা এলাকার ২ নম্বর রেলওয়ে গেট সংলগ্ন স্থানে অভিযান চালিয়েছিল স্পেশাল টাস্ক ফোর্স। অভিযানে মহানগরের ভরলুমুখ থানাধীন কুমারপাড়া নারায়ণনগরের শিবমন্দির এলাকার প্রয়াত জগদীশ মিশ্রের বছর ৩৫-এর ছেলে রবি মিশ্র, পানবাজার থানাধীন ২ নম্বর রেলওয়ে গেট এলাকার জনৈক রাকেশ মিশ্রের বছর ২১-এর ছেলে দীপক মিশ্র এবং পানবাজার থানাধীন লাখটকিয়া এলাকার জনৈক হরেন শইকিয়ার ১৯ বছরের ছেলে জিণ্টু শইকিয়ার হেফাজত থেকে ৪৯টি কৌটায় ভরতি ৬৯.৫ গ্রাম সন্দেহজনক হেরোইন উদ্ধার হয়েছে। জিণ্টু শইকিয়ার মূল বাড়ি গোলাঘাট জেলার বোকাখাত সিমেন্ট ফ্যাক্টরির কাছে।
তাদের হেফাজত থেকে হেরোইনের পাশাপাশি নগদ ৬৫০ টাকা, একটি মোবাইল ফোনের হ্যান্ডসেট বাজেয়াপ্ত করা হয়েছে। জিজ্ঞাসাবাদে প্রদত্ত স্বীকারোক্তির ভিত্তিতে তিনজনের বিরুদ্ধে এনডিপিএস-এর নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে গ্রেফতার করা হয়েছে। আরও তথ্য জানতে সংশ্লিষ্ট পুলিশ আধিকারিকরা তাদের জিজ্ঞাসাবাদ করেছেন, জানা গেছে রাজ্য পুলিশ সদর দফতর সূত্রে।

## সাফল্য এসটিএফ-এর, মুজফরনগরে এনকাউন্টারে নিহত কুখ্যাত অপরাধী নীলেশ

মুজফরনগর, ৬ জুন (হি.স.) : বড়সড় সাফল্য পেল উত্তর প্রদেশ পুলিশের স্পেশাল টাস্ক ফোর্স (এসটিএফ)। সাফল্য পেয়েছে বিহার পুলিশের এসটিএফ-ও। উত্তর প্রদেশের মুজফরনগরে উত্তর প্রদেশ এসটিএফ ও বিহার এসটিএফ-এর যৌথ অভিযানে নিকেশ হয়েছে বিহারের কুখ্যাত এক অপরাধী। নিহত অপরাধীর নাম - নীলেশ রায়। মুজফরনগরের রতনপুরী থানা এলাকায় এই এনকাউন্টার হয়।
সংঘর্ষে গুরুতর জখম হয় নীলেশ, তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসা চলাকালীন মৃত্যু হয় ওই অপরাধীর। পুলিশ জানিয়েছে, নিহত অপরাধীর মাথার দাম ছিল ২ লক্ষ টাকা। অতিরিক্ত পুলিশ মহাপরিচালক (ইউপি এসটিএফ এবং আইন শৃঙ্খলা) অমিতাভ যশ বলেছেন, নীলেশ রাই বিহারের বেগুসরাই জেলার বাসিন্দা, তার বিরুদ্ধে হত্যা, ডাকাতি এবং তোলাবাজি-সহ ১৬টি মামলা রয়েছে।

## প্রকাশিত রাজ্য জয়েন্ট এন্ট্রান্সের ফল, প্রথম বাঁকুড়া জেলা স্কুলের কিংশুক পাত্র

কলকাতা, ২৬ জুন (হি.স.) : প্রকাশিত হল রাজ্য জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফলাফল। বৃহস্পতিবার জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের তরফে প্রেস কনফারেন্সে জানানো হল ফলাফল। প্রথম হয়েছেন বাঁকুড়ার কিংশুক পাত্র। দ্বিতীয় কল্যাণীর শুভ্রদীপ পাল। তৃতীয় কৃষ্ণনগরের বিবস্বন বিশ্বাস। চতুর্থ শিলিগুড়ির ইরাদ্রি বসু খণ্ড। পঞ্চম নরেন্দ্রপুরের ময়ূখ চৌধুরী। ষষ্ঠ হুগলির ঋতম বন্দ্যোপাধ্যায়। সপ্তম আলিপুরদুয়ারের অভীক দাস। অষ্টম হয়েছেন কাঁকুড়গাছির অথর্ব সিঞ্ঝানিয়া। প্রথম ১০-এর ৪ জন উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের।
পূর্ব বিজ্ঞপ্তি অনুসারে, বৃহস্পতিবার বেলা আড়াইটায় কলকাতার সল্টলেকে জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের দপ্তরে প্রেস কনফারেন্সে ফলাফল প্রকাশ করা হয়। এদিন বিকেল ৪টার পর থেকে পরীক্ষার্থীরা জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইটে ফলাফল দেখতে পাবেন। এই বছর ২৮ এপ্রিল রবিবার ছিল পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্সের পরীক্ষা। এই বছর মোট ১ লক্ষ ৪২ হাজার ৬৯৪ জন পরীক্ষার্থী জয়েন্টে বসেছিলেন। পেপার ১ ও পেপার ২-এর দুটি পরীক্ষা আয়োজিত হয়েছিল দুটি শিফটে। প্রথম শিফট ছিল সকাল ১১টা থেকে ১টা এবং দ্বিতীয় শিফট ছিল বেলা ২টো থেকে বিকেল ৪টে পর্যন্ত।

## জলকষ্ট থেকে স্বস্তি পেতে চলেছে দিল্লি, হিমাচলকে জল ছাড়ার সুপ্রিম নির্দেশ

নয়াদিল্লি, ৬ জুন (হি.স.) : জলকষ্ট থেকে কিছুটা হলেও এবার স্বস্তি পেতে চলেছে রাজধানী দিল্লি। জলসঙ্কট থেকে মুক্তি পেতে তিন রাজ্য থেকে বাড়তি জল চেয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছিল আম আদমি পার্টির সরকার। অবশেষে বৃহস্পতিবার দিল্লি সরকারের পক্ষেই রায় দিল দেশের শীর্ষ আদালত। হিমাচল প্রদেশকে আগামীকাল থেকে প্রতিদিন দিল্লিকে ১৩৭ কিউসেক জল দেওয়ার নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। পাশাপাশি হরিয়ানার ক্যানাল এলাকা দিয়ে যাতে জল ঠিক মতো দিল্লিতে পৌঁছয় সেটি সুনিশ্চিত করতে হবে হরিয়ানা সরকারকে। এই নির্দেশও দিয়েছে শীর্ষ আদালত। মামলার পরবর্তী শুনানি আগামী ১০ জুন।

## মুম্বইয়ের চেম্বুর এলাকায় সিলিন্ডার ফেটে বিস্ফোরণ, আহত কমপক্ষে ১০ জন

মুম্বই, ৬ জুন (হি.স.) : মুম্বইয়ের চেম্বুর এলাকায় এলপিজি গ্যাস সিলিন্ডার ফেটে আহত হয়েছেন কমপক্ষে ১০ জন। গ্যাস সিলিন্ডার ফেটে ঘর-বাড়িও ক্ষতিগ্রস্ত হয়েছে। বৃহস্পতিবার সকালে চেম্বুর এলাকায় এই গ্যাস সিলিন্ডার বিস্ফোরণ হয়। চেম্বুর দমকল স্টেশনের সিনিয়র স্টেশন অফিসার কে ভি শিরকে বলেছেন, তদন্ত শুরু হয়েছে। আমরা বিস্ফোরণের বিষয়ে সকাল সাড়ে সাতটা নাগাদ খবর পাই।

## দিল্লি যাচ্ছেন শুভেন্দু, সুকান্ত-সহ বিজেপির ১২ জয়ী প্রার্থীকেও ডাক

কলকাতা, ৬ জুন (হি.স.) : কেন্দ্রীয় নেতৃত্বের ডাকে দিল্লি যাচ্ছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। রাজ্য বিজেপির সভাপতি ডঃ সুকান্ত মজুমদারও দিল্লিতে যাচ্ছেন। সেই সঙ্গে এবার পশ্চিমবঙ্গ থেকে সুকান্ত-সহ যে ১২ জন বিজেপি প্রার্থী জিতেছেন, সকলকেই দিল্লিতে তলব করা হয়েছে। রাজ্য বিজেপি সূত্রে খবর, বৃহস্পতিবার রাতের মধ্যেই ১২ জন জয়ী প্রার্থী এবং শুভেন্দুকে দিল্লি পৌঁছে যেতে বলেছেন শীর্ষ নেতৃত্ব।
একইসঙ্গে যেতে বলা হয়েছে দুই রাজ্যসভা সাংসদ অনন্ত রায় এবং শমীক ভট্টাচার্যকে। বিজেপির নেতৃত্বাধীন জোট এনডিএ সংখ্যাগরিষ্ঠতা পেয়ে সরকার গড়তে চলেছে। তবে বিজেপি একক ভাবে সংখ্যাগরিষ্ঠতা পায়নি।

# তোপ দাগলেন রাহুল

● প্রথম পাতার পর

এই সময়ে লগ্নি করেছিলেন। হাজার কোটি টাকা লগ্নি করা হয়েছিল। বিদেশি লগ্নিকারীরাও টাকা লাগান। এরপর, ৪ জুন ৩০ লক্ষ কোটি টাকার ক্ষতি হয় খুচরো লগ্নিকারীদের। এরপরই রাহুল বলেন, "এটা ভারতের স্টক মার্কেটের সবথেকে বড় কেলেঙ্কারি।" স্টক মার্কেটের এই কেলেঙ্কারি নিয়ে তিনি বেশ কিছু গুরুত্বপূর্ণ প্রশ্নও তুলেছেন —১. কেন প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী লগ্নিকারীদের স্টক মার্কেটে বিনিয়োগের পরামর্শ দিলেন? লগ্নির পরামর্শ দেওয়াটা কি তারই কাজ? ২. কেন প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী একই ব্যবসায়িক গোষ্ঠীর মালিকানাধীন একই মিডিয়া হাউসকে দেওয়া সাক্ষাৎকারে লগ্নির পরামর্শ দিলেন? ওই ব্যবসায়িক গোষ্ঠী স্টক মার্কেটে কারসাজি করার অভিযোগে সেবির তদন্তের আওতায় আছে বলেও জানান তিনি। ৩. বিজেপি, ভুয়ো এক্সিট পোলস্টার এবং সন্দেহভাজন বিদেশি লগ্নিকারীদের মধ্যে সম্পর্ক কি? রাহুল জানান, এই বিদেশি লগ্নিকারীরা, এক্সিট পোল ঘোষণার একদিন আগেই বিনিয়োগ করেছিল এবং বিশাল লাভ করেছিল। যার জন্য ক্ষতির মুখে পড়তে হয়েছে ৫ কোটি পরিবারকে, যারা স্টক মার্কেটে লগ্নি করে। ব্যয়ে একটি তাদের মধ্যে সংযোগ কী?

রাহুল গান্ধীর অভিযোগের বিষয়ে, ভারতীয় জনতা পার্টির মুখপাত্র গৌরব ভাটিয়া বলেছেন যে রাহুল গান্ধীর এই বক্তব্য থেকে বোঝা যায় যে তিনি এখনও অপরিণত এবং বিভ্রান্তি ছড়াতে মিথ্যার আশ্রয় নিচ্ছেন। গৌরব ভাটিয়া বলেন, এটা একটা অর্ধ-অসম্পূর্ণ বক্তব্য যে ৪ জুন শেয়ারবাজার কতটা পড়েছিল। রাহুল গান্ধীরও বলা উচিত ছিল গত দুদিনে শেয়ার বাজার কত দ্রুত বেড়েছে এবং বিনিয়োগকারীরা কত লক্ষ কোটি টাকা লাভ করেছে। গৌরব ভাটিয়া প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীর বিবৃতি পড়ে শোনান এবং বলেন যে এর কোথাও বিনিয়োগকারীদের শেয়ার বাজারে অর্থ বিনিয়োগের জন্য আবেদন করা হয়নি। দেশের অর্থনীতিকে শক্তিশালী করার সাথে শেয়ারবাজারের কথা উল্লেখ করা হয়। কিন্তু রাহুল গান্ধীর বক্তব্য এবং জেপিসি-র দাবির সরাসরি অর্থ হল তিনি আসন্ন লোকসভাতেও নেতিবাচক বিষয়গুলি উত্থাপন করতে চলেছেন। দেশ ও বিরোধী দলের উন্নয়নে গঠনমূলক ভূমিকা না নিয়ে তার দল গোলমাল ও হট্টগোল করতে চায়।

## প্রকাশ

● প্রথম পাতার পর

মহিলা ভোটার ২০৭৬২ জন এবং পুরুষ ভোটার ২১৬০৭ জন। কাকড়াবন ব্লকে ভোটার রয়েছেন ৪৩৪৬২ জন। মহিলা ভোটার ২১২৮২ জন এবং পুরুষ ভোটার ২২১৮০ জন। অমরপুর ব্লকে ভোটার রয়েছেন ১৪২২৮ জন। মহিলা ভোটার ৬৯৩৫ জন এবং পুরুষ ভোটার ৭২৯৩ জন।

দক্ষিণ ত্রিপুরা জেলার বকাফা ব্লকে ভোটার রয়েছেন ১৪৮৫৯ জন। মহিলা ভোটার ৭৩৩১ জন এবং পুরুষ ভোটার ৭৫২৮ জন। জোলাইবাড়ি ব্লকে ভোটার রয়েছেন ৩২৩০৬ জন। মহিলা ভোটার ১৬০১৬ জন এবং পুরুষ ভোটার ১৬২৯০ জন। বিসিনগর ব্লকে ভোটার রয়েছেন ২৮৬২৪ জন। মহিলা ভোটার ১৩৮৭৫ জন এবং পুরুষ ভোটার ১৪৭৪৯ জন। রাজনগর ব্লকে ভোটার রয়েছেন ৪১৫৯৭ জন। মহিলা ভোটার ১৯৫৯২ জন এবং পুরুষ ভোটার ২২০০৫ জন। ঋষ্যমুখ ব্লকে ভোটার রয়েছেন ৩০২৯২ জন। মহিলা ভোটার ১৪৬৪৮ জন এবং পুরুষ ভোটার ১৫৬৪৪ জন। পোয়াংবাড়ি ব্লকে ভোটার রয়েছেন ৯৮৫০ জন। মহিলা ভোটার ৪৬৭১ জন এবং পুরুষ ভোটার ৫১৭৯ জন। সাতচাঁদ ব্লকে ভোটার রয়েছেন ৩৪১৫৬ জন। মহিলা ভোটার ১৬৭৮৮ জন এবং পুরুষ ভোটার ১৭৩৬৮ জন।

## পরিবার

● প্রথম পাতার পর

প্রয়োজনীয় কাগজপত্র নিয়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করলে পরিবারের সদস্যরা থাকে আটক করে বেঁধে রাখে।


এদিকে খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছে বিশালগড় থানার পুলিশ।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ **রিলিভার্স :** ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# জয়েন্ট এন্ট্রান্সে প্রথম বাঁকুড়ার কিংশুক পাত্র

বাঁকুড়া, ৬ জুন (হি. স.):রাজ্য জয়েন্ট এন্ট্রান্সে প্রথম স্থান দখল করলো বাঁকুড়া জেলা স্কুলের ছাত্র কিংশুক পাত্র। এবছর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে প্রথম দ্বিতীয় তৃতীয় স্থানে বাকুড়ার পড়ুয়ারা না থাকার আফসোস ছিল বাঁকুড়া বাসীর।জয়েন্ট এর ফলাফলে খুশী তাই বাঁকুড়া।জয়েন্ট এন্ট্রান্সের ফল প্রকাশিত হতেই দেখা গেল বাঁকুড়া জেলা স্কুলের ছাত্র কিংশুক পাত্র প্রথম স্থান অধিকার করে জেলার মানব সম্পদ উন্নয়নের ধারাকে আরও একধাপ এগিয়ে নিয়ে গেলেন। এই খবর গনমাধ্যমে প্রকাশ হতেই জেলার শিক্ষা ও সংস্কৃতি জগতের মানুষরা উৎফুল্লতা প্রকাশ করেছেন। জেলার বিশিষ্ট প্রাবন্ধিক তথা প্রবীণ ব্যাক্তিত্ব সন্তোষ ভট্টাচার্য এবং উপন্যাসিক ত্রিলোচন ভট্টাচার্য্যরা বলেন, এবার মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিকে জেলায় হয়ত প্রথম ৩ হাতছাড়া হলেও মেধার অভাব নেই। তাই আমরা কখনোই হতাশ হইনি। জেই মেইন পরীক্ষায় সারা দেশের নিরিখে কিংশুক ৫১৫ র‍্যাঙ্ক করলেও খুশি হতে পারেননি। এবার জয়েন্টে প্রথম হয়ে খুশি হলেও তাকিয়ে আছেন জয়েন্ট অ্যাডভান্স-এর ফলাফলের দিকে। কারন কিংশুক খড়্গপুর বা কানপুর আইআইটিতে ভর্তি হয়ে কম্পিউটার সায়েন্স নিয়ে পড়তে চান। তাই আরও অপেক্ষা করতে চান কিংশুক। কিংশুকের বাবা নির্মলেন্দু পাত্র ও মা কৃষ্ণা পাত্র দুজনেই শিক্ষক। ইন্দপুরে গ্রামের বাড়ি হলেও ছেলে মেয়েদের উচ্চ শিক্ষার জন্য বাঁকুড়া সংলগ্ন জুনবেদিয়ায় বাড়ি করে থাকেন এই শিক্ষক দম্পতি। মেয়ে বাঁকুড়া মেডিক্যালে ডাক্তারি পড়ুয়া। ইচ্ছে আছে ছেলে আইআইটিতে পড়াশোনা করুক।

বাঁকুড়া জেলা স্কুল বেশ কয়েক বছর ধরে রাজ্য মেধা তালিকায় ভালোভাবে নজর কাড়তে পারছিল না। কিংশুক এই ঐতিহ্যবাহী স্কুলের হৃত গৌরব ফিরিয়ে দেওয়ায় খুশি বিদ্যালয় কর্তৃপক্ষ জানায় কিংশুক প্রথম শ্রেণি থেকে জেলা স্কুলের ছাত্র। ২০২২ সালে মাধ্যমিকে প্রথম দশে না থাকলেও ৬৬৭ পেয়ে নজর কেড়েছিলেন। উচ্চ মাধ্যমিকেও রাজ্য মেধা তালিকায় প্রথম দশ অল্পের জন্য হাতছাড়া হয়। প্রাপ্ত নম্বর ছিল ৪৭৭। উচ্চ মাধ্যমিকে তার ৩ জন গৃহশিক্ষক থাকলেও বাবা মা এবং অনলাইন কোচিং তাকে এই সাফল্য এনে দিয়েছে বলে জানান কিংশুক।

রাজ্য জয়েন্টে সপ্তম স্থান অধিকার করেছে আলিপুরদুয়ার ম্যাক উইলিয়াম হাইস্কুলের ছাত্র অভীক দাস। সদ্য প্রকাশিত উচ্চমাধ্যমিকের ফলে রাজ্যে প্রথম হয়েছিল অভীক। তারপরই এই সাফল্যে খুশি অভীক ও তাঁর পরিবার। ইতিমধ্যেই জেইই (মেইনস) ও নিটে ভালো ফল করেছে অভীক। নিটে ৭২০ নম্বরের মধ্যে ৭০৫ পেয়েছে। কিন্তু অভীকের বরাবরের ইচ্ছে অ্যাস্ট্রোফিজিক্স নিয়ে গবেষণা করার। সেইমতো আইআইএসসি বেঙ্গালুরুতে পড়ার সুযোগ পেয়েছে। আপাতত সেখানেই পড়তে চায়। অভীকের সাফল্যের খবরে তার বাড়িতে খুশির হাওয়া।এ বছরের উচ্চমাধ্যমিকেও রাজ্য সেরা হয়েছিল অভীক। আলিপুরদুয়ার ম্যাক উইলিয়াম হাইস্কুলের বিজ্ঞান শাখার ছাত্র অভীকের উচ্চমাধ্যমিকে প্রাপ্ত নম্বর ছিল ৪৯৬। যদিও সেইসময়ও অভীক জানিয়েছিল, সে কখনই ঘড়ি ধরে পড়াশোনা করিনি। যখন মন চেয়েছে পড়ত। মাধ্যমিকেও সে রাজ্যে চতুর্থ হয়েছিল বলে জানিয়েছে।

## সচিব

● প্রথম পাতার পর

দেববর্মাসহ আগরতলা গভর্নমেন্ট মেডিকাল কলেজ ও জিবিপি হাসপাতালের বিভিন্ন উচ্চপদস্থ আধিকারিকরা।

## ৮ জুন

● আটের পাতার পর

ত্রিপুরার নাট্য ও যাত্রা শিল্পের একজন প্রথম সারির শিল্প প্রতিভা- শ্রী বিশ্ববন্ধু সেনমহোদয়। তার অনুপ্রেরণায় ধর্মনগরের সব কটি নাট্যদলকে একসূত্রে গেঁথে গঠন করা হয়েছে-" একজোটে নাট্যচর্চা"নামক একটি রাষ্ট্র।এই একজোটে নাট্যচর্চা কেন্দ্রের ভাগ এখন থেকে প্রতিমাসে দ্বিতীয় শনিবার শহর ধর্মনগরে চেষ্টা নাট্য মঞ্চনা। এই জুনের ৮ তারিখ দ্বিতীয় সপ্তাহ থেকে তার প্রচারযাত্রা শুরু হতে চলেছে বিশেষ নাট্যভিনেতা তথ্যের ত্রিপুরা সম্ভাবনা সভার মাননীয় অধ্যক্ষ শ্রী বিশ্ববন্ধু সেনমোদয়ের হাত ধরে। ত্রিপুরের ইতিহাসে মাস আগে শহর আগররতলার রবীন্দ্র ভবনে এই শহরের কয়েক প্রয়াসের পর শহর ধর্ম এই প্রয়াস রাজ্যে এবং দ্বিতীয় রাজ্যের কোন মফঃস্বল মালিক এই প্রয়াস প্রথম।এই সপ্তাহে চব্বিশ তারিখের জুনের ৮ তারিখ থেকে আগামী বছর ২০২৫ মাস কোন মাসে কোন সংসা নাটক লিখতে- এর মধ্যে তার রূপরেখাও একজো পার্টি থেকে প্রচার করা হয়েছে। অন্য কোন বিলাসিতা নয়-চূড়া মনোভাব নিয়ে নাট্য শিল্পীরা এখন নিজের প্রতি যেমন প্রতি সম্পন্ন করতে চান, নাট্যমোদী দর্শকদের টিকিট উন্নতমানের নাটক দেখার সুযোগ নিতে সবাইকে একটি প্ল্যাটফর্মে এসে দাঁড়াবে- এই বিশ্বাস রাখা হয়েছে "একজোটে নাট্যধারা" সংস্থা।নাট্য সংস্থা, নাট্য ভীরু-কলাকুশলী লেখক ও লেখক লেখক থেকে নাট্যমোদী দর্শক, সকল প্রসেন নতুন ভাবনায় একজোটের এই নতুন প্রসেসকে ঐকান্তিক অপরাপয় সফল করে তোলার আহ্বানে একমত নাট্যচর্চা।এই উদ্যোগের মূল কান্ডারী হিসাবে সকলের প্রিয় মানুষ- নাট্য ব্যাক্তিত্ব শ্রদ্ধে শ্রী বিশ্ব সেন মহোদয়। একট প্রভাবে নাট্যচর্চার আহ্বায়ক ও যুগ্ম আহ্বায়ক হিসেবে শান্তি নাট্য ও নাট্যকার সুমিত চৌধুরী ও নাট্যকার রণজিৎ পুরকায়স্থ, অভিনয়, নির্দেশক ঘোষণা। তাদের সংখ্যা গণমানুষী নাট্য্য।সকলের উত্তর ও গৌরবময় উপস্থিতিতে প্রতিমাসে দ্বিতীয় সপ্তাহের নাটক মঞ্চনাটকগুলি সফলতা লাভ করুক-এটাই আমাদের খেলা পাথয়। তাই এপ্রিল-৮ই জুন সন্ধ্যা ৬ স্থানীয় অর্ধেন্দু ভট্টাচার্য স্মৃতি ভবনের অডিটোরিয়ামে সকলকে নিয়ে। ঐদিন ঘটনা-প্রথম নাটক-"চিক সুতোর বাঁধন"। সাংবাদিক আপনার উপস্থিত ছিলেন সমর চক্রবর্তী একজোটে নাট্যধারা, সুমিতনাথ চৌধুরী আহ্বায়ক।

## সড়ক অবরোধ

● প্রথম পাতার পর

সহ জল রাস্তা দিয়ে বয়ে যাওয়ার কারণে পাশের কৃষি জমি সহ পুকুরে মাটি ভরাট হয়েছে। ওই রাস্তা দিয়ে ছোট ছোট যানবাহন চলাচল করতে গিয়ে দুর্ঘটনার কবলে পড়ছে। বিগত প্রায় নয় দিনে ওই রাস্তার উপর বেশ কয়েকটি যান দুর্ঘটনা ঘটেছে বলেও জানা গিয়েছে। এতে শিশু সহ যাত্রী আহত হয়েছেন। তাই তারা বাধ্য হয়ে পথ অবরোধ আন্দোলনে সামিল হয়েছেন।এদিকে অবরোধের খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে গিয়েছে চুরাইবাড়ি থানার পুলিশ সহ একজন ডিসিএম। তারা আন্দোলনকারীদের সাথে কথা বলে এবং অতিসত্বর সমস্যা সমাধান করা হবে বলে আশ্বাস দিয়েছেন। ওই আশ্বাসের ভিত্তিতে অবরোধ প্রত্যাহার করেন এলাকাবাসী।

## ছিনতাই

● প্রথম পাতার পর

করে একটি যুবক ওনার সামনে এসেই উনার ঘাড়ে ধরে গলা থেকে সোনার চেইন জোরপূর্বক নিয়ে পালিয়ে যায়। সঙ্গে সঙ্গে ওই মহিলা চিৎকার করে বাইকের পিছে ছুটেও তার কোন পাত্তা পায়নি। বাইকটির নাম্বার প্লেট মোড়ানো ছিল বলে জানিয়েছেন ওই মহিলা। ঘটনাকে কেন্দ্র করে তিনি ইতিমধ্যেই জিবি ফাঁড়ি পুলিশে অভিযোগ জানিয়েছেন। পুলিশ ঘটনার তদন্ত করবে বলে জানিয়েছে। ঘটনায় গোটা এলাকায় জুড়ে আতঙ্ক সৃষ্টি হয়েছে। দিন দুপুরে শহরের বুকে এধরনের ঘটনায় নিরাপত্তাহীনতায় ভুগছেন স্থানীয়রা।

## আটক এক

● প্রথম পাতার পর

মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা মনুবাজার থানা একটি লিখিত অভিযোগ দাখিল করেন। মামলা হতে পেয়ে মনুবাজার থানার পুলিশ মামলা লিপিবদ্ধ করে তদন্তে নেমে গতকাল অর্থাৎ বুধবার রাতে মনুবাজার থানার ওসি বিষ্ণুপদ ভৌমিক মনু বাজার এলাকার একটি বাড়ি থেকে চুরি যাওয়া সামগ্রীগুলো উদ্ধার করেছে।

# আগামী নভেম্বরে অসমে পঞ্চায়েত নির্বাচন, ঘোষণা মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্বের

গুয়াহাটি, ৬ জুন (হি.স.) : চলতি বছরের নভেম্বরে অসমে অনুষ্ঠিত হবে পঞ্চায়েত নির্বাচন, অরুণোদয় প্রকল্প সম্পর্কে পর্যালোচনা করতে গঠিত হবে ক্যাবিনেট সাব-কমিটি, ৩০ হাজার বেকার যুবক-যুবতীকে অর্থ-সাহায্য। ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা।

লোকসভা নির্বাচনের পর আজ বৃহস্পতিবার প্রথম রাজ্য মন্ত্রিসভা বৈঠকের পর আয়োজিত সাংবাদিক সম্মেলনে তাঁর সরকারের গৃহীত সিদ্ধান্তের তথ্য দিয়ে মুখ্যমন্ত্রী বলেন, আগামী আগস্ট-সেপ্টেম্বরের মধ্যে পঞ্চায়েত নির্বাচনের প্রস্তুতি সম্পূর্ণ হয়ে যাবে। বিধানসভা এবং সংসদীয় ক্ষেত্রের ডিলিমিটেশনের পর সমস্ত ডেভেলপমেন্ট ব্লকের পুনর্গঠন প্রক্রিয়া চলছে। একটি বিধানসভা এলাকায় যাতে দুই পঞ্চায়েত না পড়ে তার কাজ চলছে। বলেন, পঞ্চায়েত এবং ডেভেলপমেন্ট ব্লকে দুটি বিধানসভা এলাকায় থাকবে না। পঞ্চায়েত নির্বাচনের আগে পঞ্চায়েত, আঞ্চলিক পঞ্চায়েত, জেলা পরিষদ সীমানা পুনর্নির্ধারণ হবে। অক্টোবরে পঞ্চায়েত নির্বাচনের বিজ্ঞপ্তি জারি হবে। নতুন ডেভেলপমেন্ট ব্লকগুলিও পুনর্নির্ধারণ হবে। আগস্টে শেষ হবে পুনর্নির্ধারণের কাজ। অক্টোবরে প্রকাশ হবে ভোটার তালিকা।এছাড়া অরুণোদোয় প্রকল্প সম্পর্কেও বলেছেন মুখ্যমন্ত্রী। বলেন, এই প্রকল্প নিয়ে পর্যালোচনা করতে একটি ক্যাবিনেট সাব-কমিটি গঠন করা হয়েছে। আরও বেশি সুবিধাভোগী যাতে অন্তর্ভুক্ত করা যায়, সে সম্পর্কে যাবতীয় খতিয়ে দেখতে মন্ত্রী অজন্তা নেওগ, ডা. রণোজ পেগু, রঞ্জিতকুমার দাস এবং বিমল বরাকে নিয়ে গঠিত এই কমিটি এক মাসের মধ্যে পর্যালোচনা রিপোর্ট দেবে।

'মুখ্যমন্ত্রী নিযুত ময়না প্রকল্প ২০২৪'-এর ওপর দৃষ্টি নিবদ্ধ করে রাজ্যের সুশাসন সংক্রান্ত এক খবর সাংবাদিক সম্মেলনে ঘোষণা করেছেন হিমন্তবিশ্ব শর্মা। তিনি জানান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উত্তীর্ণ ছাত্রছাত্রীদের জন্য যথাক্রমে ১২,৫০০ টাকা এবং ১০,০০০ টাকা প্রদানের সুবিধা নিশ্চিত করেছে তাঁর সরকার। আরও বিশদভাবে মুখ্যমন্ত্রী জানান, এর জন্য তহবিল বিতরণ কাঠামো চূড়ান্ত করতে ডা. রণোজ পেগু এবং চন্দ্রমোহন পাটোয়ারিকে নিয়ে ক্যাবিনেট সাব-কমিটি গঠন করা হয়েছে। রাজ্য মন্ত্রিসভার বৈঠকে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী এই প্রকল্পটি ১৫ আগস্ট থেকে শুরু হবে। এই উদ্যোগের লক্ষ্য, যে সমস্ত ছাত্রছাত্রী সফলভাবে হাইস্কুল লিভিং সার্টিফিকেট (মাধ্যমিক) এবং হায়ার সেকেন্ডারি (উচ্চমাধ্যমিক) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, তাদের আরও শিক্ষা অর্জনের জন্য বা তাদের কর্মজীবনের পথে বিনিয়োগ করার জন্য সম্পদ প্রদান করা।এছাড়া আগামী সেপ্টেম্বরে রাজ্যের ৩০ হাজার বেকার যুবক-যুবতীকে ১ লক্ষ টাকা করে প্রদান করা হবে বলে ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী ড় শর্মা।এছাড়া চড়াইদেও মৈদামকে বিশ্ব ঐতিহ্যের স্বীকৃতি আদায়ের জন্য যে পদক্ষেপ নিয়েছেন সে সম্পর্কে জানিয়েছেন মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা। তিনি জানান, অসম সরকার চড়াইদেও মৈদামকে বিশ্ব ঐতিহ্যের স্বীকৃতির জন্য সমর্থন আদায় করতে বিদেশ মন্ত্রকের মাধ্যমে ইউনেস্কোর সমস্ত সদস্য দেশের রাষ্ট্রদূতদের সাথে যুক্ত হওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

# করিমগঞ্জে বন্যা কবলিত এলাকা পরিদর্শন জেলা বিজেপির দুদিনের জন্য সীমান্ত জেলায় হলুদ সতর্কতা জারি

করিমগঞ্জ (অসম), ৬ জুন (হি.স.) : বন্যা পরিস্থিতির আংশিক উন্নতি হলেও জল অনেকটা বেড়েছে করিমগঞ্জের তিন নদী লঙ্গাই, কুশিয়ারা এবং সিংলার। এমতাবস্থায় করিমগঞ্জ জেলা বিজেপি সভাপতি সুব্রত ভট্টাচার্যের নেতৃত্বে প্রতিনিধি দল পরিদর্শন করেছে বন্যা প্লাবিত উত্তর করিমগঞ্জের সুপ্রাকান্দি এলাকা। অন্যদিকে আগামী ৭ ও ৮ জুন অসমের কয়েকটি জেলার সঙ্গে সীমান্ত জেলায় হলুদ সতর্কতা জারি করেছে আবহাওয়া দফতর। আবহাওয়ার উল্লেখযোগ্য অবনতির পরিপ্রেক্ষিতে সতর্ক থাকার পরামর্শ দেওয়া হয়েছে। উল্লেখ্য আবহাওয়ার হলুদ সর্তকতা খারাপ আবহাওয়াকে ইঙ্গিত করে। যার অর্থ আবহাওয়ার পরিস্থিতি পূর্বের তুলনায় আরও খারাপ হওয়ার সম্ভাবনা রয়েছে। আর ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস মতে গোটা জেলাতেই দুদিন হালকা এবং মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

অন্যদিকে ভোট পর্ব মিটতেই এবারে বন্যার্তদের পাশে দাঁড়িয়েছে জেলা বিজেপি। করিমগঞ্জ জেলা বিজেপি সভাপতি সুব্রত ভট্টাচার্যের নেতৃত্বে প্রতিনিধি দল পরিদর্শন করে বন্যা প্লাবিত উত্তর করিমগঞ্জের সুপ্রাকান্দি এলাকা। কথা বলেন, বন্যাক্রান্ত মানুষদের সাথে। প্রতিনিধি দলে ছিলেন বিশিষ্ট শিশুরোগ বিশেষজ্ঞ চিকিৎসক তথা বিজেপি ওয়ার্ড কমিশনার ডা. দেবতোষ পাল, উত্তর করিমগঞ্জ মণ্ডল সভাপতি পাপলু দেব, সাধারণ সম্পাদক নিশীথ দাস, পান্না মালাকার, স্থানীয় জিপি সভানেত্রী কল্পনা মালাকার সহ অনেকে।

জেলা সভাপতি সুব্রত ভট্টাচার্য জানান, প্রাকৃতিক দুর্যোগের সময়ের মানুষ হয়ে মানুষের পাশেই দাঁড়ানো সবার কর্তব্য। জেলায় বর্তমান বন্যার পরিস্থিতিতে ত্রাণ বন্টন, মেডিকেল টিমের মাধ্যমে চিকিৎসা প্রদান, পানীয় জলের ব্যবস্থার জন্য তিনি ইতিমধ্যে কথা বলেছেন জেলাশাসকের সঙ্গে। উল্লেখ করা প্রয়োজন যে, ইতিমধ্যে করিমগঞ্জ জেলা অবিরাম বৃষ্টিপাতের দরুন বন্যার কবলে পড়ে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। রেমালের তান্ডবে গাছের ডাল ভেঙে ফকিরাবাজারে এক স্কুল পড়ুয়া সহ বন্যার জলে ডুবে কানাইবাজার এবং এরালিগুল সহ মোট তিনজনের প্রাণহানি ঘটেছে। বৃহস্পতিবার রাত অবধি কুশিয়ারা জলস্তর ১৪.৯৩ মিটার, লঙ্গাইর ২১.৮৬ এবং সিংলা নদীর জলস্তর ১৭.১১৫ মিটার।

# উকাপা স্বশাসিত পরিষদের বিভিন্ন পদে বিশেষ এক জনগোষ্ঠীকে নিযুক্তি দেওয়ার অভিযোগ

হাফলং (অসম), ৬ জুন (হি.স.) : উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদ-এর বিভিন্ন পদে ডিমা হাসাও জেলার একটি বিশেষ জনগোষ্ঠীকে নিযুক্তি দেওয়ার গুরুতর অভিযোগ তুলেছে ইন্ডিজেনাস স্টুডেন্টসফোরাম সহ জেলার নয়টি জনজাতি ছাত্র সংগঠন।

আজ বৃহস্পতিবার ইন্ডিজেনাস স্টুডেন্টসফোরামের হাফলং সদর কার্যালয়ে এক যৌথ সাংবাদিক সম্মেলন করে এই গুরুতর অভিযোগ তুলেছেন ছাত্র সংগঠনগুলির নেতৃবৃন্দ। তাঁদের অভিযোগ, সম্প্রতি উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের বিভিন্ন পদে এই পাহাড়ি জেলার অনান্য জনজাতি জনগোষ্ঠীয় প্রার্থীদের বঞ্চিত করে এক বিশেষ জনজাতি জনগোষ্ঠীয় প্রার্থীদের বিনা বিজ্ঞাপন ও বিনা সাক্ষাৎকারে পিছনের দরজা দিয়ে নিযুক্তি দেওয়া হয়েছে।নয়টি ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ বলেন, যদি এভাবে চলতে থাকে, তা-হলে পাহাড়ি জেলায় শান্তি আসবে না। বরং ছাত্র সংগঠনগুলি আন্দোলনে নামতে বাধ্য হবে।

এদিকে সাংবাদিক সম্মেলনে ইন্ডিজেনাস স্টুডেন্টসফোরামের সভাপতি ডেভিড কেভম বলেন, উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের বিভিন্ন পদে বর্তমান বিজেপি শাসিত পরিষদের কার্যনির্বাহী সমিতি পিছনের দরজা দিয়ে জেলার একটি বিশেষ জনজাতি জনগোষ্ঠীর প্রার্থীদের নিযুক্তি দিয়েছে। এ ক্ষেত্রে কোনও ধরনের বিজ্ঞাপন বা প্রার্থীদের সাক্ষাৎকারও গ্রহণ করা হয়নি। তিনি বলেন, যাদের নিযুক্তি দেওয়া হয়েছে তাদের শিক্ষাগত যোগ্যতাও। ডেভিডের অভিযোগ, এ সব রাজনৈতিক নিযুক্তি। তাই এ নিয়ে এবার কেন্দ্র ও রাজ্য সরকারের হস্তক্ষেপ কামনা করেছেন তিনি।তাঁর কথায়, উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদে বিজেপি ক্ষমতায় আসার পর থেকে জেলার বিভিন্ন জাতি-জনগোষ্ঠীর শিক্ষিত বেকার যুবক-যুবতীদের চাকরি থেকে বঞ্চিত করা হচ্ছে।

ডেভিড কেভমের আরও অভিযোগ, উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদে কংগ্রেস শাসনে থাকার সময় পরিষদের কার্যনির্বাহী সমিতিতে জেলার সংখ্যালঘু জনজাতি জনগোষ্ঠীর নির্বাচিত জনপ্রতিনিধিদের স্থান দেওয়া হতো। কিন্তু বিজেপি পরিষদের ক্ষমতায় আসার পর জেলার সংখ্যালঘু জনজাতি জনগোষ্ঠীর নির্বাচিত জনপ্রতিনিধিদের স্থান দেওয়া হয় না। এতে সব ক্ষেত্রেই বঞ্চিত হচ্ছেন সংখ্যালঘু জনজাতি জনগোষ্ঠীর মানুষ, অভিযোগ কেভমেরতিনি বলেন, ২০১০ সালে পূর্বতন উত্তর কাছাড় পার্বত্য জেলার নাম সরকারিভাবে বদল করে ডিমা হাসাও করা হলেও উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের নাম বদল করা হয়নি। কিন্তু দেখা যাচ্ছে, পার্বত্য পরিষদের প্রধান সচিব (ট্রান্সফার) যদি কোনও সার্টিফিকেট বা চিঠি নির্দেশনা জারি করেন, এতে উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদ লেখা থাকে। কিন্তু পরিষদের প্রধান সচিব (নর্মাল) যদি কোনও সার্টিফিকেট বা চিঠি নির্দেশনা জারি করেন, এতে লেখা থাকে ডিমা হাসাও উত্তর কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদ। তার মানে কি ডিমা হাসাও জেলায় দুটি স্বশাসিত পরিষদ রয়েছে? তাছাড়া ডিমা হাসাও স্বশাসিত পরিষদ নামে যে সব সার্টিফিকেট ও নথিপত্র ইস্যু করা হয় তা কি কোনও সরকারি কাজে লাগবে?এমন প্রশ্ন উত্থাপন করে ডেভিড কেভম বলেন, পরিষদ কর্তৃপক্ষের এহেন কাজে ডিমা হাসাও জেলার সাধারণ মানুষের মধ্যে বিভ্রান্তির সৃষ্টি করছে। তাই এখনই যদি এ সব বন্ধ না হয় তা-হলে আগামী দিনে আমরা তীব্র আন্দোলন কর্মসূচি গ্রহণ করতে বাধ্য হব, বলেন ইন্ডিজেনাস স্টুডেন্টস ফোরামের সভাপতি ডেভিড কেভম।

# দুর্গাপুরে বিজেপি বিধায়কের দফতরে দুষ্কৃতি হানা, অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে


দুর্গাপুর, ৬ জুন (হি. স.):ফলাফল ঘোষনা হতেই ভোট পরবর্তী হিংসা অব্যাহত শিল্পাঞ্চল দুর্গাপুরে। বামেদের পর এবার শাসকদলের কোপে গেরুয়া শিবির। এবার খোদ বিধায়কের দফতরে দুষ্কৃতি হানার অভিযোগ উঠল তৃণমূল আশ্রিত দুস্কৃতিদের বিরুদ্ধে। ঘটনাকে কেন্দ্র করে চরম উত্তেজনা ছড়াল শিল্পশহর দুর্গাপুরে।

দুর্গাপুর পশ্চিমের বিজেপি বিধায়ক লক্ষ্মণ ঘড়ুই। দুর্গাপুর বেনাচিতি সংলগ্ন আর্টারিয়াল রোডের ওপর ডিএসপির আবাসনে রয়েছে বিধায়কের দফতর। অভিযোগ, বুধবার রাত্রে দুষ্কৃতিরা চড়াও হয়ে অফিসের কম্পিউটার, প্রিন্টার, সাথে আলমারি ভেঙ্গে বিধায়কের সই করা প্যাড নিয়ে যায়। বাইরে লাগানো বিজেপির পতাকা ফেস্টুর্ন ছিঁড়ে নর্দমায় ফেলে দেয়। শুধু তাই নয় পালিয়ে যাওয়ার সময় দফতরের বাইরে তৃণমূলের দলীয় পতাকা লাগিয়ে দিয়ে যায় বলে অভিযোগ।বৃহস্পতিবার খবর পেয়ে ঘটনাস্থলে চলে আসেন দুর্গাপুর পশ্চিমের বিজেপি বিধায়ক লক্ষণ ঘড়ুই ও বিজেপি কর্মী সমর্থকরা। ঘটনার প্রতিবাদে কার্যালয়ের বাইরে শ্লো-গান শুরু করে। একইসঙ্গে ক্ষুদিরাম মাঠের কাছে বিজেপির দলীয় দফতরের বাইরের দরজা ভাঙার অভিযোগ ওঠে দুষ্কৃতীদের। এই ক্ষেত্রেও অভিযোগের আঙুল তৃণমূল আশ্রিত দুষ্কৃতীদের দিকে। ঘটনায় বিজেপি বিধায়ক লক্ষন ঘড়ুই জানান,' নির্বাচনে হার-জিত আছে। গত ২০২১ সালে নির্বাচনের ফল ঘোষনার পর বিজেপি কার্যালয়ে তান্ডব করেছিল। তারপর এদিনের ঘটনা। কম্পিউটার, প্রিন্টার চুরি করেছে। সই করা লেটার প্যাডও চুরি করেছে। গোটা বিষয়টি পুলিশ ও প্রশাসনকে জানিয়েছি।

পুলিশ তদন্ত করে অপরাধীদের খুঁজে বের করুক। এর দায় তৃণমূলকে নিতে হবে।' তিনি আরও বলেন,' নির্বাচনের ফলাফলে দুর্গাপুরের বেশীরভাগ ওয়ার্ডেই বিজেপি এগিয়ে আছে। আগামীদিনে পুরসভার নির্বাচন হলে তৃণমূলের পরাজয় নিশ্চিত। তাই দুর্গাপুরকে আবারও আশান্ত করতে চাইছে তৃণমূল। তবে এভাবে হামলা করলে বিজেপি চুপ থাকবে না।' যদিও অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল নেতৃত্ব। তৃণমূল নেতা উত্তম মুখোপাধ্যায় বলেন, ' এসব তৃণমূলের কাজ নয়। মানুষ লোকসভা নির্বাচনে স্বৈরাচারী বিজেপিকে ছুঁড়ে ফেলে দিয়েছে। এসব তাদের গোষ্ঠীদ্বন্দ্ব।' এদিকে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

# অন্ডালে ইসিএলের আবাসনে পচাগলা মৃতদেহ উদ্ধার

দুর্গাপুর, ৬ জুন (হি. স.):ইসিএলের আবাসন থেকে উদ্ধার হল এক বৃদ্ধের পচাগলা মৃতদেহ। বৃহস্পতিবার ঘটনাটি ঘটেছে অন্ডালের বাবুইশোল কলোনি এলাকায়। মৃতের নাম অমল চ্যাটার্জী(৭৪)। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।স্থানীয় সূত্রে জানা গেছে, এদিন সকালে আবাসনের ভিতর থেকে দুর্গন্ধ পায় বাসিন্দারা। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ। দরজা খুলে দেখা যায় গলায় ফাঁস লাগানো অবস্থায় ঝুলছে অমল বাবুর মৃতদেহ। স্থানীয় বাসিন্দারা জানান, অমলবাবু আগে কয়লা খনিতে কাজ করতেন। ১৫ বছর আগে অবসর গ্রহণ করেন। আবাসনে তিনি একাই থাকতেন। অন্ডাল মোড়ে, অমল বাবুর একটি বাড়ি রয়েছে, সেই বাড়িতে স্ত্রী, ছেলে ও বৌমা থাকেন। স্বামীর মৃত্যুর খবর শুনে ছুটে আসেন অমল বাবুর স্ত্রী ভারতী দেবী। জানা গেছে, বুধবার সকালে তিনি কলোনির একটি দোকানে চা খেতে গিয়েছিলেন। তারপর তাকে আর কেউ দেখেনি। পুলিশ ময়না তদন্তের জন্য মৃতদেহটি উদ্ধার করে থানায় নিয়ে যায়। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।



# নন্দননগরকে হারিয়ে আসাম রাইফেলস পাবলিক স্কুল সেমিফাইনালে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। অপরাজিত আসাম রাইফেলস পাবলিক স্কুল। পরপর চার ম্যাচে টানা জয়। দুর্দান্ত এই ক্রমিক জয়ের সুবাদে আসাম রাইফেলস পাবলিক স্কুল ইতোমধ্যে টুর্নামেন্টের সেমিফাইনালে পৌঁছে গেছে। ১৩ জুন থেকে শুরু হবে সেমিফাইনাল পর্যায়ের খেলা। চার দলীয় সেমিফাইনাল পর্যায়ে আসাম রাইফেলস পাবলিক স্কুল প্রথম দল হিসেবে শেষ চারে খেলার ছাড়পত্র পেয়েছে। টুর্নামেন্ট সদর আন্তঃ স্কুল গার্লস টি টোয়েন্টি ক্রিকেট আসর। আয়োজক ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন। পুলিশ ট্রেনিং একাডেমী গ্রাউন্ডে বৃহস্পতিবার দুপুরের ম্যাচে আসাম রাইফেলস পাবলিক স্কুল ২৬ রানের ব্যবধানে শক্তিশালী নন্দননগর দ্বাদশ শ্রেণী স্কুল কে পরাজিত করে গুরুত্বপূর্ণ জয় পেয়েছে। আসাম রাইফেলস পাবলিক স্কুলের এই জয়ের সুবাদে নন্দননগর স্কুলের বিজয়ের গতি কিছুটা হলেও রদ হল। বৃষ্টি ও মাঠ প্রস্তুতির জন্য খেলা শুরু হতে প্রায় আধ ঘন্টারও বেশি সময় অপেক্ষা করতে হয়েছে বলে ওভার সংখ্যা কমিয়ে ১৫ করা হয়। টস জিতে আসাম রাইফেলস পাবলিক স্কুল প্রথমে ব্যাটিং এর সিদ্ধান্ত নেয়। সীমিত ১৫ ওভারে দুই উইকেট হারিয়ে ১০১ রান সংগ্রহ করে। দলের পক্ষে অন্তরা মুহুরীর ৩৪ রান এবং প্রোমিকা হালামের ২৩ রান উল্লেখযোগ্য। ক্রিস্টিনা রেমাও পেয়েছে ২১ রান। পাশাপাশি অতিরিক্ত ২৩ রানের সুবাদে দলীয় স্কোর অনেকটা সমৃদ্ধ হয়। নন্দননগর স্কুলের অন্তরা রুদ্রপাল একটি উইকেট পেয়েছে। পাল্টা ব্যাট করতে নেমে নন্দননগর স্কুলের মেয়েরা উইকেটে টিকে থাকলেও ব্যাটে-বলে তেমন রান সংগ্রহে সফল হতে পারেনি। পূর্ণিমা দেবনাথ অপরাজিত ভূমিকায় সর্বাধিক ২৭ রান সংগ্রহ করলেও অন্যদের ব্যর্থতায় শেষ রক্ষা সক্ষম হয়নি। আসাম রাইফেলস পাবলিক স্কুলের সুস্মিতা বসাক অনুষ্কা টুডু ও ক্রিস্টিনা রেমা একটি করে উইকেট পেয়েছে। ব্যাটে বলে তথা অলরাউন্ড পারফরম্যান্সের সৌজন্যে ক্রিস্টিনা পেয়েছে প্লেয়ার অব দ্যা ম্যাচের খেতাব।

# বিলোনিয়ায় মহিলা ক্রিকেট শুরু বরপাখারি ও সোনাপুর বি দল জয়ী

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। বিলোনিয়ায় শুরু হয়েছে সিনিয়র মহিলা টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্ট। প্রথম দিনে বৃহস্পতিবার দু-বেলায় দুটি ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। বিলোনিয়া ক্রিকেট অ্যাসোসিয়েশন আয়োজিত সিনিয়র মহিলা টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্টের প্রথম ম্যাচে বরপাথারি দ্বাদশ শ্রেণি স্কুল ৭৭ রানের ব্যবধানে দুর্দান্ত জয় পেয়েছে। হারিয়েছে সোনাপুর দ্বাদশ শ্রেণী স্কুল কে। টসে হারলেও প্রথমে ব্যাটিংয়ের সুযোগ পেয়ে বরপাথারি স্কুল দল নির্ধারিত ১৫ ওভারে পাঁচ উইকেট হারিয়ে ১৩০ রান সংগ্রহ করে। জবাবে সোনাপুর দ্বাদশ শ্রেণি কোন দল ব্যাট করতে নামলে সীমিত ১৫ ওভার ওভার ফুরিয়ে যায় নয় উইকেট হারিয়ে ৫৩ রান সংগ্রহ করতেই। বিজয়ী দলের পক্ষে সুমি চক্রবর্তীর ৪১ রান আর বোলিংয়ে পলি রানীর ১২ রানে ৫ উইকেট দখল বেশ উল্লেখযোগ্য। বেলা আড়াইটায় শুরু হওয়া দিনের দ্বিতীয় ম্যাচে সোনাপুর দ্বাদশ শ্রেণি স্কুল বি দল ৩৭ রানের ব্যবধানে রাধানগর দ্বাদশ শ্রেণি স্কুলকে পরাজিত করেছে। প্রথমে ব্যাটিং এর সুবিধা পেয়ে সোনাপুর স্কুল দল সীমিত ১৫ ওভারে দুই উইকেটে ৭৬ রান সংগ্রহ করলে পাল্টা ব্যাট করতে নেমে রাধানগর স্কুল দল ৩ উইকেট হারিয়ে ৩৯ রান সংগ্রহ করতেই নির্ধারিত ১৫ ওভার শেষ হয়ে যায়। বিজয়ী দলের পক্ষে প্রিয়াসি রুদ্রপাল অপরাজিত থেকে সর্বাধিক ১৮ রান পায়।

# বডি বিল্ডার্স এন্ড ফিটনেস অ্যাসোসিয়েশনের উদ্যোগে শহরে এন্টি ড্রাগ রেলি ৮ জুন

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষে দুর্দান্ত উদ্যোগ হাতে নেওয়া হয়েছে। ৮ই জুন বিকেলে, আগরতলা শহরে অনুষ্ঠিত হতে যাচ্ছে এক বিশাল রেলি। শিরোনাম এন্টি ড্রাগ রেলি। ট্যাগলাইন - নেশা ছেড়ে ফিটনেস ইন্ডাস্ট্রিতে যুক্ত হোন। ত্রিপুরা বডি বিল্ডার্স এন্ড ফিটনেস অ্যাসোসিয়েশনের প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষে এই এন্টি ড্রাগ রেলির আয়োজন করা হয়েছে। ৮ই জুন আগরতলা শহরের সিটি সেন্টারের সম্মুখ প্রান্ত থেকে শুরু হয়ে বিভিন্ন রাজপথ অতিক্রম করে রবীন্দ্রভবন প্রাঙ্গণে এসে তা শেষ হবে। রেলির ফ্ল্যাগ অফ অনুষ্ঠানে এসপি ড় কিরণ কুমার কে, আইপিএস, এসপি মানিক দাস, আইপিএস, সিনিয়র গাইনোকোলজিস্ট ডাঃ জে এল বৈদ্য প্রমূখ উপস্থিত থাকবেন। ভাতৃ-প্রতিম সমস্ত সংস্থার পাশাপাশি সকল এনজিও, সংগঠন এবং প্রতিষ্ঠানকে এই রেলিতে অংশ নিতে আহ্বান জানানো হয়েছে। এই রেলি ঘিরে ইতোমধ্যেই ব্যাপক উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হচ্ছে বলে উদ্যোক্তারা জানিয়েছেন।

# গার্লস ক্রিকেটের দুটি ম্যাচ বৃষ্টিতে পরিত্যক্ত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। বৃষ্টিতে দুটি ম্যাচই পরিত্যক্ত হয়েছে। সদর আন্তঃ স্কুল গার্লস টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্টের দুই মাঠে সকালের দুটি ম্যাচ বৃষ্টিতে পন্ড হয়েছে। পুলিশ ট্রেনিং একাডেমী গ্রাউন্ডে সকাল পৌনে নয়টায় খেলা ছিল ভবনসত্রিপুরা বিদ্যামন্দির ও প্রণবানন্দ বিদ্যামন্দিরের। একই সময়ে নরসিংগড়ের পঞ্চায়েত গ্রাউন্ডে বড়দোয়ালী স্কুল ও বিদ্যাসাগর বিদ্যালয় পরস্পরের মুখোমুখি হওয়ার কথা ছিল। সকালের বর্ষণ এর কারণে দুই মাঠের কোনও ম্যাচে ব্যাট বল নিয়ে নামা সম্ভব হয়নি। দুটি ম্যাচই পরিত্যক্ত ঘোষিত হয়েছে। চার দল পয়েন্ট ভাগাভাগি করে পেয়েছে। তবে মূল পর্বে খেলার লক্ষ্যে প্রতিটি দলের কাছেই সরাসরি জয়ী হয়ে পূর্ণ পয়েন্টের যথেষ্ট প্রয়োজন ছিল। আগামীকাল বিরতি। ৮ জুন, শনিবার পুনরায় দুই মাঠে সকাল, দুপুর মিলিয়ে তিনটি ম্যাচ অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণ্বো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভূবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com



চড়িলাম মন্ডলের সমস্ত পদাধিকারী ও কার্যকর্তাদের সাথে বিজয় শুভেচ্ছা বিনিময় করেন বিপ্লব কুমার দেব।

# কদমতলা কুর্তি মন্ডল যুব মোর্চার উদ্যোগে কৃতি ছাত্রছাত্রীদের সংবর্ধনা প্রদান

**নিজস্ব প্রতিনিধি, কদমতলা, ৬ জুন:** কদমতলা কুর্তি বিধানসভার অন্তর্গত কদমতলাস্থিত চন্দ্রকলা টাউন হলে অনুষ্ঠিত হলো কদমতলা কুর্তি মন্ডল যুব মোর্চার উদ্যোগে নব স্বপ্নের উড়ান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের যুব মোর্চার প্রদেশ সভাপতি তথা বিশালগড় বিধানসভা কেন্দ্রের বিধায়ক সুশান্ত দেব, যুব মোর্চার সম্পাদক শুভঙ্কর সাহা, উত্তর জেলা যুব মোর্চার সভাপতি জয়জিৎ শর্মা, কদমতলা কুর্তি মন্ডল সভাপতি রাজা ধর, কদমতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুব্রত দেব, উত্তর ত্রিপুরা জেলা পরিষদের সহ-সভাপতি বিশ্বজিৎ ঘোষ,কদমতলা কুর্তি বিধানসভা কেন্দ্রের বিজিত প্রার্থী তথা প্রদেশ কমিটির অন্যতম নেতৃত্ব দিলীপ তাঁতি সহ যুব মোর্চার অনান্য নেতৃত্বরা।

আজকের এই কদমতলা কুর্তি মন্ডল যুব মোর্চার উদ্যোগে আয়োজিত নব স্বপ্নের উড়ান নামক অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কদমতলা কুর্তি মন্ডল যুব মোর্চার সহ-সভাপতি জন্মজিৎ কানু। এই নব স্বপ্নের উড়ান নামক অনুষ্ঠান মূলত কদমতলা কুর্তি বিধানসভা কেন্দ্রের ১৬ টা স্কুলের যেসকল ছাত্রছাত্রীরা মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকে ভালো ফলাফল করেছে তাদেরকে সংবর্ধনা প্রদান করা হয়।

এই অনুষ্ঠানে বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রীদের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা লক্ষ্য করা যায় তা প্রত্যেকের মন জয় করে নেয়। উপস্থিত অতিথিদের বক্তব্যে স্পষ্ট হয়ে ওঠে ছাত্রছাত্রীরা শুধুমাত্র ভালো রেজাল্ট করলেই হবে না, তাদের প্রত্যেককে প্রথমে একজন প্রকৃত মানুষ হিসাবে গড়ে তুলতে হবে। এই প্রতিজ্ঞা যাদের মধ্যে রয়েছে তারাই ভবিষ্যত রাষ্ট্রের এবং রাষ্ট্রনায়কের কাজে উদযোগী হবে বলে বিশ্বাসী। কারণ ভালো ফলাফল অনেকেই করতে পারে কিন্তু ভালো মানুষ হওয়া একান্ত প্রয়োজন এবং এই ভালো মানুষরাই রাষ্ট্রের জন্য কিছু না কিছু কাজ করে চলেছে।

এদিনের নব স্বপ্নের উড়ান নামক অনুষ্ঠানে কদমতলা কুর্তি বিধানসভার অধীন ১৬ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্কুলের প্রায় ১০৭৬ জন ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা প্রদান করা হয়।

# লোকসভা নির্বাচনের পর অসমে শূন্য পাঁচটি বিধানসভা এবং দুটি রাজ্যসভা আসন

গুয়াহাটি, ৬ জুন (হি.স.) : অষ্টাদশ লোকসভা নির্বাচন শেষ হওয়ার সঙ্গে সঙ্গে অসমের পাঁচটি বিধানসভা এবং দুটি রাজ্যসভা আসন শূন্য হয়ে গেছে। ওইসব আসনে উপনির্বাচনকে কেন্দ্র করে এখন থেকেই আলোচনা শুরু করেছে রাজনৈতিক দলগুলো। শূন্য আসনগুলিতে খুব শিগগিরই নির্বাচন অনুষ্ঠিত হবে বলে বিভিন্ন সূত্রের খবরে প্রকাশ।সদ্যসমাপ্ত লোকসভা নির্বাচনে অসম থেকে নির্বাচিত ১৪ জন সাংসদের মধ্যে পাঁচজনই অসম বিধানসভার সদস্য। তাঁদের একজন রাজ্য মন্ত্রিসভার ক্যাবিনেট মন্ত্রী পরিমল শুক্লবৈদ্য।

সাংসদ হিসেবে নির্বাচিত পাঁচ বিধায়কের মধ্যে রয়েছেন ধলাইয়ের পাঁচবারের বিধায়ক তথা রাজ্যের পরিবহণ, মৎস্য ও আবগারি দফতরের মন্ত্রী পরিমল শুক্লবৈদ্য (বিজেপি), বিহালির বিধায়ক রঞ্জিত দত্ত (বিজেপি), সামাগুড়ির পাঁচবারের বিধায়ক রকিবুল হুসেইন (কংগ্রেস), কোকরাঝাড়ের বিধায়ক জয়ন্ত বসুমাতারি (ইউপিপিএল) এবং বঙাইগাঁওয়ের আটবারের বিধায়ক ফণীভূষণ চৌধুরী (অগপ)।পরিমল শুক্লবৈদ্য শিলচর লোকসভা কেন্দ্র থেকে, রঞ্জিত দত্ত শোণিতপুর লোকসভা কেন্দ্র থেকে, রাকিবুল হুসেইন ধুবড়ি লোকসভা কেন্দ্র থেকে, জয়ন্ত বসমাতারি কোকরাঝাড় লোকসভা কেন্দ্র থেকে এবং ফণীভূষণ চৌধুরী বরপেটা লোকসভা কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছেন।

এদিকে লোকসভা নির্বাচনে রাজ্যসভার সাংসদ সর্বানন্দ সনোয়াল এবং কামাখ্যা প্রসাদ তাসাও সদ্যসমাপ্ত লোকসভা নির্বাচনে সাংসদ হিসেবে নির্বাচিত হয়েছেন।তাই অসমে দুটি রাজ্যসভার আসন শূন্য হয়ে গেছে। সনোয়াল ডিব্রুগড় লোকসভা আসনে এবং কামাখ্যা প্রসাদ তাসা নবগঠিত কাজিরঙা লোকসভা আসন থেকে নির্বাচিত হয়েছেন।

এই পরিস্থিতিতে অসম বিধানসভার পাঁচটি আসনে উপনির্বাচন এবং রাজ্যসভার দুটি আসনে নির্বাচন অনিবার্য হয়ে পড়েছে। স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠেছে, ওই সব আসনে কে কাকে প্রজেক্ট করেন? সে সম্পর্কে আলোচনা শুরু হয়েছে। বিশেষ করে, বঙাইগাঁও এবং সামাগুড়ি বিধানসভা কেন্দ্রের দিকে সব দলের নজর।বঙাইগাঁও বিধানসভা আসনে টানা আটবার অসম বিধানসভায় নির্বাচিত হয়ে ইতিহাস রচনা করেছেন আঞ্চলিক দল অসম গণ পরিষদ (অগপ)-এর ফণীভূষণ চৌধুরী। একইভাবে সামাগুড়ি বিধানসভা আসনও কংগ্রেসের রকিবুল হুসেইনের শক্ত ঘাঁটি। এই দুটি আসন এখন কার হাতে যায় সেটাই দেখার।এদিকে বিহালি বিধানসভা কেন্দ্রে কংগ্রেস এবং বিজেপি কাকে প্রার্থী করে তা নিয়ে এখন থেকেই শুরু হয়েছে জল্পনা। নির্বাচনী এলাকা পুনর্গঠনের পর ওই আসন তফশিলি জাতির জন্য সংরক্ষিত হয়েছে। তেজপুরের বিদায়ী সাংসদ পল্লবলোচন দাস এবার নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেননি। তাঁকে বিহালিতে বিজেপি প্রার্থী করতে পারে বলে দলীয় সূত্রের দাবি।

## অবৈধভাবে সীমান্ত পারাপারের সময় আটক এক

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ৬ জুন:** উত্তর ত্রিপুরা জেলার আন্তর্জাতিক সীমান্ত পথে অবৈধভাবে সীমান্ত পারাপার অব্যাহত রয়েছে। তাতে আভ্যন্তরের নিরাপত্তা বিঘ্নিত হওয়ার যথেষ্ট আশঙ্কা রয়েছে। সীমান্ত পারাপারের সময় ১৩৯ নং বিএসএফের ব্যাটেলিয়ানের হাতে বড়ুয়াকান্দিতে গ্রেপ্তার করা হয়েছে এক বাংলাদেশীকে।ঘটনার বিবরণে জানা যায়, বাংলাদেশের সিলেট থেকে ২০১৮ সালে টুরিস্ট ভিসায় দুবাই হয়ে ফ্রান্সে গিয়েছিল আজিমউদ্দিন। সে গতকাল ধর্মনগরে এসে ভারত থেকে বাংলাদেশে সীমান্ত পারাপারে যায় দালাল ইসলাম উদ্দিনকে ১৫০০ টাকা দিয়ে। কিন্তু আজিম উদ্দিন বড়ুয়াগান্দি দিয়ে সীমান্ত পারাপারের সময় বিএসএফের হাতে গ্রেপ্তার হয়ে যায় এবং তাকে বিএসএফের পক্ষ থেকে ধর্মনগর থানায় হস্তান্তর করা হয়েছে।বৃহস্পতিবার বিএসএফের পক্ষ থেকে ধর্মনগর থানায় আজিম উদ্দিনকে তুলে দেওয়া হয়। তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিয়ে তদন্ত শুরু করেছে ধর্মনগর থানার পুলিশ। পুলিশ এ ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে বলে জানিয়েছে।

## অবৈধভাবে সম্পত্তি দখল আদালতের দ্বারস্থ দম্পতি

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ৬ জুন:** অবৈধভাবে সম্পত্তি দখল ও জোর জবরদস্তি বাড়ি থেকে উচ্ছেদের ঘটনায় তিনজনের বিরুদ্ধে অভিযোগ তুলুছেন এক দম্পতি। র্পবতীতে সুষ্ঠু বিচার পেতে বিলোনিয়া আদালতে দ্বারস্থ হয়েছেন।ঘটনার বিবরণে জানা গিয়েছে, শান্তির বাজার মহকুমাধীন বাইখোরা সুভাষ কলোনি এলাকার বাসিন্দা শ্যামল সরকার চল্লিশ বছর ধরে বাড়ি ঘর নির্মাণ করে বসবাস করে আসছেন।শান্তিরবাজারের বাসিন্দা প্রদীপ মজুমদার, রাজু মজুমদার ও কৌশিক চৌধুরী তাঁদের জায়গা নিজের নামে করে ফলে অভিযোগ। ওই ঘটনার প্রতিবাদে শ্যামল সরকার আদালতের নিকট দারস্থ হয়েছেন। সুষ্ঠু বিচারের জন্য ২০২২ সালের ২০ সেপ্টেম্বর আদালতে মামলা দায়ের করেছে। পাশাপাশি অবৈধভাবে সম্পত্তি দখল মুক্ত করে তাদের সম্পত্তির ফিরিয়ে দেওয়ারও আর্জি জানিয়েছেন।কিন্তু সেই মামলা বিচারাধীন থাকাকালীন বুলডোজার চালিয়ে মাটি কেটে নেওয়ার চেষ্টা করেছেন প্রদীপ মজুমদার, রাজু মজুমদার ও কৌশিক চৌধুরী বলেও অভিযোগ। তাঁদের বাঁধা দিলে প্রাননাশের হুমকি দিয়েছেন। শুধু তাই নয় রাতের আঁধারে বসত ঘরে আগুন দিয়ে পুড়িয়ে মারার চেষ্টাও করেছে।

## বড়দোয়ালী মন্ডলের উদ্যোগে নবনির্বাচিত বিধায়ককে সংবর্ধনা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ জুন:** আজ ৮ টাউন বড়দোয়ালী মন্ডলের উদ্যোগে নব নির্বাচিত বিধায়ক দীপক মজুমদারকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়েছে।এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে দীপক মজুমদার বলেন, জনগণের আর্শীবাদে জয়ী হয়ে প্রথমবার বিধানসভায় যেতে পারব। রামনগরের বিধায়ক করার জন্য জনগণকে ধন্যবাদ জানিয়েছেন তিনি। পাশাপাশি নরেন্দ্র মোদী এবং ত্রিপুরার মুখ্যমন্ত্রী অধ্যাপক (ডা.) মানিক সাহাকে ধন্যবাদ জানিয়েছেন।



৮ টাউন বড়দোয়ালী মন্ডলের উদ্যোগে নব নির্বাচিত বিধায়ক দীপক মজুমদারকে সংবর্ধনা। ছবি নিজস্ব।

## জুয়ার সামগ্রী সহ আটক পাঁচ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ জুন:** গোপন সংবাদের ভিত্তিতে পরিত্যক্ত ঘরে জুয়ার আসরে পুলিশের থাবা। অভিযানে জুয়ার সামগ্রী সহ আটক হয়েছে পাঁচজন ব্যক্তি। লেফুঙ্গা থানার ওসি সহদেব দাস জানিয়েছেন, গতকাল রাতে গোপন সংবাদের ভিত্তিতে খবর আসে লেফুঙ্গা থানার অন্তর্গত হেচুরিয়া এলাকার একটি পরিত্যক্ত ঘরে জুয়া খেলা হচ্ছে। সেই খবরের ভিত্তিতে ওই এলাকায় অভিযান চালিয়েছে পুলিশ। অভিযানে তাস,নগদ টাকা সহ পাঁচজন জুয়ারিকে আটক করা হয়েছে। তাঁদের বিরুদ্ধে সুনির্দিষ্ট মামলা দায়ের করা হয়েছে।

## উদ্ধার বিপুল পরিমান নকল মদ , গ্রেফতার ২

শিলিগুড়ি, ৬ জুন (হি.স.) : শিলিগুড়িতে উদ্ধার বিপুল পরিমান নকল মদ ও মদ তৈরির সরঞ্জাম। গ্রেফতার ২। ঘটনায় চাঞ্চল্য ছড়াল এলাকায়। গোপন সূত্রে খবরের ভিত্তিতে আবগারি দফতর অভিযান চালিয়ে বুধবার শিলিগুড়ির ৪৬ নম্বর ওয়ার্ডের নর্মদা বাগান এলাকায় থেকে উদ্ধার করে বিপুল পরিমাণ নকল মদ ও মদ তৈরির সরঞ্জাম। পাশাপাশি উদ্ধার হয় ১২ লক্ষ ৩৫ হাজার টাকার মদ ও পাচারে ব্যবহৃত একটি চারচাকা গাড়ি ও স্কুটি। ঘটনায় জড়িত থাকার অপরাধে কৃষ্ণ প্রসাদ ও বরুন কুমার নামে ২ ব্যক্তিকে গ্রেফতার করা হয়। এদের মধ্যে বরুন কুমারের বাড়ি বিহারে এবং অন্যজন শিলিগুড়ির বাসিন্দা। বৃহস্পতিবার ধৃতদের শিলিগুড়ি মহকুমা আদালতে পেশ করা হয়।

## *৮ লক্ষ কোটি টাকার বাজেট পেশ বাংলাদেশে*

ঢাকা, ৬ জুন (হি. স.) : আগামী ২০২৪-২৫ অর্থবছরের জন্য ৭ লক্ষ ৯৭ হাজার কোটি টাকার বাজেট ঘোষণা করে বাংলাদেশে। বাংলাদেশের বাজেটের ইতিহাসে এটি গত এক দশকের মধ্যে সবচেয়ে ছোট বাজেট।অন্য বছরগুলোর মতো পাল্লা দিয়ে এবার বাজেটের আকার বাড়ছে না। এবার আয়কর বাড়ানো হয়েছে ৫ শতাংশের কম।

বৃহস্পতিবার (৬ জুন) বাংলাদেশের অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী জাতীয় সংসদে আগামী অর্থবছরের জন্য প্রস্তাবিত বাজেট উপস্থাপন করেন। বিকেল ৩টে নাগাদ জাতীয় সংসদের স্পিকার শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য প্রস্তাবিত জাতীয় বাজেট সংসদে পেশ করেন অর্থমন্ত্রী।

# খোয়াইতে বিজেপির বিজয় মিছিল অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ৬ জুন:** ২- পূর্ব ত্রিপুরা লোকসভা আসনে বিজেপি দলের প্রার্থী বিপুল ভোটে জয়যুক্ত হওয়ায় বৃহস্পতিবার বিকালে খোয়াইতে বিজয় মিছিল করলো বিজেপি। খোয়াই মণ্ডলের উদ্যোগে বিকাল পাঁচটায় এই বিজয় মিছিল শুরু হয় খোয়াইয়ের মন্ডল ভবনের সামনে থেকে। ঢাক ঢোল সহযোগে মিছিলটি সেখান থেকে বিভিন্ন সড়ক পরিক্রমা করে পুনরায় মন্ডল কার্যালয়ের সামনে এসে এক পথসভায় মিলিত হয়।

এই মিছিলে পা মেলান বিজেপি দলের খোয়াই জেলা সাধারণ সম্পাদক সমীর কুমার দাস, খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশিষ নাথ শর্মা, মণ্ডল সভাপতি সুব্রত মজুমদার সহ বিজেপি দলের কার্যকর্তারা।

পথ সভায় বক্তব্য রাখতে গিয়ে নেতৃত্বরা বলেন, লোকসভা নির্বাচনের ফলাফলে খোয়াই বিধানসভা কেন্দ্র থেকে ২৯ হাজার ২৮৪ ভোটে বিজেপি প্রার্থীকে জয়ী করেছেন। এর কৃতিত্ব শুধু নেতৃত্বের নয় এই কৃতিত্ব খোয়াইবাসীর। যারা দুহাত ভরে, প্রাণ খুলে মনের সমস্ত জ্বালা মিটিয়ে সিপিএম এবং কংগ্রেস জোটকে ছুঁড়ে ফেলে বুঝিয়ে দিয়েছেন এই রাজ্যে কংগ্রেস এবং সিপিএমের কোনও স্থান নেই। প্রার্থী ঘোষণা হওয়ার পর অনেকে অনেক কথা বলেছে। সামাজিক মাধ্যমে অনেক লেখালেখি হয়েছে এই নিয়ে। কিন্তু কৃতি সিং দেববর্মণ কয়েক লক্ষ ভোটে জয়ী হয়েছেন। তিনি চার লক্ষ সাতাশি হাজার ভোটে পূর্ব ত্রিপুরা লোকসভা আসন থেকে জয়ী হয়েছেন। তারা বলেন, বিজেপি প্রার্থী বিপুল ভোটে জয়ী হওয়ার পেছনে এক নম্বরে জনগণের সমর্থন এবং প্রধানমন্ত্রী মোদির প্রতি দেশবাসীর আস্থা। নরেন্দ্র মোদি ভারতবর্ষকে এগিয়ে নিয়ে যাবেন। সেই সঙ্গে খোয়াইতে বিজেপি দল কাজ করে যাবে। মানুষের উপর কোনও রকম জুলুমবাজি, চাঁদাবাজি নেই। ব্যবসায়ী হোক, কর্মচারী হোক কারোর উপরে যাতে চাঁদাবাজি, জুলুমবাজি, কোনও রকম আক্রমণ, হুজ্জতি না হয় সেদিকে নজর রয়েছে দলের।

তারা বলেন, নির্বাচনের ফলাফল ঘোষণার পর বিজেপি দলের কর্মী সমর্থকরা শান্তিপূর্ণভাবে সকলে বাড়ি চলে গেছেন। কিন্তু রাজ্যে সিপিএম জয়ী হলে গতকাল থেকে আজ পর্যন্ত বোমাবাজিতে কেউ শান্তিতে থাকতে পারতো না। সেই সঙ্গে ক্যাডার লাগিয়ে চাঁদাবাজি, জুলুমবাজি, হুজ্জতি, মিটিং মিছিলের নামে মানুষের জীবনটাকে জেরবার করে দিতো বলে অভিযোগ করেন তারা। বিজেপি দল জয়ী হয়ে আনন্দ উৎসব করছে। সকলে এখানে স্বাধীনভাবে আনন্দ করছে। সকলে সুখ, শান্তি, সমৃদ্ধিতে থাকবে এটাই নৈতিক কর্তব্য এবং বিজেপির সবকা সাথ সবকা বিকাশের দৃষ্টিভঙ্গী।সভা শেষে সবাইকে ধন্যবাদ জানিয়ে বিজয় মিছিল কর্মসূচির সমাপ্তি ঘোষণা করেন মন্ডল সভাপতি সুব্রত মজুমদার।

# সপ্তম হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার ইন্টারন্যাশনাল লিভার সম্মেলন আগামী ৭ জুন শুরু




**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ জুন:** সপ্তম হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার লিভার কন ও ৫ম পদ্মা গঙ্গা গোমতি ইন্টারন্যাশনাল লিভার সম্মেলন একই সাথে অনুষ্ঠিত হতে যাচ্ছে আগামী ৭ থেকে ৯ জুন। এই ৩ দিন আগরতলা হাঁপানিস্থিত ইন্টারন্যাশনাল কনফারেন্স হলে অনুষ্ঠিত হবে এই সম্মেলন। যার শুভ সূচনা হবে ৭ই জুন মন্ত্রী সুশান্ত চৌধুরীর হাত ধরে।

এছাড়াও স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গীত্তে সহ অন্যান্যরা উপস্থিত থাকবেন। ভারতবর্ষের বিভিন্ন জায়গা থেকে এই কনফারেন্সে ডাক্তাররা যোগদান করবেন বলে জানা গেছে। পাশাপাশি পার্শবর্তী দেশ নেপাল ও বাংলাদেশ থেকেও ডাক্তাররা আসবেন এই ইন্টারন্যাশনাল সম্মেলনে।

# একজোটে নাট্যচর্চার নাটক প্রদর্শন শুরু আগামী ৮ জুন

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, জুন :** ৮ জুন থেকে শুরু হচ্ছে দ্বিতীয় শনিবার একজোটে নাট্যচর্চার উদ্যোগে নাটক প্রদর্শন।নাটক সমাজের দপণ- এই শব্দটি আজকাল বড়ই সেকেলে মনে হতে পারে- এই ইন্টারনেটের এবং উন্নয়ন গড়ার তাগিদে সদা আবিষ্ট বর্তমান তরতাজা যৌবন বা নব প্রজন্মের কাছে। কিন্তু যারা রাজনীতির সমস্যাকে সামনের সামনে তুলে ধরতে পারে সেই সমাজ গড়ার লক্ষে এখনও নাটককে ভালোবাসেন, নাট্যচর্চাকে একটা দায়বদ্ধতা দিতে চান- মীমাংসা করতে হবে, এখনও গানের বর্ণনার মত থাকার জন্য।

সুষ্ঠু সমাজ গড়তে হলে নাটকের ভিডিওকে দেখার কোন উপায় নেই। এক সময় নাটককে একটি বাড়তি বিলাসিতা ও বিনোদনের একটি বড় মাধ্যম হিসাবে প্রতিসম্পন্ন করার জন্য অনেক নাট্য সংসা ও নাট্য শিল্পীরা নিজেদেরকে সম্পৃক্ত করতে পারে।

টিভি সংস্কৃতির চিত্রনোর পরে শক্তিশালীভাবে হাতের লুতে এবং স্থানীয় ব্যবস্থার মুঠো রাজনৈতিক ক্ষমতার পরে নব প্রজন্মের কাছে এখন আর মঞ্চে গিয়ে নাটকটি তাগিদ থাকছে কি? অনেক মনে এ প্রশ্ন ওঠা অস্বাভাবিক নয়।

আজ যে মঞ্চের দিকে নতুন প্রজন্মের নিজেরটা আছে আমরা কম দেখছি- যে প্রধান কয়টি কারণ, তার মধ্যে নতুন প্রজন্মের তৈরি ঘাঁটার তাগিদ, আমার মুখ থেকে কেড়ে শক্তি মাতৃভাষা হয়েছে। এরা জানেন-লোকসংস্কৃতি কি, ভ্রমণ শিল্প কি, নাট্য শিল্পের অংশ কি? সমস্ত জিনিষ তাগিদে আর্থ-মাজিক অবসানও কিন্তু নাট্যচর্চার একটি মূল পরিপ্রেক্ষিতে। ত্রিপুরার নাট্য আন্দোলন বা নাট্যধারার ইতিহাসে শহর ধর্মনগরের একটি বৈশিষ্ট্য ও একটি উজ্জ্বল ভূমিকা রয়েছে। শহর ধর্মনগর ত্রিশের পার্টি থেকে নাট মন্ডল শুরু নাট্য চর্চা থেকে আজ ২০২৪ এ তিনটি অংশে স্থানীয়ভাবে নাট্যবসহায় এসেও সমান্তরালঞ্চ মণ্ডল ধর্মনগরী কিন্তু এই নাট্যনাট্যের দল নিরবধি। পথের মধ্যে তার খামতি ভাষা সংস্কৃতির এই শ্রেষ্ঠ শিল্পক্ষেত্রটি কিন্তু কোন পথে নেই।

তবে, এখন আর নাটক নিয়ে বিলাসিপ্রসারণ চাই না শহর ধর্ম ও তার আশপাশের নাট্য দল ও নাট্য সংহায়গুলো। এখন এই শিল্পকে স্বাচ্ছন্দ্যমতো গঠন করতে একটি উদ্যোগ নিতে একটি উদ্যোগ নিতে হবে। আর এই উদ্যোগের প্রথম যার পক্ষ ও অনুপ্রেরণা সম্পাদিত হচ্ছে-তিনি ☛ ৬ এর পাতায় দেখুন

# ৬ জুন কালো দিবস পালন করলো আমরা বাঙালী দল

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৬ জুন:** আজ শিবনগরস্থিত আমরা বাঙালী রাজ্য কার্যালয়ে ১৯৮০ সালের ৬ জুনের দাঙ্গার দিনটিকে প্রতি বছরের ন্যায় এবারো কালো দিবস হিসেবে পালন করা হয়। প্রতি বছর ন্যায় এবারেও এই দিনটিতে দাঙ্গায় নিহত স্বজন হারানোদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

শহীদ বেদীতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন রাজ্য সচিব গৌরাঙ্গ রুদ্র পাল, প্রচার সচিব দুলাল ঘোষ,অশোক দাস ও অন্যান্য নেতৃত্ব।

রাজ্য সচিব গৌরাঙ্গ রুদ্র পাল বলেন ১৯৮০ সালের ৬ই জুন টিএনভি নামক ঘাতক বাহিনী নিরীহ বাঙালীদের উপর বর্বরোচিত আক্রমণ এনে লাখ লাখ বাঙালীকে হত্যা করে। ১৯৮০ সালের ৬ জুনের দাঙ্গা রাজ্যের জাতি জনজাতির মধ্যে সৌভ্রাতৃত্বের বন্ধনকে চিরদিনের মতো ফাটল ধরিয়ে দেয়। এটি গণহত্যা বাঙালী নিধন দিয়ে শুরু হলেও পরবর্তীকালে বাঙালীরাও বাঁচার জন্য প্রতিরোধ গড়ে তোলেন।

যার ফলে ত্রিপুরা রাজ্যে এক ভ্রাতৃঘাতী দাঙ্গায় হাজার হাজার মানুষের মৃত্যু হয়। কিন্তু দাঙ্গার পরবর্তী সময়ে আমরা বাঙালী দল এই দাঙ্গার মূল ষড়যন্ত্রীকারীদের চিহ্নিত করার জন্য বিচার বিভাগীয় তদন্তের দাবি করে আসছে। কিন্তু তার কোনো সুরাহা হয়নি।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।